| Permanent Address | : | Vill- Batnatoli, P.O+Upozila- Manikchhari, Dist- Khagrachari |
| Birthday | : | 16 May |
| Blood Group | : | B+ |
| Hobby | : | Watching Movie & Playing Games |
| Favorite Personality | : | Father |
| Favorite Quotation | : | Be Happy |
| Feelings about C-61st FTC | : | A moment of knowing many things. |
| Contact No | : | 01818930910 |
| E-mail | : | chaisagor930@gmail.com |
| Facebook ID | : | Chai Chowdhury |



**Chai**
C-228
BCS (Administration)
33rd Batch

## Dipangkar Tangchangya



**Dipangkar**
C-229
BCS (Administration)
33rd Batch

| | | |
|---|---|---|
| Name (English) | : | **Dipangkar Tangchangya** |
| Name (Bangla) | : | দীপংকর তঞ্চঙ্গ্যা |
| Designation | : | Assistant Commissioner |
| Workplace | : | Office Of The Deputy Commissioner, Sunamganj |
| Home District | : | Bandarban |
| Academic Qualification | : | BSS(Hons), MSS in Public Administration |
| Father's Name | : | Binoy Mohan Tangchangya |
| Mother's Name | : | Tou Puri Tangchangya |
| Spouse's Name | : | Ripona Tangchangya |
| Permanent Address | : | Antaha Para, Rowangchori, Bandarban. |
| Birthday | : | 20 February |
| Blood Group | : | AB+(ve) |
| Hobby | : | Reading Books & Listening Music |
| Favourite Personality | : | Shree Ishwarchandra Vidyasagar & My Primary School Teacher Mr. Shishir Ranjan Tanchangya |
| Favourite Quotation | : | "Men Can Be Destroyed But Not Be Defeated" – Ernest Hemingway |
| Feelings about C-61st FTC | : | The Learnings & Memories Of C-61st FTC Will Last Lifelong And Guide The Whole Career. |
| Contact No | : | 01811-150340 |
| E-mail | : | dipangkar2014@gmail.com |
| Facebook ID | : | Dipangkar Tanchangya |

## Dr. Sujan Kanti Sharma

| | | |
|---|---|---|
| Name (English) | : | **Dr. Sujan Kanti Sharma** |
| Name (Bangla) | : | ডাঃ সুজন কান্তি শর্মা |
| Designation | : | Veterinary Surgeon |
| Workplace | : | Upazila Livestock Office, Chatkhil, Noakhali |
| Home District | : | Chittagong |
| Academic Qualification | : | Doctor of Veterinary Medicine (DVM) |
| Father's Name | : | Sanjit Kumar Sharma |
| Mother's Name | : | Chabi Rani Sharma |
| Spouse's Name | : | Borna Mozumdar |
| Permanent Address | : | Vill: Shikerpur, P.O: Chaitanyerhat, Mirsarai, Chittagong. |
| Birthday | : | 05 August |
| Blood Group | : | AB+ |
| Hobby | : | Listening Song, Playing Table Tennis, |
| Favorite Personality | : | Mother |
| Favorite Quotation | : | " Don't be the cause of harm for others If unable to do good for them" |
| Feelings about C-61st FTC | : | Discover myself in new way. |
| Contact No | : | 01842327833, 01783897841 |
| E-mail | : | s.sharma_vet@yahoo.com |
| Facebook ID | : | Sujan Kanti Sharma |



**Sujan**
C-230
BCS (Livestock)
33rd Batch

## Subhasis Barua



**Suvo**
C-231
BCS (Information)
31st Batch

| | | |
|---|---|---|
| Name (English) | : | **Subhasis Barua** |
| Name (Bangla) | : | শুভাশীষ বড়ুয়া |
| Designation | : | Assistant Director |
| Workplace | : | Bangladesh Betar, Chittagong |
| Home District | : | Chittagong |
| Academic Qualification | : | B.Sc (Hons), MS in Forestry |
| Father's Name | : | Debapriya Barua |
| Mother's Name | : | Jharna Barua |
| Spouse's Name | : | Urmila Barua |
| Permanent Address | : | Village: Dharmapur, P.O: Dharmapur, Upazilla: Fatickchari, Chittagong |
| Birthday | : | 15 July |
| Blood Group | : | B+ |
| Hobby | : | Traveling, Sports and movie. |
| Favorite Personality | : | My parents |
| Favorite Quotation | : | Everything changes nothing remain. |
| Feelings about C-61st FTC | : | Awesome… |
| Contact No | : | 01820128825 |
| E-mail | : | subhasisbarua7@gmail.com |
| Facebook ID | : | http://www.facebook.com/subhasis.baruaa |

## Dr. Md. Mizanur Rahman

| | | |
|---|---|---|
| Name (English) | : | **Dr. Md. Mizanur Rahman** |
| Name (Bangla) | : | ডাঃ মোঃ মিজানুর রহমান |
| Designation | : | Veterinary Surgeon |
| Workplace | : | Upazila Livestock Office, Lohagara, Narail |
| Home District | : | Kushtia |
| Academic Qualification | : | DVM, MS (Medicine) |
| Father's Name | : | Md. Abdur Rashid |
| Mother's Name | : | Monowara Begum |
| Spouse's Name | : | Halima Khatun |
| Permanent Address | : | Vill: Khajanagar, Post: Jagoti PS: Sadar Dist: Kushtia |
| Birthday | : | 01 May |
| Blood Group | : | B+ |
| Hobby | : | Roaming in Nature |
| Favorite Personality | : | Mahatma Gandhi |
| Favorite Quotation | : | The unexamined life is not worth living |
| Feelings about C-61st FTC | : | Excellent training program |
| Contact No | : | 01717-861344 |
| E-mail | : | mrahmanvs@gmail.com |
| Facebook ID | : | www.facebook.com/mizan.dls |



**Mizan**
C-232
BCS (Livestock)
33rd Batch

## Dr. Mohammad Samiul Basir



**Samiul**
C-233
BCS (Livestock)
33rd Batch

| | | |
|---|---|---|
| Name (English) | : | **Dr. Mohammad Samiul Basir** |
| Name (Bangla) | : | ডাঃ মোহাম্মদ সামিউল বাছির |
| Designation | : | Veterinary Surgeon |
| Workplace | : | Upazila Livestock Office, Chandina, Comilla. |
| Home District | : | Mymensingh |
| Academic Qualification | : | DVM (BAU), MS (BAU) |
| Father's Name | : | Mohammad Abdul Motaleb |
| Mother's Name | : | Sultana Rajia |
| Spouse's Name | : | N/A |
| Permanent Address | : | Vill+P.O : pagla, Upazila : Gafargaon. Dist : Mymensingh |
| Birthday | : | 21 january |
| Blood Group | : | O +ive |
| Hobby | : | Sports |
| Favorite Personality | : | My Father |
| Favorite Quotation | : | The great man has the great responsibility. |
| Feelings about C-61st FTC | : | Incredible intimacy among us. |
| Contact No | : | 01722180308 |
| E-mail | : | samiulhitlo@yahoo.com |
| Facebook ID | : | Mohammad Samiul Basir |

## Rowson Ara Rob

| | | |
|---|---|---|
| Name (English) | : | **Rowson Ara Rob** |
| Name (Bangla) | : | রৌশন আরা রব |
| Designation | : | Assistant Superintendent of Police |
| Workplace | : | CID, Chittagong Divisional Office |
| Home District | : | Chittagong |
| Academic Qualification | : | MS (Mathematics), DU |
| Father's Name | : | Md. Abdur Rob |
| Mother's Name | : | Zohora Khanam |
| Spouse's Name | : | Kazi Ali Hossain |
| Permanent Address | : | Harishpur, Ward No-2, Sandwip Pourasava, Chittagong |
| Birthday | : | 28 November |
| Blood Group | : | O+ve |
| Hobby | : | Reading, Listening to Music, Travelling |
| Favorite Personality | : | My Parents. |
| Favorite Quotation | : | "The best way to predict future is to create it"- Abraham Lincoln |
| Feelings about C-61st FTC | : | It was a great opportunity to get 29 friends. |
| Contact No | : | 01778490194 |
| E-mail | : | rowson31st@gmail.com |
| Facebook ID | : | rowshon sharmin |



**Rowson**
C-234
BCS (Police)
31st Batch



# Write up

এমরুল ভাই ছিলেন একজন সদালাপি হাস্যোজ্জ্বল মানুষ। লেখালেখি করা ছিল তার নেশার মত। তার লেখা অসংখ্য কবিতা, ছড়া, ছোটগল্প ও প্রবন্ধ প্রকাশিত হয়েছে বাংলাদেশের নামকরা প্রায় সকল পত্র পত্রিকায়। বিভিন্ন সময় প্রকাশিত তার কিছু সাহিত্যকর্ম নিচে উপস্থাপন করা হল।



**এমরুল হোসাইন**
উপজেলা মৎস্য কর্মকর্তা,
হোসেনপুর, কিশোরগঞ্জ

এম ইব্রাহীম মিজি সম্পাদিত
আশালতা প্রকাশনীর মুখপত্র
ত্রৈমাসিক ছড়া পত্রিকা 'ছড়াকু'

প্রথম বর্ষ দ্বিতীয় সংখ্যা, ডিসেম্বর-২০১৫।
এই কবিতাটি প্রকাশিত হয়েছিল।
১০.১১.২০১৫

## জয়ের স্মৃতি

এমরুল হোসাইন

শীতের সকাল ধরার বুকে
কাঁপছে দেহ, মানব মন,
কাঁপন শুধু নয়তো শীতের
স্মৃতির পাতায় দানবগণ।
দানবগুলো দেখতে পেলো
পরাজয়ের করুণ সিন,
একাত্তরের যুদ্ধ শেষে
জয়ের মালায় তরুণ দিন।
বাঙালিদের গলায় মালা
দানব বন্দি ময়দানে,
আত্মসমর্পণের স্মৃতি
ধরায় সুখের জয় আনে।
ডিসেম্বরের বিজয় দিবস
আসবে ফিরে যতবার,
স্মৃতির পাতায় ছুঁয়ে যাবে
সুখের পরশ ততবার।

৩০.০৬.১৫
ছড়াটি পরাগের চলতি সংখ্যায়
প্রকাশিত হয়েছিল

## আসল খুশি

এমরুল হোসাইন

একটি জামায় মন ভরে না
চাই যে আরো আরো,
ঈদের জামা নতুন জামা
হয় না আবার কারো।
যে যাই পেলো, নাই বা পেলো
নেই তো খুশির সীমা,
জামায় কি আর যায় গো মাপা
খুশির পরিসীমা।
আসল খুশি মনের খুশি
ঈদের সময় এলে,
ধরার বুকে যায় তা মিশে
সকল দুঃখ ঠেলে।

০২.০২.২০১৬
দিনের ছড়া,
**দৈনিক বাংলাদেশ সময়**

## শহরবাসী ও গ্রামবাসী

এমরুল হোসাইন

শহরবাসী আমরা যখন
ব্যাং দেখে জোর লাফ দেই,
গ্রামের মানুষ ওদের মনে
একটুও যে ভয় নেই।
শহরবাসী আমরা যখন
অফিস কাজে ব্যস্ত,
গ্রামের মানুষ ওদের জীবন
হাল-চাষেতে ন্যস্ত।
শহরবাসী আমরা যখন
অট্টালিকায় সুখ পাই,
গ্রামের লোকের খুব বেশি নয়
আধা-পাকা ঘর চাই।
শহরবাসী আমরা যখন
অস্থিরতার গান গাই,
গ্রামের মানুষ ওদের মনে
খুব বেশি তার ঠাঁই নাই।



# চাঁদের কলঙ্ক

নিঝুম, নিস্তব্ধ রাত
ঘুমন্ত সবাই। শুধু জেগে
আছি আমি, ঘরের বাইরে
খোলা বাতাসে।
ঝিরঝির দক্ষিণা বাতাস বইছিল
রাতটা ছিল পূর্ণিমার রাত
দূর আকাশে চাঁদ অকৃপণভাবে
ধরনীর বুকে আলো দিয়ে যাচ্ছিল
আর আকাশে তুলোর মত
সাদা সাদা মেঘখণ্ডগুলো
ভেসে যাচ্ছিল একটার পর একটা।
আনমনে চাঁদের অপরূপ সৌন্দর্য
দেখছিলাম। ঐ চাঁদটা
কত সুন্দর!
তবুও মনে হল-
চাঁদ সুন্দর হলেও
তার গায়েও নাকি
আছে কলঙ্ক!



**ইলিশায় রিছিল**
রোল : সি-২১৪
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী।



# গীতি কবিতা-১

আবছায়া চুপ ছায়া পেছনে পেছনে হেঁটে যায়
এখন তখন, যখন তখন, বেলা অবেলায়,
কোন মায়ার পিছুটান ডাকে আজ ইশারায়
মন ভেজে খোলা জলছাদে নীল জোছনায়।

মন হতে চায় তার, দিতে চায় ডুব সাঁতার তারই সাথে
জানি না আমি আজ তার টানে হেঁটে চলেছি কোন সে পথে
শুধু তাকে ভাবে মন, যত করি বারণ
বোঝে না সে কিছুতেই করি কি যে উপায়।

ভাবছে না মন আর আগপিছ, যা হবার তাই হবে
মন ঘুড়ি আজ ইচ্ছেমতি নাটাই ছেড়েছে সে কবে
সুতো কেটে পড়েছে সে তার উঠোনে
শুধু হবে বলে তার যদি সে হাতে তুলে নেয়।

# গীতি কবিতা-২

তোমার ইচ্ছেটা জানতে, মনের এ প্রান্তে ও প্রান্তে
বার বার হেঁটে হারিয়েছি নিজেকে নিজেরই অজান্তে।

তোমার চোখের গভীরে তাকিয়ে তাকিয়ে নিজেকে খোঁজার ইচ্ছে
সাজানো গোছানো এই আমিটাকে গোলমেলে করে দিচ্ছে
পারছিনা তাই সে গভীরতার তলটাতে ঠাঁই করতে।

তোমার তুলির রঙ্গিন আঁচরে আঁচরে কার ছবি তুমি আঁক
বিমূর্ত যত আঁকি বুকি আমি বুঝতে যে পারি নাকো
পারি না তো ছাই তাই সেই রঙে নিজেকে কখনও রাঙাতে।



**সাবরীনা রহমান**
রোল : সি-২১৭
সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম

# সন্ধ্যার ব্যাসার্ধ



সন্ধ্যার অধিবাসে আমার অর্ধনগ্ন হৃৎপিণ্ডের অশ্রুহীন সমাধির
নিঃশব্দ গোঙানি তোমার চুলের মাতাল করা গন্ধ।
দক্ষিণায়নের বিপন্ন চৈতন্যে
রঙের গায়ে ডুব দেয়া আমার শ্মশানশয্যা।

এখনো আমার বুকে, নিরপরাধ বিষণ্নতায় বাজে নিশ্চিত
অনিশ্চয়তার অযৌক্তিক স্বপ্নকাতুরে প্রতিধ্বনি
তোমার কপালে
আমার বিরহচিতার অমরত্ব।
তোমার চোখের অশালীন কলংকিত গ্রামে
সর্বশক্তিমান ঈশ্বরকে পরাস্ত করে
লক্ষ কোটি সুদূর দূরের আলোকবর্ষ
মহাকাল ভেদ করে আসে উপনিষদের চাহনী।

তোমার আধভেজা মিষ্টি দুটি ঠোঁট থেকে উড়ে আসা একবিন্দু সুধা পান করে
নিকোটিনের আধপোড়া উত্তাপে অন্তঃসত্ত্বা আমার পোড়া বাঁশী
অন্ধ জোনাকী যে জলের গানে পরাস্ত হয় মাধ্যাকর্ষণের কাছে
তোমার দেহের কেন্দ্রবিন্দুতে আমার স্বর,
ভেসে আসে জন্মজন্মান্তরের সুর অজস্র রোদন আর
বর্তমানকে ছিন্ন করে চরম পরাবাস্তব কামনার অশ্রু।।

এক ফালি কেঁপে উঠা তোমার শরীরের পরিপ্রেক্ষিত
আমার দুহাতের অব্যর্থ সহমরণ
পরম উষ্ণতায় ছুঁইয়ে যাওয়া কক্ষপথ, তোমার কটিদেশ
ক্ষয়িষ্ণু কক্ষপথে দুঃস্বপ্নের সামিয়ানা।
সেই সৌরগঙ্গার অলৌকিক গোধূলি বিদীর্ণ করে নিভে যাওয়া
পায়ে হেঁটে গড়িয়ে পড়ে লাল রঙ
অবহেলার উন্মাদনায় অভিযোগের আবর্তে
নির্বাসিত গোপন থেকে গোপনতর, গোপনতম'তে
তোমার দুটি কোমল পায়ের
নুপূর হয়ে জন্ম নেয়ার, শেষ হয়ে যাওয়া আমার অনন্ত বাসনা।

এই জন্মে তোমাকে না পাওয়ার জলছবি,
বুনোহংস হয়ে পরের জন্মে তোমার হবো।
তোমার শরীরের অশরীরি মকরক্রান্তি রেখা পার হয়ে
আমার অসহায় তৈলচিত্র।
অধীর হয়ে বসে থাকা আজন্ম সেই সন্ধ্যার ব্যাসার্ধ
যেখানে আমার এই এক জীবনের সমস্তই পাওয়া,
তোমার উথাল পাথাল ব্যাকুলতা আর ধূপের গন্ধ
নৈবেদ্য সাজায় ব্যর্থ ঈশ্বরের।।



**অনজন দাশ**
রোল : সি-২১৬
সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ।

# আরো একটি রাত



এক টুকরো চাঁদ উঠেছে আকাশে,
তারাগুলোও জ্বলছে আগের মতোই।
রাতগুলো এত নিস্তব্ধ আর একঘেয়ে হয় কেন?
আর রাত বাড়লেই শুরু হয় কবিতাগুলোর অত্যাচার
মাথার মাঝে এলোমেলো শব্দগুলো কবিতার খাতা দখল করে নেয়।
কিন্তু আজ কোন কবিতা লিখব না-
ভাববো না তোমায়।
রাজ্যের ক্লান্তি নিয়ে ঘুমকাতুরে চোখে,
কাঁদব না আজ আমি ঘুমাব ব্যাথা ভুলে।
না... আজ রাতে কিছুতেই ভাবব না তোমায়-
কিছুতেই না।
না হয় ঘড়ির কাঁটার টিক টিক শব্দে রাত্রি দেব পাড়ি!
জানালা গলে চুইয়ে পড়া জ্যোৎস্না মাখব সারা গাঁয়ে।
আজ রাতে চাইনা তোমায় কল্পনারও কোন মোহে।
ঘরের মাঝে আটকে পড়া
দুঃসাহসী কিছু জোনাক থাক শুধু সাথী হয়ে!



**মোঃ রকিবুর রহমান**
রোল: সি-২২০
সহকারী প্রকৌশলী, চট্টগ্রাম গণপূর্ত বিভাগ-২
রহমতগঞ্জ, চট্টগ্রাম।



# "বিশ্বাস"

আমি বিশ্বাসী তাই গলা পেতে ধরি নাপিতের ক্ষুরে,
আমি বিশ্বাসী তাই ভাঙ্গা বাসে উঠেও ঘুমাই আরামে।
আমি বিশ্বাসী তাই জানি ফিরব ঘরে হলে গোধুলী,
আমি বিশ্বাসী তাই কালকের কথা ভেবে হই সঞ্চয়ী।
আমি বিশ্বাসী তাই ধরে নিই সূর্য দেখব কাল,
আমি বিশ্বাসী তাই বুঝি তোমাদেরও রক্ত লাল।
আমি বিশ্বাসী তাই আজও বিশ্বাস তোমাদের বিশ্বাসে,
আমি বিশ্বাসী তাই অবিশ্বাস শুধু অকালে স্তব্ধ নিঃশ্বাসে।
আমার বিশ্বাস প্রকৃতির অনিয়মের নিয়মে,
আমার বিশ্বাস দিব্য পার্থিব তীক্ষ্ণ নয়নে।
আমার বিশ্বাস রাত-দিন দুই আসে দুই যায়,
আমার বিশ্বাস তাও তোমাদের বাহারী ভালবাসায়।



**ডাঃ প্রবাল চৌধুরী**
রোল : ২১৫
ভেটেরিনারি সার্জন
বাঘাইছড়ি, রাঙ্গামাটি।

# অসাড় অনুভুতির দেয়াল

অনন্ত কাল ধরে যেন ছুটে চলেছি দিগবিদিক
মরুর বুকে অশান্ত তপ্ত রোদে,
সাতরে পেরিয়েছি আলোক বর্ষ পথ
প্রকম্পিত বালুর মহাসমুদ্রে।
স্বাক্ষী মেনেছি বিনিদ্র চাঁদকে, ছিল সে তিমির রাতের সাথী
পাড়ি দিয়েছে পথ মোর সাথে ঘর্মাক্ত রবি কখনো বা অনন্ত নক্ষত্রবীথি।
ভেবেছি জীবন পথে হয়তো হবে দেখা, লক্ষ কাল ধরে বহমান প্রশান্ত কোন নদী
তৃষ্ণার্ত হৃদয় নেয়ে হবে সিক্ত
মিলবে কি দেখা! জানা নেই অবধি।
আজি রিক্ত-সিক্ত, ক্লান্ত প্রায়
প্রতিটি রক্ত কণায় আজ প্রতিবাদের সুর
বুঝলাম পরে ক্ষণিকের ব্যবধানে, ছুটেছি মরীচিকার পিছে
আশা সেতো বহুদূর।
প্রতিটি স্বপ্ন ক্ষত-বিক্ষত রুপে গড়েছে ধ্বংসস্তুপ মহাউল্লাসে
ক্রমশ নিপতিত অসাড় ভাগাড়ে।
হয়তো সবই বৃথা, আলেয়াকে আলো ভেবে
ছুটেছিলাম প্রথম ভোরের সন্ধানে।
আজ আমি অনুভূতি শূন্য এক আদিম পাথর, চারদিকে শুনি হাহাকার ধ্বনি,
কড়া নাড়ছে ক্রমাগত শিরা হতে উপশিরায়, অনুভূত প্রতিটি স্পন্দনে।
জীবন মৃত্যুর সন্ধিক্ষণে, চাওয়া পাওয়ার অংক না হয় রাখতে হবে তুলে
অনুভূতির দেয়াল হয়েছে অসাড়, মঞ্চস্থ জীবনের সময়ের ভুলে।



**শেখ মোঃ এরশাদ বিন শহীদ**
রোল : সি-২২২
উপজেলা মৎস্য কর্মকর্তা
মহালছড়ি, খাগড়াছড়ি।

# এফটিসি মানে

এফটিসি মানে যার যাই মনে হোক
শীত-গ্রীষ্ম-বর্ষায় স্যুট টাই পরা নিপাট ভদ্রলোক।
এফটিসি মানে নিরস সেশানটা রসবোধ করার ভান
নিস্পলক চোখে আচমকা ঘুমের শক্ত টান।
এফটিসি মানে রুটিনের ফাঁকে আমাদের কিছু জোকস
ঘাড়ের উপর নিঃশ্বাস ফেলা তিন গোয়েন্দার চোখ।
এফটিসি মানে পিটি সেশানে চোখ ঘষামাজা
দিনের শেষে নিজেকে ভাবি আমি মস্ত রাজা।
এফটিসি মানে ডু'স আর ডোন্ট'স এর চাপ
লজ্জিত হলে তার কোনটা আছে শোকজের তাপ।
এফটিসি মানে সিসির কাছে সংবাদের অপেক্ষা
সব সময় পরীক্ষার জন্য নিজেকে প্রস্তুত রাখা।
এফটিসি মানে সেকেন্ড মিলিয়ে পা মেলানো ছন্দ
মনের সাথে দেহের গড়ে উঠা অজানা এক দ্বন্দ্ব।
এফটিসি মানে সব্যসাচী হবার প্রাণান্তকর চেষ্টা
ভাল না হলে বাড়িয়ে বলা করেছ ভাই বেশটা।
এফটিসি মানে সপ্তাহান্তে বাড়ি ফিরে যাওয়া
ছুটি শেষে নতুন করে নিজেকে ফিরে পাওয়া।
এফটিসি মানে মিলেমিশে নতুন পরিবার গঠন
সারাজীবনের জন্য হয় অবিচ্ছেদ্য বন্ধন।
এফটিসি মানে নানাভাবে আপনাকে গঠন করা
নতুন করে সবাই মিলে প্রিয় স্বদেশ গড়া।।



**এবিএম ফয়েজুল ইসলাম**
রোল : সি-২০৮
সহকারী পুলিশ কমিশনার
সিএমপি, চট্টগ্রাম।

# বুনিয়াদি প্রশিক্ষণ CEVTA

ঢং ঢং ঢং বেজে উঠে ঘণ্টা
অস্থির এই মনটা;
নিদ্রা টুটে সূয্যির আগে
ছুটে যাই পিটির মাঠে।
এইতো আমার ইচ্ছে নয়
উড়াল দিতে মনটা চায়,
পাখি হব উড়ব আকাশে
স্বপ্নের ডানা মেলে বাতাসে।
রুমমেট ডাকে, হচ্ছে দেরি
স্বপ্ন থেকে আসি ফিরি
এই আমাদের CEVTA জীবন
ত্রিশ আত্মার অপূর্ব বন্ধন।



**শাহেদা সুলতানা**
রোল : সি-২২৩
সহকারী পুলিশ সুপার
র‍্যাব-৭, চট্টগ্রাম।



# ডাকা-ডাকির সত্যমিথ্যি

ব্যাঙ ডাকলে বৃষ্টি আসে,
মোরগ ডাকলে ভোর
কুকুর ডাকলে লেজ গুটিয়ে
ছিটকে পালায় চোর।
পেঁচা ডাকলে অশুভ হয়
শকুন ডাকলে মরণ,
হঠাৎ কোন বিপদ নাকি
কাক এ ডাকার কারণ।
পাখি ডাকলে কুটুম আসে
মিষ্টি হাতে নিয়ে,
বৃষ্টির মাঝে রোদ হাসলে
শিয়াল মামার বিয়ে।
সত্য মিথ্যা যাচাই করি
টিকটিকির টিক টিক ডাকে,
বউ পাগল হয় সেই ছেলেটার
ঘাম থাকে যার নাকে।।



**ডাঃ সুজন কান্তি শর্মা**
রোল : ২৩০
ভেটেরিনারি সার্জন
চাটখিল, নোয়াখালী



# আমার মা

মাগো তুমি কেমন আছো
জানতে ইচ্ছা করে
তোমার কথা মনে হলে
অশ্রু চোখে ঝরে ।
আদর দিয়ে সোহাগ দিয়ে
নিতে আমায় কোলে
সেই স্মৃতি আজো মাগো
যাইনি আমি ভুলে ।
আদর স্নেহ মমতা তোমার
আছে হৃদয় জুড়ে
এখনও তোমায় খুঁজে ফিরি
বুনিয়াদি প্রশিক্ষণে এসে।



**সুদীপ বিশ্বাস**
রোল : সি-২২৫
উপজেলা মৎস্য কর্মকর্তা
মহম্মদপুর, মাগুরা।

# অনুশোচনা

মা, আমি অক্ষম পারিনি তোমায়
সুন্দর করে সাজাতে
পারিনি সকল প্রাণ শক্তিতে
পবিত্র এ মুখ রাঙাতে।

হাসি মুখে লাখো ভাই আমার
দিয়েছে নিজেরে বিলিয়ে
তব পবিত্র বদনখানা
আপন সত্ত্বায় জড়ায়ে।

শহীদ হয়েছে, ইতিহাস গড়েছে
রেখে তব সম্মান
পার্থিব মোহ বিলিয়ে নিজে
হয়েছে অমর প্রাণ।

এতকাল পর আজ মাগো বড়
অপরাধি লাগে নিজেরে
দিয়েছি কি তোমায়? দেইনি কিছুই
কাঁদিয়েছি শুধু অঝোরে।

বড় বেশি মাগো ভারি লাগে আজ
পবিত্র স্বপ্ন গুলোরে
বড় সাঁধ করে দিয়েছিল তুলে
বোনের শুভ্র আচলে।

স্বপ্নগুলোর সার্থকতা কি?
আজ নয়ন জলে ভাবি
এই কি ছিল? বল মাগো তুমি-
রক্তিম স্বপ্নের মূল্য?

আমি অক্ষম পারিনি তোমার
আকুল কান্না রুধিতে
ভালবাসা, এতটুকু ভালবাসা দিয়ে
স্বপ্নিল বাংলা গড়তে।



**জাহেদুন নবী চৌধুরী**
রোল : সি-২১৯
সহকারী প্রকৌশলী
চট্টগ্রাম গণপূর্ত বিভাগ-১

# সোনার চাবি

কে নিবি মোর সোনার চাবি
ধরবি হাল উড়াবি পাল
ভাসাবি তরী চলবি অবিরাম ।
কে আছিস বলিয়ান দাড়িয়ে সম্মুখপ্রাণ
হাঁকিয়ে বজ্রকণ্ঠী করবি আহবান ।
কে শোনাবি জাগরণের গান,
জাগাবি সুপ্ত প্রাণ ।
কে দেখাবি আলোর পথ,
জ্বালিয়ে আলোক মশাল ।
কে বাজাবি বাঁশি তুলবি আলোড়ন
জাগাবি জাতি করবি প্রাণের সঞ্চার ।
দিশেহারা জাতি হারিয়েছে বিবেক
লুণ্ঠিত হচ্ছে মুল্যবোধ পিষ্ট হচ্ছে নৈতিকতা ।
এসেছে অপসংস্কৃতির করাল গ্রাস
জাতিকে করছে সর্বনাশ ।
ধেয়ে আসছে কাল অন্ধকার অভিশপ্ত মেঘ
ঢেকে ফেলছে দিশেহারা সমাজ অশুভ ছায়ায়।
চাই উন্নয়ন, উন্নত জাতি সমৃদ্ধির দেশ
যেখানে থাকবেনা অন্যায় অবিচারের রেশ ।
চিন্তিত জাতি বিমর্ষ সমাজ
ভবিষ্যৎ প্রজন্ম হারাবেনাতো খেই
দিবেনাতো নীতি নৈতিকতার বিসর্জন ।
কে আছো আগুয়ান কর আহবান
নিয়ে যাও সোনার চাবি ফিরাও জাতির প্রাণ ।
দুর্নীতির করাল গ্রাস জাতিকে করছে সর্বনাশ
ক্ষমতালিপ্সু রাজনীতিক দল
হয়েছে বলিয়ান বাড়িয়েছে পেশীশক্তি
মেতে উঠেছে অশুভ খেলায়
করছে কাড়াকাড়ি বাড়িয়েছে হানাহানি
কে নিবে মোর সোনার চাবি ।
দেশ প্রেম আজ উপেক্ষিত
দুর্নীতির ঘাতক ব্যাধি সমাজে আজ পরিলক্ষিত ।
কে আছো কাণ্ডারী অভিযাত্রিক
কে আছো সাহসী সৈনিক
কে জ্বালাবে প্রলয় শিখা
কে আছো পথিক সরাবে জঞ্জাল
কে আছো নবীন দিবে সিংহের গর্জন
হঠাবে দুর্নীতির ব্যাঘ্র থাবা ।
কে আছো মহান মনীষী
ছড়াবে নীতি নৈতিকতা সততার ফুলছুড়ি ।
দেখাবে পথ যোগাবে সাহস
বাঁধার দেয়াল ভেঙ্গে করবে চুরমার
আমি তাকেই দিতে চাই সোনার চাবি ।
তুলে নাও সোনার চাবি গড়ে তুলো ইতিহাস
সৃষ্টির উল্লাসে মেতে উঠো
গড়ে তোল সৃষ্টিশীল জাতি
পাড়ি জমাও অজানা গন্তব্যে
ছিনিয়ে আনো সাফল্যের আলোকবর্তিকা
দেখাও ভোরের সূর্যের আলো
দেশকে কর আলোকিত নিজেকে কর মহিমান্বিত ।



**ডাঃ মোহাম্মাদ ফজলুল হক**
রোল : সি-২০৩
ভেটেরিনারি সার্জন, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর
আজমিরীগঞ্জ, হবিগঞ্জ।



# দোয়েল যেভাবে আমাদের জাতীয় পাখি হলো

১৯৭১ খ্রিষ্টাব্দের মার্চ মাসের শেষে এপ্রিল মাসের শুরুর দিকে কোন এক বিকেলবেলা স্বর্গে সর্বশক্তিমান বিধাতার দরবারে জরুরী সভা বসেছে। সভাসদবৃন্দকে খুব চিন্তিত দেখাচ্ছে। বিধাতা বললো, এই মুহূর্তে ঘটনাস্থলে আমাদের প্রতিনিধি পাঠানো উচিত, কী করা যায় তোমরা বলো। অতিরিক্ত বিধাতা (সার্বিক) বললো ইয়াং, এনারজেটিক, চালাক এবং বুদ্ধিমান দেখে পাঁচটি পাখিকে পাঠানো হোক প্রভু। পরামর্শটা বিধাতার পছন্দ হলো কিন্তু কোন পাঁচটি পাখিকে পাঠানো যায়? অতিরিক্ত বিধাতা (সার্বিক) আবার বললো, প্রভু আপনি যদি ভালো মনে করেন তাহলে টুনটুনি, শকুন, চড়ুই, দোয়েল এবং কোকিলকে পাঠানো যায়। হ্যাঁ, অতিরিক্ত বিধাতা (সার্বিক) এর এই পরামর্শটাও বিধাতার খুব পছন্দ হলো এবং নাজিরকে হুকুম দিলো যাও ওদের গিয়ে খবর দাও, ওদেরকে গিয়ে বলো অতিসত্বর দরবারে এসে আমার সাথে দেখা করতে।

বিধাতার হুকুম অনুযায়ী নাজির গিয়ে তাদের পাঁচজনকে খবর দিলো। তারাতো খুবই চিন্তিত। কী হয়েছে কে জানে। এই অসময়ে স্বয়ং বিধাতার জরুরী তলব! দেখা যাক কী হয়! টুনটুনি, শকুন, চড়ুই, দোয়েল এবং কোকিল পাখি খুব ভয়ে ভয়ে বিধাতার দরবারে হাজির হলো। না, বিধাতাকে এখন খুব হাসিখুশি দেখাচ্ছে, ভয়ের কোন কারণ নেই। সবাই গিয়ে প্রথমে বিধাতাকে সালাম দিলো। বিধাতাও তাদের সালামের জবাব দিয়ে তাদের কুশল জিজ্ঞেস

করলো। এবার পাঁচজনের মধ্যে সবচেয়ে সুন্দর কণ্ঠস্বরের কোকিল মিষ্টি করে বললো; প্রভু আপনি আমাদের ডেকেছেন কেনো? আমরা কী কোন অন্যায় করেছি?

বিধাতা কোকিলের এমন মিষ্টি কণ্ঠের ছেলেমানুষিতে ভরা সহজ সরল কথা শুনে হেঁসে উঠলেন। আর বললেন আরে না, দুশ্চিন্তার কোন কারণ নেই। তোমরা কোন অন্যায় করোনি। তোমাদেরকে একটা গুরুদায়িত্ব দিয়ে এক জায়গায় পাঠাবো বলে ডেকেছি। কোকিল আবার বললো, ঠিক আছে প্রভু বলেন কী দায়িত্ব, কোথায়বা যেতে হবে। বিধাতা এবার একটু গুরুগম্ভীর গলায় বললেন, শুনো পৃথিবীতে দুটি দেশের মধ্যে যুদ্ধ লেগেছে, পশ্চিম পাকিস্তান এবং পূর্ব পাকিস্তান। পূর্ব পাকিস্তানিরা নাকি তাদের দেশের নতুন নাম দিয়েছে বাংলাদেশ এবং স্বাধীনতাও ঘোষণা করেছে। আচ্ছা যাই হোক, এখন তোমাদের দায়িত্ব হলো আগামীকালই তোমরা সেখানে চলে যাবে, তোমরা সেখানে নিজেদের নিরাপদে রেখে, যেই দেশকেই যোগ্য মনে করবে সেই দেশের পক্ষ নিয়েই কাজ করবে। আর শুনো, প্রথম দুই সপ্তাহ তোমরা সবাই এক সাথে থেকে কাজ করবে, আর পরবর্তীতে আলাদা আলাদা হয়ে কাজ করবে। আর প্রতি দু'মাস পর পর ঐখানকার পরিস্থিতি নিয়ে প্রতিবেদন তৈরি করে দরবারে পাঠিয়ে দিবে। নাজির সাহেব গিয়ে তোমাদের কাছ থেকে রিপোর্ট নিয়ে আসবে। আর তোমাদের প্রতিবেদনের উপর ভিত্তি করেই আমি নির্ধারণ করবো যুদ্ধে কোন দেশ জিতবে, কোন দেশই বা স্বাধীন হবে। আর তাই আবারো বলছি এটা তোমাদের উপর খুবই গুরুত্বপূর্ণ একটা দায়িত্ব।

সাথে সাথে চড়ুইপাখি বলে উঠলো, প্রভু আপনি এই বিশ্ব-ব্রক্ষান্ডের মালিক। আপনার হুকুম ছাড়া গাছের একটি পাতাও নড়ে না। আপনি যা চান তাই হয়। তাহলে এইক্ষেত্রে আপনি কেনো আমাদের মতো এই অধমদের উপর এতোবড় গুরুদায়িত্ব দিয়ে পাঠাচ্ছেন। আপনি যে দেশকেই জিতাতে চান তাই হবে। চড়ুই পাখির সাথে সাথে দরবারের সভাসদদের মধ্যেও অনেকে একসঙ্গে এই কথা বলে উঠলেন। প্রভু আপনিই ঠিক করে দেন যুদ্ধে কোন দেশ জিতবে। দুইটা দেশের হার জিতের বিষয়। পাখিদের পাঁচজন এবং সভাসদদের অনেকেই বিধাতার কাছে একরকম মিনতি করে উঠলো।

বিধাতা সবাইকে থামিয়ে দিয়ে বললেন, শুনো সবাই। এটি কোন সহজ বিষয় নয়। দুটি দেশের হার-জিতের বিষয়, একটি দেশ আরেকটি দেশের কাছ থেকে স্বাধীনতা লাভ করা বা স্বাধীনতা হারানোর বিষয়। আমি চাইলেই এক নিমিষে কোন একটি দেশকে জিতিয়ে দিতে পারি সত্যি, সব ঠিক করে ফেলতে পারি সত্যি কিন্তু আমি তা করবোনা। কারণ আমি চাই দুই দেশই লড়াই করে জিতুক, যোগ্যতা দিয়ে জিতুক, দাম দিয়েই জয় ছিনিয়ে আনুক। বিনা পরিশ্রমে কেউ জয়লাভ করতে পারেনা। আমি কোন দেশকেই বিনা পরিশ্রমে স্বাধীনতা দিতে চাইনা। যে দেশের দেশপ্রেম, জাতীয়তাবাদ, আত্মসম্মান বোধ, মূল্যবোধ যত বেশী সেই দেশই জয়লাভ করবে। আর টুনটুনি, শকুন, চড়ুই, দোয়েল এবং কোকিলকে উদ্দেশ্য করে বিধাতা বললেন, তোমাদের মধ্যে যে সবচেয়ে সঠিক তথ্য এনে দিতে পারবে তাকে যে দেশ জিতবে সে দেশের জাতীয় পাখি করা হবে। আর মনে রেখো তোমাদের এনে দেয়া তথ্যের ভিত্তিতে নির্ধারণ করা হবে তাদের রাষ্ট্র পরিচালনার মূলনীতি কী হবে, ধর্ম, জাতীয়তা সার্বভৌমত্ব কী হবে সব, সব কিছু। তাই মনে রেখো তোমাদের উপর দেয়া এই দায়িত্ব খুবই গুরুত্বপূর্ণ। খুব নিষ্ঠা এবং সততার সাথে সবাই দায়িত্ব পালন করবে। আর যা বলেছি, তোমাদের মধ্যে যে শ্রেষ্ট হবে তাকে যে দেশ জিতবে সে দেশের জাতীয় পাখি করা হবে অর্থাৎ সেই দেশের পাখিদের রাজা। যাও এবার তোমরা যে যার যার বাড়িতে গিয়ে বিশ্রাম নাও। আগামীকাল সবাই সময়মতো পূর্ব-পাকিস্তান চলে যাবে। এই বলে বিধাতা সবার কাছ থেকে বিদায় নিয়ে এবং সবাইকে ভালো থাকতে বলে আজকের সভা এইখানেই পরিসমাপ্ত করলেন।

কী আর করা বিধাতার হুকুম বলে কথা। টুনটুনি, শকুন, চড়ুই, দোয়েল এবং কোকিল বিধাতা এবং সভাসদদেরকে সালাম দিয়ে বিদায় নিয়ে চলে গেলো। দরবার থেকে বের হয়ে তারা আগামীকাল সকাল ১০টায় মিলিত হওয়ার জন্য একটা জায়গা ঠিক করলো। যেখান থেকে সবাই একসাথে রওনা দিতে পারবে। তারপর সবাই একে অপরের কাছ থেকে বিদায় নিয়ে যে যার যার বাড়িতে চলে গেলো।

বাড়িতে গিয়ে সবাই যে যার যার মতো আগামীকাল পূর্ব-পাকিস্তানে যাওয়া নিয়ে ভাবতে লাগলো, স্টাডি করতে

লাগলো, প্রস্তুতি নিতে লাগলো। কেউ কেউ যার যার ধর্মানুযায়ী সর্ব শক্তিমান বিধাতার এবাদত, উপাসনা করতে লাগলো। টুনটুনিতো খুবই সিরিয়াস, এমনিতে খুব ছোট বলে সবাই তাকে দেখলেই বেটে, খাটো ইত্যাদি বলে ক্ষ্যাপায়। সে নিজের যোগ্যতা এবার প্রমাণ করবেই। এতো সহজ কথা? একটি দেশের জাতীয় পাখি তাও আবার স্বয়ং বিধাতার হুকুম। সে যেকোন মূল্যে নিজের শ্রেষ্ঠত্ব প্রমাণ করবেই। অন্যদিকে কোকিল ঠিক করেছে সে যে দেশকে যোগ্য মনে করবে, সে দেশকে গান গেয়ে গেয়ে কোন না কোন ভাবে সাহায্য করবে। তাই সেও কিছুটা প্রস্তুতি নিয়ে গানের স্যারের কাছে চলে গেলো গানের তালিম নেয়ার জন্য। অন্যদিকে শকুন এবং চড়ুইও যে যার মতো খুবই সিরিয়াস। তারাও তাদের শিক্ষাগুরুর সাথে দেখা করে বুদ্ধি পরামর্শ নিতে গেলো। শুধু দোয়েলেরই খুব মন খারাপ, কারো কাছ থেকে পরামর্শ নিতেও যায়নি তার এসব কিছুই ভালো লাগছেনা, তবুও বিধাতার হুকুম, পূর্ব-পাকিস্তানে তাকে যেতেই হবে। তাই আগামীকাল কাপড় চোপড়, প্রয়োজনীয় আর কী কী নিয়ে যেতে হবে সবগুলো ঠিক করে ব্যাগটা গুছিয়ে রেখে ঘর থেকে বের হয়ে গেলো।

ঘর থেকে বের হয়ে দোয়েল দোকান থেকে কয়েকটা সিগারেট কিনে নিয়ে সোজা চলে গেলো সাগরের পাড়ে। সে প্রায়ই এরকম করে। তার যখন মন খুব খারাপ হয় কাউকে কিছু না বলে কয়েকটা সিগারেট নিয়ে সাগরের কাছে চলে যায়। কিছুক্ষণ পর পর সিগারেট টানে আর সাগরের বিশালতার দিকে, গতিময়তার দিকে তাকিয়ে থাকে আর কত কী ভাবে! দোয়েলের এমনিতেই মন খুব খারাপ, সে যাকে এই এক জীবনে সবচেয়ে বেশি ভালোবাসতো সেই মাদুলির বিয়ে হয়ে গেছে। মাদুলির স্বামী অনেক বড় নাম করা ডাক্তার। অনেক বড় ধনী। সেই জায়গায় দোয়েল সম্প্রতি বিশ্ববিদ্যালয় থেকে পাশ করে বের হয়েছে মাত্র। এখনো একটি চাকরির ইন্টারভিউও দেয়নি। এরই মধ্যে মাদুলির বিয়ে হয়ে গেলো। এসব মনে উঠলে দোয়েলের আর কিছুই ভালো লাগেনা। এর মধ্যে বিধাতা আবার তাকে পূর্বপাকিস্তানে পাঠাচ্ছে যুদ্ধের পরিস্থিতি জানার জন্য। যুদ্ধ, গোলাগুলি, বোমা ফাটানো, খুন, জখম, ধর্ষণ, অগ্নি সংযোগ, লাশের পরে লাশ এসব কিছুই ভালো লাগেনা দোয়েলের। এসব কিছু ভাবতে ভাবতে সন্ধ্যে গড়িয়ে রাত হয়ে এলো। সঙ্গে করে নিয়ে আসা সবগুলো সিগারেটও শেষ। সাগরের পাড়ে আবার কবে আসা হয় কে জানে! কবে যুদ্ধ শেষ হয়, কবেই বা পূর্বপাকিস্তান থেকে ফিরতে পারবে। এবার সাগরের কাছ থেকে বিদায় নিয়ে দোয়েল বাড়িতে ফিরে আসলো। খেয়ে দেয়ে দোয়েল মাকে তার আগামীকাল বিধাতার হুকুমে পূর্বপাকিস্তান যাওয়ার কথা বিস্তারিত জানালো এবং আগামীকাল সকাল সকাল ঘুম থেকে ডেকে দিতে বলে ঘুমিয়ে পড়লো। অন্যদিকে, টুনটুনি, শকুন, চড়ুই এবং কোকিলও যে যার মতো আগামীকাল পূর্বপাকিস্তান যাওয়ার সমস্ত প্রস্তুতি সম্পন্ন করে আজ আগে আগে ঘুমিয়ে পড়লো।

পরদিন সকাল ১০ টার দিকে টুনটুনি, শকুন, চড়ুই, দোয়েল এবং কোকিল এক সাথে পূর্ব পাকিস্তানের উদ্দেশ্যে রওনা দিলো। তারা পূর্ব পাকিস্তানে পৌঁছে মোটামুটি যেখানে যেখানে সম্ভব ঘুরে ঘুরে দেখতে লাগলো আর মন খুব খারাপ হলো। পশ্চিম পাকিস্তানিরা এই কী নির্বিচারে হত্যাযজ্ঞ চালাচ্ছে! চারদিকে শুধু লাশের পরে লাশ, রক্তের বন্যা বয়ে যাচ্ছে, ঘরবাড়ি সব আগুনে পুড়ে ছাই করে দিচ্ছে। হায়রে মানব জাতি! একেই কি তাহলে বলে যুদ্ধ! একেই কি বলে সভ্যতা! ক্ষমতার দ্বন্দ্ব! টুনটুনি, শকুন, চড়ুই, দোয়েল এবং কোকিলের কেউ আগে কখনো যুদ্ধ দেখেনি। তাই তারা যতই দেখছে ততই অবাক হচ্ছে আর ভাবছে মানুষের জন্য এই যুদ্ধ, নাকি যুদ্ধের জন্য বলিদান এই নীরিহ, নিরপরাধ মানুষগুলো। তারা একসাথে এভাবে পূর্বপাকিস্তানের সবকটি অঞ্চলঘুরে ঘুরে দেখলো এবং প্রায় দুসপ্তাহ পর নির্দিষ্ট দিনে যে যার যার মতো আলাদা হয়ে বিভিন্ন এলাকায় গিয়ে যুদ্ধের পরিস্থিতি পর্যবেক্ষণ করে যে যার ইচ্ছেনুযায়ী দেশকে সহায়তা করতে লাগলো।

কোকিল পূর্ব-পাকিস্তানিদের দুঃখ দুর্দশা দেখে তাদের এক গানের দলে যোগ দিলো এবং বিভিন্ন জায়গায় অন্যান্য শিল্পীদের সাথে গণসঙ্গীত গেয়ে পূর্ব-পাকিস্তানের মুক্তিযোদ্ধাদের সাহায্য করতে লাগলো।

চড়ুই তার সাধ্যমত মুক্তিযোদ্ধাদের বিভিন্ন ক্যাম্পে খবরাখবর আদান প্রদানের মাধ্যমে পূর্ব-পাকিস্তানিদের সাহায্য করলো। মাঝে মাঝে লুকিয়ে পশ্চিম পাকিস্তানিদের ক্যাম্প থেকে গোপন তথ্য এনে দিয়ে মুক্তিযোদ্ধাদের সহায়তা করত।

টুনটুনি একটি সংখ্যালঘু অধ্যুষিত এলাকায় গিয়ে দেখলো পশ্চিম পাকিস্তানের পাক সেনারা সংখ্যালঘুদের উপর কি অত্যাচার করছে। পুরুষদের কাপড় তুলে তুলে দেখছে হিন্দু না মুসলমান। তারপর নিশ্চিত হয়ে নির্বিচারে গুলি করে মারছে। ঘরবাড়ি আগুন দিয়ে পুড়িয়ে দিচ্ছে। কিশোরী, যুবতী, বৃদ্ধা মহিলাদের পাকিস্তানি ক্যাম্পে জোর করে নিয়ে যাচ্ছে। কাউকে কাউকে জনসমক্ষে ধর্ষণ করছে। সংখ্যালঘুদের হৃদয় বিদারক দুঃখ দুর্দশা দেখে টুনটুনি সংখ্যালঘুদেরকে বিভিন্ন ভাবে সহায়তা করতে লাগলো।

শকুন গিয়ে উঠলো একটি রাজাকার, আলবদর ক্যাম্পে। সে সেখানে গিয়ে দেখতে পেলো রাজাকার, আলবদররা কিভাবে পাকসেনাদের সহায়তা করছে। কোন কোন এলাকায় মুক্তিবাহিনীর ঘাটি আছে, কোথায় যুবতী মেয়েদের কাঁচা শরীর আছে সব খবরাখবর পাকসেনাদের দিচ্ছে এবং তারা নিজেরা উপস্থিত থেকে পাকবাহিনীদের এহেন জঘন্য কর্মকাণ্ডে সহায়তা করছে। শকুনও খুব চালাক, সে এই যুদ্ধে পশ্চিম পাকিস্তানিদের সাপোর্ট করবে, তাদের পক্ষ নিয়ে কাজ করবে ঠিক করলো। কারণ পাকসেনাদের সাথে যেহেতু এদেশের বিশ্বাসঘাতক, দেশদ্রোহী, রাষ্ট্রদ্রোহী, রাজাকার, আলবদর, আলশামসগুলো জুঠেছে সেহেতু পূর্ব-পাকিস্তানের সাধারণ জনগন ও মুক্তিযোদ্ধারা পাকসেনাদের বিরুদ্ধে কিছুতেই জয়লাভ করতে পারবেনা। আর পশ্চিম পাকিস্তানিরা জিতলে শকুন ঐদেশের জাতীয়পাখি, এইসব কথা ভেবে শকুন মনে মনে খুব খুশি হলো।

দোয়েল এক জায়গায় বসে না থেকে পূর্ব-পাকিস্তানের আনাচে কানাচে ঘুরে বেড়ালো। কি অমানবিক নির্যাতনই না চালাচ্ছে পাকসেনারা। ছাত্র, শিক্ষক, ডাক্তার, ইঞ্জিনিয়ার, কৃষক, শ্রমিক, হিন্দু, মুসলিম, বৌদ্ধ, খ্রীষ্টান রেহায় পাচ্ছেনা। ছেলে, বুড়ো, যুবক, যুবতী যাকে যখন যেভাবে পাচ্ছে নির্বিচারে গুলি করে মারছে। খুন, ধর্ষণ বাড়িঘরে অগ্নিসংযোগ অব্যাহত রেখেছে। হঠাৎ করে দোয়েল এক জায়গায় দেখতে পেলো হাজার হাজার, লাখো লাখো মানুষজন প্রাণ বাঁচানোর জন্য পূর্ব-পাকিস্তান থেকে পাশ্ববর্তী দেশ ভারতে চলে যাচ্ছে। তাদের মধ্যে বেশিরভাগ সংখ্যালঘু সম্প্রদায়ের নরনারী। তবে তাদের মধ্যে নারীদের সংখ্যা বেশি। হঠাৎ করে দোয়েলের চোখ গেলো উনিশ বিশ বছরের এক মেয়ের দিকে। সে সম্ভবত তার মাকে জড়িয়ে ধরে হাঁটছে আর অঝরে কাঁদছে এবং তার জামা কাপড়ের বেশিরভাগই ছেড়া। সম্ভবত তার উপরও পাশবিক নির্যাতন করা হয়েছে। না; দোয়েল পরে খবর নিয়ে জানলো তাদের পাশের পাড়ার এক রাজাকার জোর করে মেয়েটির সমভ্রমহানির চেষ্টা করে। পরে স্থানীয় লোকজনের প্রতিরোধের মুখে শিয়ালটি মেয়েটির কোন ক্ষতি করতে পারেনি এবং পালিয়ে যায়। এর পরেই অন্যান্যদের সাথে মেয়েটির পরিবারও সম্ভ্রম বাঁচানোর জন্য, প্রাণ বাঁচানোর জন্য দেশ ছেড়ে চলে যাচ্ছে। মেয়েটিকে দেখে হঠাৎ মাদুলির কথা মনে পড়ে গেলো দোয়েলের। মেয়েটিও হয়তো নিজের দেশ ছেড়ে যেতে চাচ্ছিলনা কিন্তু বাধ্য হয়ে সম্ভ্রম বাঁচানোর জন্য, একটু সুখের জন্য, শান্তির জন্য, এই নরক যন্ত্রণা থেকে মুক্তির জন্য দেশ ছেড়ে চলে যাচ্ছে। মেয়েটি নাহয় সম্ভ্রম বাঁচানোর জন্য দেশ ছেড়ে চলে যাচ্ছে কিন্তু মাদুলি কেন একটু বেশি সুখ পাবার জন্য দোয়েলকে ছেড়ে ধনী ডাক্তারকে বিয়ে করে চলে গেলো? আসলে মেয়েটি এবং মাদুলির কেউ কী প্রকৃত সুখী হতে পারবে? আরো কতকিছু ভাবতে ভাবতে ভাবতে দোয়েল অন্য দিকে চলে গেলো।

এরই মধ্যে বিধাতার দরবার থেকে নাজির এসে টুনটুনি, শকুন, চড়ুই, দোয়েল এবং কোকিলের কাছ থেকে জুন, আগস্ট এবং অক্টোবর এই তিন মাসের রিপোর্ট নিয়ে গেছে। কিন্তু তাদেরকে এখন খবর পাঠিয়েছে ডিসেম্বরের রিপোর্টগুলো নিয়ে তারা যেনো স্বশরীরে বিধাতার দরবারে উপস্থিত থাকে। যেই হুকুম সেই কাজ। টুনটুনি, শকুন, চড়ুই, দোয়েল এবং কোকিল ওরা পাঁচজন তাদের রিপোর্ট নিয়ে ডিসেম্বরের ০১ তারিখ বিধাতার দরবারে পৌঁছলো। ঐদিন বিধাতা আবার জরুরী সভা আহ্বান করেছেন, বিধাতা ও অন্যান্য সভাসদগণও উপস্থিত ছিলেন। বিধাতা সবার কুশল জিজ্ঞেস করেন বিশেষ করে ওরা পাঁচজনের কুশল জিজ্ঞেস করে ধন্যবাদ দিলেন কাজের জন্য। এবার হচ্ছে মতামত দেয়ার পালা। বিধাতা বললেন এবার তোমরা এক এক করে দুদেশের যুদ্ধ সম্পর্কে অভিমত ব্যক্ত করো।

প্রথমে চড়ুই বললো, প্রভু আমার মতে এই যুদ্ধে পূর্ব-পাকিস্তানেরই জিতা উচিত। ঐ দেশের স্বাধীনতার জন্য সাধারণ জনগণকে প্রচুর ত্যাগ স্বীকার করতে হচ্ছে তাই এটি স্বাধীনতা লাভের পর একটি গণতান্ত্রিক রাষ্ট্র হলেই

ভালো হবে এবং এই দেশের সংখ্যাগরিষ্ঠ জনগণ যেহেতু ইসলাম ধর্মের অনুসারী তাই রাষ্ট্রধর্ম ইসলাম হলেই ভালো হবে। এটাই আমার অভিমত প্রভু আর আপনিতো আমার রিপোর্ট দেখেছেন।

এরপর কোকিল বললো আমিও চড়ুইয়ের সাথে একমত প্রভু। এবার আপনি যা ভালো মনে করেন, তাই করেন।

টুনটুনি দাঁড়িয়ে বললো প্রভু আমিও চড়ুই এবং কোকিলের মতো এই যুদ্ধে পূর্ব-পাকিস্তানকে সাপোর্ট করি। কারণ পশ্চিম পাকিস্তানিরা সম্পূর্ণ অন্যায়ভাবে পূর্ব-পাকিস্তানিদের উপর অত্যাচার চালাচ্ছে এবং তাদের দেশ দখল করতে চাচ্ছে। আমি এইও চাই স্বাধীনতা লাভের পর দেশটি একটি গণতান্ত্রিক রাষ্ট্র হোক, যেই রাষ্ট্রে জনগণই হবে সকল ক্ষমতার উৎস। কিন্তু আমার মনে হয় এই যুদ্ধে পূর্ব-পাকিস্তানের সংখ্যালঘুরাই বেশি নির্যাতিত, নিপীড়িত ও লাঞ্ছিত হয়েছে। তাই সংখ্যালঘুদের ধর্মই রাষ্ট্রধর্ম হলে বেশি ভালো হবে।

শকুন উঠে বললো আমি এদের তিন জনের সাথে পুরোপুরি দ্বিমত পোষণ করি। আমি মনে করি এই যুদ্ধে পশ্চিম পাকিস্তানিরাই জিতবে। কারণ পশ্চিম পকিস্তানিরা পূর্ব-পাকিস্তানিদের চেয়ে অনেক বেশি শক্তিশালী তার উপর পূর্ব-পাকিস্তানের অনেকেই চায় না তাদের দেশ স্বাধীন হোক। তাইতো পূর্ব-পাকিস্তানের রাজাকার, আলবদর, আলশামস বাহিনীরা দেশের বিভিন্ন জায়গায় শান্তি কমিটি করেছে। তারা পুরোদমেই বিভিন্নভাবে পাকসেনাদের সহায়তা করছে। যে দেশে বিশ্বাস ঘাতক থাকে, দেশদ্রোহী থাকে সেদেশ স্বাধীনতা লাভ করবে কি করে! আর স্বাধীনতা লাভ করলেতো হবেনা, দেশ পরিচালনা করার মতো যোগ্যতা থাকতে হবে। পূর্ব-পাকিস্তানের সাধারণ জনগণ কিভাবে নতুন স্বাধীনতা লাভ করা একটি দেশ পরিচালনা করতে পারবে। তাই আমি মনে করি প্রভু এই যুদ্ধে পশ্চিম পাকিস্তানিরা জিতলেই ভালো হবে, বাকিটা আপনার ইচ্ছা।

সবার শেষে দোয়েল পাখি দাঁড়িয়ে সালাম দিয়ে বলা শুরু করলো। প্রভু যুদ্ধে পশ্চিম পাকিস্তানিরা, পূর্ব-পাকিস্তানের শিশু, কিশোর, বৃদ্ধ, যুবা, ছাত্র, শিক্ষক, ডাক্তার, ইঞ্জিনিয়ার, কৃষক শ্রমিক, হিন্দু, মুসলিম, বৌদ্ধ, খ্রীষ্টান কাউকেই রেহায় দিচ্ছেনা। নির্বিচারে গুলি করে মারছে, হত্যা করছে, বাড়িঘরে অগ্নিসংযোগ করছে, মা বোনদের ইজ্জত লুটে নিচ্ছে। কি নির্মম, কি পাশবিক সব কর্মকাণ্ড। তবে মুক্তিযোদ্ধারাও কম যায়না, তারাও সমানে পাকসেনাদের সাথে যুদ্ধ করে যাচ্ছে। আর পূর্ব-পাকিস্তান তাদের নতুন নাম দিয়েছে বাংলাদেশ এবং এই বাংলাদেশকে স্বাধীন করতে সমগ্র জাতি, এমনকি পশু পাখি, গাছপালা প্রকৃতি সবাই একসাথে প্রাণপণ লড়াই করছে। তাই আমি মনে করি এই যুদ্ধে অবশ্যই বাংলাদেশেরই জয়লাভ করা উচিত। এবং যেহেতু এই যুদ্ধে সব ধর্মের লোকেরা সমান অংশগ্রহণ করছে তাই বাংলাদেশ হবে একটি ধর্মনিরপেক্ষ রাষ্ট্র। আমিও চড়ুই, কোকিল এবং টুনটুনির মত চাই স্বাধীনতা লাভের পর বাংলাদেশ হোক একটি গণতান্ত্রিক রাষ্ট্র, যেই রাষ্ট্রে জনগণই হবে সকল ক্ষমতার উৎস। আর সমগ্র বাঙালি জাতি ঐক্যবদ্ধ হয়ে যে আদর্শের লড়াইয়ে ঝাপিয়ে পড়েছে বাংলাদেশকে স্বাধীন করতে সেই বাঙালি জাতির ঐক্য ও সংহতি হবে বাঙালি জাতীয়তাবাদের ভিত্তি এছাড়াও মানুষের উপর মানুষের শোষণ হতে মুক্ত ও সাম্যবাদী সমাজ নিশ্চিত করার জন্য সমাজতন্ত্র প্রতিষ্ঠা করতে হবে। যে সমাজে ছাত্র আর ডাক্তার অর্থাৎ কোন পেশার লোকজন অন্য পেশার কাউকে হেয় করতে পারবেনা, কোন পেশাই কারো চেয়ে বড় নয়, সবাই সমান। এই কথাটা বলে দোয়েলের আবারো মাদুলির কথা মনে পড়ে গেলো। তাই সে আর কথা না বাড়িয়ে বিধাতাকে বললো, প্রভু আমরা সবাই আমাদের কথা বলেছি। এবার দয়া করে আপনিই সিদ্ধান্ত দিন। এই কথা বলে দোয়েল মন খারাপ করে বসে গেলো।

সর্বশক্তিমান বিধাতা; পাঁচজনের সবাইকে তাদের সুচিন্তিত অভিমত ব্যক্ত করার জন্য আবারো ধন্যবাদ দিলেন এবং এই বিষয়ে সভাসদদের মতামত জানতে চাইলেন। সভাসদরা বললেন, প্রভু আপনি যা ভালো মনে করেন। তবুও দেখি তোমাদের কি মত, বিধাতা আবারো জিজ্ঞেস করলেন। তখন অতিরিক্ত বিধাতা (রাজস্ব) বললেন, আমি চড়ুই এবং কোকিলের সাথে একমত। অতিরিক্ত বিধাতা (শিক্ষা ও তথ্য প্রযুক্তি) বললেন, আমার কাছে মনে হয় টুনটনি পাখির প্রস্তাবটাই ভালো। আর অতিরিক্ত বিধাতা (সার্বিক) বললেন, প্রভু আপনি এই বিশ্ব-ব্রহ্মাণ্ডের মালিক। আপনি যা বলেন তাই হবে।

সর্বশক্তিমান বিধাতা টুনটুনি, শকুন, চড়ুই, দোয়েল, কোকিল এবং সভাসদবৃন্দের কথা শুনে, কিছুক্ষণ আবারো তাদের পাঁচজনের দেয়া রিপোর্টগুলো খুব ভালো ভাবে পরীক্ষা নিরীক্ষা করে দেখলেন দোয়েল পাখির কথাই সবচেয়ে বেশি যুক্তি আছে। তাই তিনি ঘোষণা দিলেন, দুই দেশের চলমান এই যুদ্ধে পূর্ব-পাকিস্তান তথা বাংলাদেশই জিতবে। চলতি মাসের মাঝামাঝি অর্থাৎ ডিসেম্বরের ১৬ তারিখ বাংলাদেশ স্বাধীন হবে। এবং তাদের রাষ্ট্র পরিচালনার মূলনীতি হবে জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা এই চারটি। এবং আমাদের সকলের প্রিয় দোয়েল পাখিই হবে বাংলাদেশের জাতীয় পাখি।

সর্বশক্তিমান বিধাতার ইচ্ছানুযায়ী, বাংলাদেশ ১৯৭১ খ্রিষ্টাব্দের মার্চ মাসের ২৬ তারিখে স্বাধীনতা ঘোষণা করে, জাতীয় মুক্তির জন্য প্রায় নয় মাস রক্তক্ষয়ী ঐতিহাসিক সংগ্রামের মাধ্যমে, ত্রিশ লক্ষ শহীদের রক্তের বিনিময়ে, দুই লক্ষ মা বোনের সম্ভ্রমের বিনিময়ে ১৯৭১ খ্রিষ্টাব্দের ডিসেম্বর মাসের ১৬ তারিখে স্বাধীনতা লাভ করে এবং দোয়েল লাভ করে স্বাধীন বাংলাদেশের জাতীয় পাখির মর্যাদা।

[বিঃ দ্রঃ- গল্পটি সম্পূর্ণ মৌলিক ও কাল্পনিক, তবুও অনিচ্ছাকৃতভাবে কোন চরিত্রের সাথে যদি মিলে যায় তাহলে লেখক ক্ষমাপ্রার্থী]



**অন্‌জন দাশ**
রোল : সি-২১৬
সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ



# মহান মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ পুলিশ বহিনী : ইতিহাস, গৌরবজ্জ্বল অবদান ও মহান আত্মত্যাগ

বাংলাদেশ পুলিশ পৃথিবীর অন্যান্য দেশের পুলিশ বাহিনীর মতো আইন শৃঙ্খলা রক্ষা, জনগনের জানমাল ও সম্পদের নিরাপত্তা বিধান, অপরাধ প্রতিরোধ ও দমনে প্রধান ভুমিকা পালন করে থাকে। মুক্তিযুদ্ধ বাংলাদেশ পুলিশের ট্রাডিশনাল চরিত্রে বিরাট পরিবর্তন এনে দিয়েছে। শুধু আইন পালন আর অপরাধ প্রতিরোধ বা দমনই নয় দেশের অর্থনৈতিক অগ্রগতির ধারা অব্যাহত রাখতে বাংলাদেশ পুলিশ গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করছে। পুলিশের সদস্যরা তাদের উদ্ভাবনী ক্ষমতা আর পেশাদারিত্ব দিয়ে অপরাধ মোকাবিলায় প্রতিনিয়ত সৃজনশীলতার পরিচয় দিচ্ছেন। ঘুষ দুর্নীতির কারনে একসময়ে অভিযুক্ত এই বাহিনী তার পেশাদরিত্ব আর জনগনের প্রতি দায়িত্ববোধের পরিচয় দিয়ে জনগনের গর্বের বাহিনীতে পরিণত হয়েছে।

ইতিহাসের পাতা খুলে জানা যায়, মহান সুলতানদের সময়ে একটি সরকারি পুলিশি স্তর বিন্যাস লক্ষ্য করা যায়। শহর অঞ্চলে কোতোয়াল পদমর্যাদার পুলিশ কর্মকর্তা দায়িত্বে ছিলেন। মোঘল আমলের পুলিশি ব্যবস্থা সংক্রান্ত তথ্য আইন-ই-আকবরী গ্রন্থে পাওয়া যেতে পারে। মধ্যযুগের পুলিশি ব্যবস্থা শেরশাহ শুরী দ্বারা প্রবর্তিত, মহান সম্রাট আকবরের সময়কালে এই ব্যবস্থা আরও সংগঠিত হয়। সম্রাট তার ফৌজদারি প্রশাসনিক কাঠামো (সম্রাটের প্রধান প্রতিনিধি) মীর আদাল এবং কাজী (বিচার বিভাগ প্রধান) এবং কোতোয়াল (প্রধান বড় শহরে পুলিশ কর্মকর্তা) এই তিন ভাগে ভাগ করেন। এই ব্যবস্থা শহরের আইন শৃঙ্খলা বজায় রাখার ক্ষেত্রে খুব কার্যকর হিসাবে পরিগনিত হয়। কোতোয়ালী পুলিশ ব্যবস্থা ঢাকা শহরের মধ্যে বাস্তবায়িত হয়েছে। অনেক জেলা সদর পুলিশ স্টেশনকে এখনও বলা হয় কোতোয়ালী থানা। মোঘল আমলে কোতোয়াল একটি প্রতিষ্ঠান হিসাবে আবির্ভূত হয়। একজন ফৌজদার সরকারের প্রশাসনিক ইউনিট (জেলা) প্রধান পদে নিয়োগ প্রাপ্ত হন। কিছু ফৌজদারের অধীনে

কামান এবং অশ্বারোহী সৈন্য বাহিনীও ছিল। থানাদার পদাধিকারীরা ছোট জায়গার মধ্যে পরগনা বিভাজক হিসাবে নিযুক্ত হতেন। মোঘল আমল পর্যন্ত যদিও একটি সুশৃঙ্খল পেশাদারী ব্রিটিশ পুলিশ সিস্টেম প্রবর্তিত হয়নি। তবুও সাধারণভাবে, এটি প্রতিষ্ঠিত ছিল মুসলিম শাসকদের রাজত্বের সময়ে এখানে আইন শৃঙ্খলা এবং অপরাধ প্রতিরোধমূলক প্রশাসন অত্যন্ত কার্যকর ছিল। শিল্প বিপবের কারণে ইংল্যান্ডের সামাজিক ব্যবস্থায় অপরাধের মাত্রা বৃদ্ধি পেলে স্যার রবার্ট পিল একটি নিয়মতান্ত্রিক পুলিশ বাহিনীর অভাব অনুভব করেন। ১৮২৯ সালে বৃটিশ প্রধানমন্ত্রী পার্লামেন্টে পুলিশ গঠনের বিল আনেন। এর প্রেক্ষিতে গঠিত হয় লন্ডন মেট্রো পুলিশ। অপরাধ দমনে বা প্রতিরোধে এর সাফল্য শুধু ইউরোপ নয় সাড়া ফেলে আমেরিকায়ও। ১৮৩৩ সালে লন্ডন মেট্রো পুলিশের অনুকরণে গঠিত হয় নিয়ইয়র্ক সিটি নগর পুলিশ কর্তৃপক্ষ । ১৮৫৬ সালে ভারত শাসনের পূর্ণ নিয়ন্ত্রন ইষ্ট ইন্ডিয়া কোম্পানির নিকট হতে বৃটিশ সরকার গ্রহণ করে। পিলস অ্যাক্ট ১৮২৯ এর অধীনে গঠিত লন্ডন পুলিশের সাফল্য ভারতে স্বতন্ত্র পুলিশ ফোস গঠনে বৃটিশ সরকারকে অনুপ্রানিত করে। এই আইনের অধীনে ভারতের প্রতিটি প্রদেশে একটি করে পুলিশ বাহিনী গঠিত হয়। প্রদেশ পুলিশ প্রধান হিসাবে একজন ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ এবং জেলা পুলিশ প্রধান হিসাবে সুপারিনটেন্ডেট অব পুলিশ পদ সৃষ্টি করা হয়। বৃটিশদের তৈরিকৃত এই ব্যবস্থা এখনও বাংলাদেশ পুলিশে প্রবর্তিত আছে। ১৯৪৭ সালে দেশ ভাগের পর বাংলাদেশের পুলিশের নাম প্রথমে ইষ্ট বেঙ্গল পুলিশ রাখা হয়। পরবর্তীতে এটি পরিবর্তিত হয়ে ইষ্ট পাকিস্তান পুলিশ নাম ধারণ করে।

১৯৭১ সালের বাংলাদেশের মুক্তিযুদ্ধের পূর্ব পর্যন্ত এই নামে পুলিশের কার্যক্রম অব্যহত থাকে। বাংলাদেশ পুলিশের ইতিহাসে সবচেয়ে গৌরবোজ্জ্বল সময় হল ১৯৭১ সাল। জাতির মহান স্বাধীনতা যুদ্ধে বলিষ্ঠ ভুমিকা পালন করেছিলেন স্বাধীন বাংলাদেশের পুলিশ বাহিনী। ১৯৭১ সালের ২৫ মার্চ কালরাতে বর্বর হানাদার বাহিনী যখন নির্বিচারে বাঙালিদের হত্যা করেছিল, রাজারবাগ পুলিশ লাইনে তখনো প্রথম সশস্ত্র প্রতিরোধ গড়ে তুলেছিল পুলিশ বাহিনীর সদস্যরা। মুক্তিযুদ্ধে পুলিশ বাহিনীর বিদ্রোহই পাকিস্তান বর্বর বাহিনীকে হোঁচট খাইয়ে দিয়েছিল। ১৯৭১ সালের ২৫ শে মার্চ দুপুর থেকে পুলিশের সব সোর্সের মাধ্যমে রাজারবাগ পুলিশ লাইনসে বিভিন্ন ধরনের সংবাদ আসতে থাকে। ঢাকা শহরকে খুব উত্তপ্ত ও সাধারণ জনগণকে উদ্বিগ্ন মনে হতে থাকে। পুলিশ কন্ট্রোল রুম থেকে ওয়ারলেস সেটসহ কয়েকটি প্যাট্রোল পার্টিকে বাইরে পাঠানো হয়। পুরো শহর ও সেনানিবাস এলাকায় বিশেষভাবে নজর রাখার জন্য নির্দেশনা দেয়া হয়। আনুমানিক রাত দশটার দিকে প্যাট্রোল পার্টির সদস্যদের গাড়িসহ তেজগাঁও শিল্প এলাকার দিকে যেতে বলা হয়। এই পার্টি সেখানে একটি বড় কনভয় যুদ্ধসাজে শহরের দিকে চলাচল করতে দেখে কন্ট্রোল রুমে বার্তা পাঠায়। এই সংবাদকে ভিত্তি করেই রাজারবাগ পুলিশ লাইনসের পুলিশ সদস্যগণ তাৎক্ষণিক ভাবে প্রতিরোধ যুদ্ধের প্রস্তুতি গ্রহণ করে। এরপর ওই প্যাট্রোল গাড়িটি শহরের বিভিন্ন গলি দিয়ে সাবধানতার সাথে রাজারবাগে প্রবেশ করে এবং শহরের থমথমে পরিস্থিতির কথা পুলিশ কন্ট্রোলরুম এবং রাজারবাগে অবস্থানরত পুলিশ সদস্যদের জনানো হয়। সেইদিন পুলিশ কন্ট্রোলরুমে ডিউটিরত বেতার অপারেটর মো. শাহজাহান মিয়া পাক বাহিনী কর্তৃক রাজারবাগ পুলিশ লাইনসসহ ঢাকা শহর আক্রান্ত হওয়ার বার্তা দেশের বিভিন্ন পুলিশ লাইনেস প্রেরণ করেছিলেন। ২৫ মার্চ রাত ১১টা ৩৫ মিনিটে রাজারবাগ পুলিশ লাইনে অবস্থানরত পুলিশ সদস্যরা অস্ত্রাগারের ঘণ্টা পিটিয়ে সবাইকে সতর্ক ও একত্রিত করে। অস্ত্রাগারে কর্তব্যরত সেন্ট্রির রাইফেল থেকে গুলি করে অস্ত্রাগারের তালা ভাঙে নিজেদের মধ্যে অস্ত্র ও গোলাবারুদ বিতরণ করে। প্রতিরোধ যুদ্ধে অংশগ্রহণকারী পুলিশ সদস্যরা পুলিশ লাইনের চারদিকে, ব্যারাক ও বিভিন্ন দালানের ছাদে অবস্থান নেয় মাত্র ৫ মিনিট পর পাকসেনাদের কনভয় রাজারবাগ পুলিশ লাইনের মেইন গেটে এসে পৌঁছে এবং বাঙালি পুলিশ সদস্যরা কৌশলগত স্থানে পজিশন নেয়। রাত ১১টা ৪৫ মিনিটে রাজারবাগ পুলিশ লাইনের দক্ষিণ-পূর্ব দিক (পুলিশ হাসপাতাল কোয়ার্টার সংলগ্ন) থেকে প্রথম গুলিবর্ষণ হয়। প্রায় সঙ্গে সঙ্গেই প্যারেড গ্রাউন্ডের উত্তর-পূর্ব দিক (শাহজাহানপুর ক্রসিং) থেকে গুলির শব্দ পাওয়া যায়। ব্যারাকের ছাদে অবস্থানরত বাঙালি পুলিশ সদস্যরা পাকসেনাদের লক্ষ্য করে গুলিবর্ষণ শুরু করে। শুরু হয় দখলদার পাক হানাদার বাহিনীর বিরুদ্ধে প্রথম সশস্ত্র প্রতিরোধ। রাত ১২টায় বাঙালি পুলিশ সদস্যদের মরণপণ প্রতিরোধে থমকে যায় ট্যাংক ও কামান সজ্জিত পাকবাহিনী। একটু পরেই মর্টার ও হেভি মেশিনগান দিয়ে গুলিবর্ষণ শুরু করে। পিআরএফ-এর ৪টি ব্যারাকে আগুন

ধরে যায়। পাকবাহিনী ট্যাংক বহরসহ প্যারেড গ্রাউন্ডে প্রবেশ করে। এ আক্রমণে পাকবাহিনীর সদস্য সংখ্যা ছিল প্রায় আটশ। রাত ১২টা ৩০ মিনিটে পাকবাহিনীর ভারী অস্ত্রের মুখে বাঙালি পুলিশ সদস্যরা তাদের কৌশল পরিবর্তন করে। গেরিলা পদ্ধতিতে পাকবাহিনীর ওপর হামলা চালায় এবং অনেককে হতাহত করে। পুলিশের অপর একটি গ্রুপ অস্ত্র ও গোলাবারুদসহ মালিবাগ চামেলিবাগ প্রান্ত দিয়ে ঢাকা শহরের বিভিন্ন দিকে ছড়িয়ে পড়ে। রাজারবাগ পুলিশ লাইনের সেদিনের সেই অস্ত্র আর গোলাবারুদ ব্যবহৃত হয়েছে সারা দেশে, সীমান্তবর্তী মুক্তিযোদ্ধা প্রশিক্ষণ শিবিরে এবং সম্মুখযুদ্ধে। রাত ৩টা ৩০ মিনিটে কামান আর মর্টারের আক্রমণ থামে, তবে বন্দি হয় প্রায় দেড়শ বাঙালি পুলিশ, রাজারবাগ পুলিশ লাইন দখল করে নেয় দখলদার বাহিনী, তার আগেই রাজারবাগ পুলিশ লাইনের কিছু বীর বাঙালি অস্ত্র ও গোলাবারুদসহ রাজারবাগ ত্যাগ করেন। এই সশস্ত্র প্রতিরোধটিই বাঙ্গালীদের কাছে সশস্ত্র যুদ্ধ শুরুর বার্তা পৌঁছে দেয়। পরবর্তীতে পুলিশের এই সদস্যরা ৯ মাস জুড়ে দেশব্যাপী গেরিলা যুদ্ধে অংশগ্রহন করেন এবং পাকিস্তানি সেনাদের বিরুদ্ধে প্রবল প্রতিরোধ গড়ে তোলেন। মহান মুক্তিযুদ্ধে একজন ডেপুটি ইন্সপেক্টর জেনারেল, বেশ কয়েকজন এসপিসহ প্রায় সব পর্যায়ের পুলিশ সদস্য বাঙালির মুক্তির সংগ্রামে জীবনদান করেন। স্বাধীনতা যুদ্ধের দলিলপত্রে ১২৬২ জন শহীদ পুলিশ সদস্যের তালিকা উল্লেখ পাওয়া যায়। প্রসঙ্গত ঝিনাইদহের তৎকালীন সাব-ডিভিশনাল পুলিশ অফিসার মাহবুবউদ্দিন আহমেদ বীর বিক্রম, ১৭ এপ্রিল ১৯৭১ মুজিব নগর সরকারের শপথ গ্রহন অনুষ্ঠান শেষে ঐতিহাসিক গার্ড অব অনার প্রদান করেন।

পাকবাহিনী আক্রমণের প্রতিরোধে স্বতঃস্ফূর্ত গড়ে ওঠা এই প্রতিরোধ যুদ্ধে পুলিশ সদস্যদের ভূমিকা ইতিহাসের একটি উল্লেখযোগ্য অধ্যায়। মুক্তিযুদ্ধে পুলিশ সদস্যদের সাহসিকতা ও গৌরবময় অবদানের কথা অনেকেই জানেন না। এ সকল অজানা তথ্য ও শিহরণ জাগানো ঘটনাসমূহ সাধারণ মানুষের নিকট তুলে ধরার লক্ষ্যে এবং মহান মুক্তিযুদ্ধে শহীদ পুলিশ সদস্যদের অবিস্মরণীয় অবদানের স্বীকৃতি স্বরূপ রাজারবাগ পুলিশ লাইনে বাংলাদেশ পুলিশ যাদুঘর প্রতিষ্ঠা করা হয়েছে।

মুক্তিযুদ্ধকালীন পুলিশের এই সকল গৌরবময় স্মৃতিচিহ্ন ও স্মারক দিয়ে সাজানো হয়েছে এই মুক্তিযুদ্ধ যাদুঘর। ২০১৩ সালের ২৪ শে মার্চ যাত্রা শুরু করে 'বাংলাদেশ পুলিশ মুক্তিযুদ্ধ যাদুঘর'। এই যাদুঘরে পুলিশ সদস্যদের নানান বীরত্বগাঁথা ফুটিয়ে তোলা হয়েছে ছবি ও বর্ণনায়। এখানে রয়েছে মুক্তিযুদ্ধে পুলিশের অংশগ্রহণের বাস্তব প্রমাণ সম্বলিত বিভিন্ন তথ্য ও দলিল যেগুলো সাধারণ মানুষের কাছে এখনও অজানা। অজানা সেই কাহিনীগুলো এখনও শরীরে শিহরণ জাগায়। মনে করিয়ে দেয় যুদ্ধের বিভীষিকাময় দিনগুলো।

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে বাংলাদেশ পুলিশ যে অকুতোভয় ও দেশপ্রেমের পরিচয় দিয়েছে তার স্বীকৃতি স্বরূপ ২০১১ সালে বাংলাদেশ পুলিশ 'স্বাধীনতা পুরস্কার' লাভ করে। দেশমাতৃকাকে মুক্তির লক্ষ্যে বাংলাদেশ পুলিশের যে সকল বীর মুক্তিযোদ্ধা সাহসিকতার সাথে পাকবাহিনীর সাথে সম্মুখ যুদ্ধ করেছেন এবং শহীদ হয়েছেন জাতি তাদেরকে চিরদিন গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করবে। মহান মুক্তিযুদ্ধে বাংলাদেশ পুলিশের ব্যবহৃত বিভিন্ন উপকরণ ইতিহাসের সাথে যোগসূত্র স্থাপন করবে নতুন প্রজন্মের। আর ইতিহাস এভাবেই বেঁচে থাকে যুগ যুগ ধরে।



**এ.বি.এম. ফয়জুল ইসলাম**
রোল : সি-২০৮
সহকারী পুলিশ কমিশনার,
সিএমপি, চট্টগ্রাম।



# সভ্যতার কারিগর

একটি জাতির জীবনে শ্রেষ্ঠ অর্জন হল স্বাধীনতা। বাঙালি জাতি যা অর্জন করেছিলো ১৯৭১ সালের ১৬ ই ডিসেম্বরে, পাকিস্তানি শাসক রুপি শোষকদের হাত থেকে, মহান মুক্তিযুদ্ধে জয়লাভের মাধ্যমে । বীর বাঙালি ঝাঁপিয়ে পরেছিল দেশ মাতৃকার মুক্তির জন্য, যার একটি বড় অংশ ছিল এ দেশের কৃষক, শ্রমিক, জেলে , খেটে খাওয়া মানুষ। যারা রাজনীতির কিছুই জানতো না, কে হবে প্রধানমন্ত্রী কে হবে নেতা কোন কিছুই তাদেরকে টানত না, তাদের জীবনের একটাই ধ্যান ও জ্ঞান ছিল কঠোর পরিশ্রম করে পরিবার পরিজনের মুখে দুমুঠো অন্ন তুলে দেওয়া। সেই ব্রিটিশ দের সময় থেকে কংগ্রেস, মুসলিমলীগ, কে হিন্দু, কে মুসলমান তা তাদের মনকে স্পর্শ করতো না। তখন একেকটা গ্রাম ছিল একেকটা অসাম্প্রদায়িক চেতনার তীর্থ। তাইতো বাউল সম্রাট শাহ আব্দুল করিম বলেন গ্রামের নও জোয়ান হিন্দু মুসলমান মিলিয়া বাওলা গান আর মুর্শিদী গাইতাম, আগে কি সুন্দর দিন কাটাইতাম। এই অসাম্প্রদায়িক তীর্থে সাম্প্রদায়িকতার বিষ ছড়িয়ে দেয় ব্রিটিশরা, এদেশের কতিপয় মানুষের সহযোগিতায়। ভেঙ্গে যায় বাঙ্গালির ভাতৃত্ববোধ ও অসাম্প্রদায়িক চেতনা। শুরু হয় দাঙ্গা, অতঃপর হিন্দু ও মুসলমানের জন্য আলাদা আলাদা রাষ্ট্র। বাঙ্গালীকে ভাগ করা হয় হিন্দু ও মুসলমান দুই জাতিতে। যার সবচেয়ে বড় শিকার হয় কৃষক শ্রমিক সহ সাধারণ মানুষ । ব্রিটিশ দের পরে আসে পাকিস্তান আমল সেখানেও বাঙ্গালির উপর নেমে আসে খড়গ । আমরা জানি বাঙালি পৃথিবীতে একটি ইউনিক জাতি যার আছে নিজস্ব ভাষা, বর্ণমালা, সংস্কৃতি যা লালিত হয়ে আসছে হাজার বছর ধরে । সেই সমৃদ্ধ জাতি সত্তাকে ধ্বংসের পায়তারা করতে থাকে পাকিস্তানি শাসকেরা । তাদের ধারনা ছিল বাঙালি জাতি সত্তাকে ধ্বংস করতে পারলে তাদের ঐক্য নষ্ট হবে শাসন করা সহজ হবে প্রথমেই বেছে নেয় ভাষাকে। তারা উর্দু হরফে বাংলা লেখা, উর্দুকে রাষ্ট্রভাষা করার মত জঘন্য কার্যক্রম চালাতে থাকে। যাতে ধীরে ধীরে বাঙালি

জাতিসত্ত্বার মৃত্যু ঘটে। মানবদেহকে বাচিয়ে রাখার জন্য রক্ত যেমন জরুরি, একটি জাতি সত্ত্বা বেচে থাকার জন্য জরুরি হল মাতৃভাষা। ততদিনে বাঙালি প্রতিবাদ করতে শিখে গেছে বায়ান্নর ভাষা আন্দোলনের মাধ্যমে ছিনিয়ে আনে মাতৃভাষাকে। যে আন্দোলনে অংশগ্রহণ করেছিল ছাত্র ও সাধারণ জনতা। এতক্ষণ আলোচনায় আমরা পেলাম যে এ দেশের খেটে খাওয়া মানুষ গুলোই বার বার ক্রিড়ানকে পরিণত হয়েছে স্বার্থান্বেষী মহলের এবং অবদান রেখেছে বিভিন্ন আন্দোলন সংগ্রামসহ আমাদের মহান মুক্তিযুদ্ধে। একজন কৃষক মুক্তিযোদ্ধা জীবন বিসর্জনের জন্য তৈরি হয়েছে এটা ভেবে নয় যে, দেশ স্বাধীন হলে সে দেশের বড় কিছু হয়ে যাবে, বরং তার উদ্দেশ্য ছিল দেশ শত্রু মুক্ত হবে, বাংলাদেশ স্বাধীন হবে । যার সুফল আমরা এখন ভোগ করছি।

আমি একবার পদ্মা ও যমুনার মিলনস্থলের এক দুর্গম চরে গিয়েছিলাম, সেখানে এক বৃদ্ধার সাথে কথোপকথনে জানতে পারলাম তার পরিবারের একমাত্র উপার্জনক্ষম মেয়ে রানা পাজা ট্র্যাজেডিতে মারা গেছে। এখন তার উপার্জনের কোন অবলম্বন নেই। এরকম দুর্গম চর, যেখানে তারা রাষ্ট্র প্রদত্ত কোন নাগরিক সেবাই পাচ্ছে না পক্ষান্তরে তারা জীবন বিলিয়ে দিচ্ছে রাষ্ট্রের রপ্তানি আয়ের এক নম্বর সেক্টরের উন্নয়নে। আমাদের দেশের বেকার যুবক ভাইয়েরা বিদেশ যাওয়ার উদ্দেশে জীবনের ঝুকি নিয়ে অনিশ্চিত জীবনের পথে পা বাড়ায়। যেখানে প্রতি পদে পদে মৃত্যু ওঁত পেতে থাকে। নৌকায় চড়ে মালয়েশিয়ার যাওয়ার পথে শতশত বিদেশগামীর মৃর্তুর খবর আমরা শুনেছি। তারা কি শুধুই নিজের ভাগ্য বদলের জন্য জীবনের ঝুঁকি নিয়েছিল? এর দ্বারা কি দেশের লাভ হতনা? আমরা যে রেমিটান্স বলি তা তাদেরই পাঠানো টাকা । একদিকে তাদের জীবন আরেকদিকে আমাদের রেমিটান্স। আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হয়েছি, গর্ব করি, কিন্তু কৃষকের কষ্টের কথা জানি না। একটা বীজ ধানে পরিণত হওয়া একজন কৃষকের বিন্দু বিন্দু রক্তেরই রূপান্তর।

এদেশের এই খেটে খাওয়া মানুষদের সেবা করার উদ্দেশ্যেই আমরা যারা পাবলিক সারভেন্ট তাদের নিয়োগ দেয়া হয়েছে । একবার ভেবে দেখা উচিৎ আমি কি তাদের ঋণ শোধ করতে পারছি?



**ডাঃ মোঃ আলমগীর হোসেন**
রোল : সি-২২৪
ভেটেরিনারি সার্জন
জৈন্তাপুর, সিলেট



# মঙ্গলের বুকে অমঙ্গল

**এক**

আন্তর্জাতিক মহাকাশ গবেষণা সংস্থা (IFRI) চারজন বিজ্ঞানীকে মঙ্গলগ্রহে যাওয়ার জন্য নির্বাচন করেছে। যুক্তরাষ্ট্রের তিনজন বিজ্ঞানী জেমস, ডেভিদ, মার্ক। অপরজন হলেন আমেরিকায় গবেষণারত বাংলাদেশী মহাকাশ বিজ্ঞানী ড. তর্শীশ। অবশ্য বিজ্ঞানী তর্শীশের সুযোগ পাওয়াটা ছিল অত্যন্ত যুক্তিযুক্ত। কিন্তু তার মনে একটু সংশয় ছিল যে, 'বাংলাদেশী' হওয়ার অজুহাতে হয়তবা তিনি বাদ যাবেন। যা হোক IFRI এর নিরপেক্ষ বিচারের জন্য বিজ্ঞানী তর্শীশ তাদের প্রতি কৃতজ্ঞ। আগামী এক মাস মঙ্গলে থাকতে হবে, তাই এসব বিষয়ে আজ শেষবারের মত বিশেষ সম্মেলন হওয়ার কথা। ইতোমধ্যে ড. তর্শীশ একাই সম্মেলন কক্ষে বসে আছেন। তিনি ভাবছেন , মঙ্গল গ্রহে তারা কি কি করবেন, কিভাবে করবেন এসব দরকারি তথ্য। অথচ কি আশ্চর্য! সম্মেলনের সময় আগত প্রায় কিন্তু অপর তিন বিজ্ঞানীর কোন দেখা নেই! বিজ্ঞানীদের সময়ের প্রতি এত অমনযোগী হলে চলে? পরে তিনি তার ঘড়ির দিকে তাকিয়ে দেখলেন আরও আধা ঘন্টা সময় বাকী আছে! আসলে তিনিই অনেক আগেই চলে এসেছেন। তিনি ভাবছেন, ইতোমধ্যে মঙ্গলে কার্বন ডাই অক্সাইডের মাত্রা কমিয়ে অক্সিজেন সরবরাহ করা হয়েছে। কিন্তু এর বুকে আজও কোন মানুষের পদচিহ্ন পড়েনি! ভাবতেই মনে শিহরণ জাগে যে তারা ৪ জনই মঙ্গলের বুকে প্রথম পদচিহ্ন রাখবে!

**দুই**

মঙ্গলের বুকে রওনা দেয়ার জন্য বিশেষ উপায়ে তৈরি স্পেসশিপ প্রস্তুত। এতে চড়ে চার বিজ্ঞানী কিছুক্ষণ পর রওনা হবেন মঙ্গলের বুকে। শেষবারের মত ফটোসেসন হচ্ছে। ২০২১ সালের মানুষরা অবাক বিস্ময়ে দেখছে মহাকাশের চার যাত্রীকে। স্পেশশিপের চারদিকে লোকে লোকারণ্য। বিশেষ উপায়ে নির্মিত স্পেসশিপটিতে প্রয়োজনীয় সকল ব্যবস্থাই বিদ্যমান। চার বিজ্ঞানীর জন্য চারটি দক্ষ রোবট, আরও আছে প্রত্যেকের জন্য অসম্ভব উন্নত মেমোরি সম্পন্ন অত্যাধুনিক কম্পিউটার। স্পেশশিপের যাত্রার সময় আগত। সংকেত দেয়া হল। শিপের পরিচালনায় রয়েছে অত্যন্ত দক্ষ কম্পিউটার। বিজ্ঞানীরা IFRI এর প্রধানদের সাথে শেষবারের মতো করমর্দন করে শিপে উঠলেন। পরে মূহূর্তের মধ্যে স্পেসশিপটি পৃথিবী থেকে মঙ্গলের বুকে রওনা দিল।

**তিন**

বিজ্ঞানী ড. তর্শীশ তার কম্পিউটারে মঙ্গল বিষয়ক তথ্যাদি আরেকবার ঝালিয়ে নিচ্ছেন। কারন মঙ্গলের বুকে গিয়ে এগুলো খুব কাজে লাগবে।

-"স্যার, আমি কি আপনার জন্য কিছু করব?"

ড. তর্শীশ বিরক্তিভরা চোখে তাকালেন রোবটটির দিকে। তার কাছে এ যন্ত্রটিকে অসহ্য লাগে।

-"স্যার, রাগ করবেন না, আমি দুঃখিত। আমি কি আপনার জন্য কোন মিউজিকের ব্যবস্থা করব?"

ড. তর্শীশ এবার বেশ রাগান্বিত স্বরেই বললেন , "দূর হও আমার সামনে থেকে!"

-"স্যার দূর হয়ে যেতে পারব না, কারন আপনার সর্বদা সাহায্যের জন্যই আমাকে পাঠানো হয়েছে।

ড. তর্শীশ বুঝলেন যন্ত্রের সাথে রাগারাগি করে কোন লাভ নেই। অগত্যা এবার তিনি ESR কম্পিউটারের EK-০২০৯ বোতামে চাপ দিলেন। মনিটরে ভেসে উঠল স্পেসশিপের ছবি।

### চার

অপর তিন বিজ্ঞানীর সাথে যোগাযোগ করলেন ডঃ তর্শীশ। বিজ্ঞানী জেমস কম্পিউটারে দাবা খেলছেন, বিজ্ঞানী ডেভিড মেটাল মিউজিক শুনছেন। আর বিজ্ঞানী মার্ক চলতি পাক-ভারত টি-টুয়েন্টি সিরিজের ফাইনাল খেলা দেখছেন। অসম্ভব ক্রিকেট পাগল বিজ্ঞানী মার্ক। মার্কের সাথে যোগাযোগ হওয়াতে তিনি প্রশ্ন করলেন আমরা আর কতক্ষণ পরে মঙ্গলে পৌছাব?

-তা তো তুমি তোমার কম্পিউটারেই জানতে পারো।

-"উঃ! আমি বর্তমানে পাক-ভারত সিরিজ দেখছি। অবশ্য আর মাত্র ১ ওভার আছে। যাহ্ আউট হয়ে গেল!"

ড. তর্শীশ মনে মনে হাসলেন। কি সব পাগলামি। ক্রিকেট না হলে যেন মার্কের খাওয়াই হজম হয় না!

### পাঁচ

চার বিজ্ঞানীসহ স্পেসশীপ এখন মঙ্গলের মাটিতে। গোলাপী ও লালের অদ্ভূত সংমিশ্রন। কার্বনের অতিরিক্ততার জন্যই মঙ্গলের মাটি লালচে। তবে পৃথিবী থেকে দূরে অবস্থিত এ লাল গ্রহটিকে অদ্ভূত ভাল লাগছে। স্পেসশীপের মূল অংশটি মহাকাশেই অবস্থান করছে। প্রায় ৮ কোটি কিলোমিটার পথ অতিক্রম করার পরও ড. তর্শীশ মোটেও ক্লান্তি অনুভব করছেন না। বরং একপ্রকার রোমাঞ্চ অনুভব করছেন। বিজ্ঞানীদের পাঠানো অনুসন্ধান যন্ত্র প্রতিনিয়তই সংবাদ পাঠাচ্ছে। বিজ্ঞানীরাও পৃথিবীর সাথে প্রতিনিয়তই যোগাযোগ রক্ষা করে চলেছেন। এখন পর্যন্ত কোন অসংগতি দেখা যায় নি। ড. তর্শীশ মঙ্গলগ্রহ হতে বাইরের মহাকাশে তাকাতেই দেখলেন মঙ্গলের দুই উপগ্রহ ফবোস এবং ডিমোসের যে কোন একটিকে। তবে তার দেখা উপগ্রহটি ঠিক কোনটি তা তিনি বুঝতে পারছেন না।

### ছয়

অবশেষে মঙ্গলের মাটিতে চার বিজ্ঞানী তাবু গাড়লেন। কি আশ্চর্য! তিন বিজ্ঞানীই কম্পিউটারে গেম খেলায় মেতে উঠলেন! কিন্তু ডঃ তর্শীশ তার কম্পিউটারে চোখ রাখছেন আর তাদের পাঠানো অনুসন্ধান যন্ত্রের গতিবিধি পর্যবেক্ষণ করছেন। তিনি হঠাৎ দেখলেন , তাদের অনুসন্ধান যন্ত্রগুলো তার তাঁবুর দিকেই আসছে দ্রুতগতিতে। কিন্তু মূহুর্তেই তা অদৃশ্য হয়ে গেল। তিনি আরও দেখলেন তার কম্পিউটারে হঠাৎ গোলাপী আকাশ স্থির হয়ে আছে। তিনি অপর তিন বিজ্ঞানীদের সাথে যোগাযোগ করতে চাইলেন, কিন্তু কিছুতেই কিছু হলো না। শেষ চেষ্টা করলেন পৃথিবীর সাথে যোগাযোগ করতে। কিন্তু নাহ্ অনেক আগেই কম্পিউটারটি বিকল হয়ে গেছে। তাঁবুর বাইরে আসতেই দেখলেন সবকিছু শূন্য! কিছুই আর অবশিষ্ট নেই। ডঃ তর্শীশ ভয়ে কাঁপতে লাগলেন। তিনি বিস্ময়ে কিংকর্তব্যবিমূঢ় হয়ে গেলেন।

ড. তর্শীশ হঠাৎ শুনতে পেলেন , পৃথিবী গ্রহের প্রাণীদের প্রতি মঙ্গলবাসীদের ভালোবাসা আছে বিধায় তোমাদের আমরা সহজ মৃত্যু দিলাম। বাকী তিনজন তাদের অজান্তেই মৃত্যুবরণ করেছে। এবার তোমার পালা। অথচ তুমি বুঝতেই পারবেনা কখন তোমার মৃত্যু হবে! আর তোমার মতো পৃথিবীবাসীদের জানাচ্ছি , তোমরা বৃথাই অর্থ ধ্বংস করে মঙ্গলে বসতি স্থাপন করতে চেষ্টা করবে না। তার চাইতে পৃথিবীবাসী পৃথিবীতেই থাকুক, এতেই মঙ্গল হবে। মঙ্গলে বসবাসের জন্য যে অর্থ এবং সময় ব্যয় করছ তা তোমাদের পৃথিবীর উন্নতির কাজে ব্যবহার কর। এতেই তোমাদের উন্নতি হবে। সবাইকেই স্ব-অবস্থানে থেকে উন্নতি করতে হয়। সীমা অতিক্রম করা শুধু অমঙ্গলেরই সূত্রপাত করে। যাও শেষবারের মত তোমার নিজের গ্রামে কিছু সময় কাটাও! কারণ তোমার সময় আর মাত্র কিছুক্ষণ!

### সাত

ড. তর্শীশ স্পষ্টই বুঝতে পারছেন, তিনি তার গ্রাম মল্লিক বাড়িতেই অবস্থান করছেন। আজ হাটবার। আর তিনি তার বাবার সাথে বাজারে যাওয়ার প্রস্তুতি নিচ্ছেন। তার মা কি কি আনতে হবে তার হিসাব দিচ্ছেন। তিনি তা লিখে নিচ্ছেন এক এক করে। অবশেষে সকল প্রস্তুতি সম্পন্ন করে তার বাবাকে নিয়ে ফনিক্স বাইসাইকেলে চড়ে রওনা হলেন মল্লিকবাড়ি বাজারের দিকে!



**ইলিশায় রিছিল**
রোল : সি-২১৪
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী



# ভাবনা

১.

যখন ভাবি বেঁচে থাকা মানে হল অনির্দিষ্ট কাল ধরে মৃত্যুর অপেক্ষা, তখন হাস্যকর লাগে প্রতিদিনের ব্যস্ততা, অর্থহীন মনে হয় প্রতিদ্বন্দ্বীতা ।

ইট পাথরের দেয়াল, শুয়ে শুয়ে ইলেক্ট্রিক পাখা আর কত ? --ইচ্ছে করে দেখি বৃষ্টি ভেঁজা ঘাস, রাতের বাঁশবাগান। কাগজের নোট, জটিল-কুটিল মানুষ আর কত? --দেখি বক কত সাদা, ফুলের কত রঙ ।

যখন ভাবি স্বাক্ষরের নিচে কখনো লেখা হবেনা ../../২১১৫ইং, ভিতরে মোঁচড় দিয়ে ওঠে, --ইচ্ছে করে মাটির গন্ধ শুকে বেড়াই যে মাটিতে মিশে থাকব সহস্র বছর, যে মাটির পুষ্টি নিয়ে হয়তো বেড়ে উঠবে একটি কুমড়ো লতা, কিংবা শত সহস্র বছর পরের কিছু মনুষ্য ভ্রুণ তিরিশ বছর বয়সে সিটি কর্পোরেশনে চাকরি করবে, আর আমার দেহ মিশে থাকা মাটি খুঁড়বে অপটিক ফাইবার লাইনের জন্য ।

ভাবি আর অচেতন হয়ে যাই, যেন হাজার বছর পর নিজের অস্তিত্তের খোঁজে পৃথিবীতে এসে দেখছি সতেরশ কোটি মানুষের গরম নি:শ্বাসে আমি অনেক আগেই বাষ্পীভূত ।

আজ শুধু অপেক্ষা, সেই অনির্দিষ্ট কিছু ঘন্টা মিনিট, হয়তো বিকল হৃদয় কিংবা একটা পেট্রোল বোমা, তারপর, -নুড়ি পাথরের বন্ধু হয়ে ফেলে আসা পৃথিবীর জন্য পানি ছাঁকনে কর্মী হব, কিংবা দখিনা হাওয়ার একটি অণু হয়ে ঐ নারিকেল পাতায় আঁছড়ে পড়ব, কখনোবা মিশে যাব প্রিয়-অপ্রিয় তোমাদের নি:শ্বাসে ।

২.

মহাবিশ্ব পরমাণু ছাড়া কিছু নয় । তুমি, আমি, আমরা, এই গ্রহ, নক্ষত্র, গ্যালাক্সি, কনস্টেলেশন্স, সবই পরমাণুর সমষ্টি।

এমনকি আমাদের অনুভূতি, রাগ, ভালবাসা, ইমোশন্স, যাই বলুন না কেন, সবই পরমাণুর আন্ত:ক্রিয়ার ফল ।

বিশ্বাস হচ্ছে না?

না হওয়ারই কথা।

অনুভূতি কী?

অনুভূতি জটিল সব রাসায়নিক বিক্রিয়ার ফল । আর রাসায়নিক যৌগগুলো পরমাণুর সমষ্টি। তাহলে কী দাঁড়ালো!

আমরা আসলে এভাবে ভাবি না ।

চলুন, প্রথমদিকের একজন পরমাণু বিজ্ঞানীর অনুভূতি নিয়ে গল্প বানানো যাক ।

ডেমোক্রিটাস তার গার্লফ্রেন্ডের সাথে অন্তরঙ্গ মুহূর্ত কাটাচ্ছিলো । এই সময় মেয়েটার বাবা হাজির ।

-হারামজাদা, তোর এতোবড় সাহস, আমার মেয়েকে স্পর্শ করিস !

-ভুল করছেন জনাব, আমি আপনার মেয়েকে স্পর্শ করিনি । আপনাকে বুঝতে হবে স্পর্শ আসলে কী । আমার শরীরের পরমাণু আপনার মেয়ের শরীরের পরমাণু স্পর্শ করেনি । তৃকীয় স্পর্শে এক পরমানুর নিউক্লিয়াস কখনোই অন্য পরমানুর নিউক্লিয়াস স্পর্শ করতে পারেনা । সেটা ঘটে শুধুমাত্র নিউক্লিয়ার রিযেক্টরে অথবা সূর্যে ।

আমি না সূর্য, না নিউক্লিয়ার রিয়েক্টর ।

Now Sir, should we continue?

৪.

আকর্ষণীয় বাইসেপ্সওয়ালা পৌরুষত্বে আমি হিংসা করি না, হিংসা করি দারুণ আগ্রহী আর্ধেক-কানা বইপাগলাকে। অথর্ব দৈহিক সৌন্দর্য আমায় আকর্ষণ করে না, চরম হিংসা করি জ্ঞানী মস্তিস্কগুলোকে । ছয় ফিটের কারো সামনে নিজেকে ছোট ভাবি না, যতটা ছোট মনে হয় একটা বেশী বই পড়া কারো সামনে দাঁড়ালে । দেশের উৎকৃষ্ট প্রতিষ্ঠান থেকে পাশ করা মাথামোটা কাউকে কখনো পাত্তা দিই নি, শ্রদ্ধা আসে অবজ্ঞা আর তাচ্ছিল্যের স্তুপে পড়ে থাকা উর্বর মাথাগুলোর প্রতি । যে ফ্যানাটিক বন্ধু আমাকে খাওয়ায় পরায় তার জন্যও আমার কৃতজ্ঞতা নেই, যতটা কৃতজ্ঞ শত্রুটার কাছে যে আমাকে একবার বলেছিল "লাইব্রেরি এই দিকে" ।



**ডাঃ প্রবাল চৌধুরী**
রোল : সি-২১৫
ভেটেরিনারি সার্জন
বাঘাইছড়ি, রাঙ্গামাটি




# Cyber Crime and Bangladesh

New communication system and digital technology have made dramatic changes in the way we live. In the last decade the Internet has achieved considerable expansion. Internet connects the person sitting in the remote corner of the home or office to other office, bank, electricity dept, water works, travel service, bazaar, bookshop, friend of the entire world. In today's world, More and more criminals are exploiting the speed, convenience and anonymity of the Internet to commit a diverse range of criminal activities that know no borders, either physical or virtual, cause serious harm and pose very real threats to victims worldwide.

Cyber crime is a very well-known word in digital world. What is cyber crime? Basically, Cyber crime encompasses any criminal act dealing with computers and networks (hacking, phishing, spamming) or is used as a tool to commit an offense (child pornography, hate crimes, telemarketing and Internet fraud, identity theft, and credit card account etc). Cyber crimes can be against persons, property and government. Two main types of Internet-related crime:

- Advanced cybercrime (or high-tech crime) – sophisticated attacks against computer hardware and software;
- Cyber-enabled crime – many 'traditional' crimes have taken a new turn with the advent of the Internet, such as crimes against children, financial crimes and even terrorism.

The number of internet users in Bangladesh is steadily on the rise. Approximately 96 percent of users access the internet via mobile phone providers, which recently began offering faster 3G service. The International Telecommunication Union reported internet penetration in Bangladesh at 9.6 percent in 2014, up from 6.6 in 2013. Government estimates were closer to 30 percent. Mobile penetration rose from 74(2013) to 76(2014), according to the Bangladesh Telecommunication Regulatory Commission. The World Economic Forum's 2013 global IT report ranked Bangladesh 114 out of 144 countries worldwide, with infrastructure and regulatory environment scoring poorly, though overall communication service was comparatively affordable, a factor that is driving growth. The government's 2009 "Digital Bangladesh by 2021" program seeks to integrate internet access with development efforts in national priority areas, such as education, healthcare, and agriculture.

The gradual dependence and extensive use of computer and information technology by the financial institutions like bank, insurance company, and other non-government organizations increase the risk of cyber crime here. These include cyber stalking, cyber harassment, morphing and obscene publication, email/profile hacking, spoofing, cyber pornography including revenge porn, internet voyeurism, cyber defamation, cyber bullying, e-mail harassment, cyber blackmailing, threatening, emotional cheating by impersonation, intimate partner violence through internet and abetment of such offences. Some Previous and present cyber incidents are : E-mail threatening to the Honourable Prime Minister Sheikh Hasina from a cybercafé, Hacking the mail of BRAC, Bangladesh, Stealing the transaction report of Dhaka Stock Exchange through hacking, Inserting porno movies to the web site of Bangladesh National Parliament Bangladesh, Inserting the porno movies to the website of the Daily Jugantor newspaper, E-mail threatening to World Bank Dhaka Office and the former President of the United States George Bush etc… Recently Hackers breached the computer systems of Bangladesh Bank in early February and attempted to steal $951 million from its account at the Federal Reserve Bank of New York, which it uses for international settlements. Some transfers were blocked but $81 million was moved to accounts in the Philippines. The accused Tanveer Hassan Zoha told reporters that he knew three of the user IDs that hackers deployed to carry out the largest cyber heist in history.

In order to facilitate e-commerce and encourage the growth of information technology we have several laws, two enactments are important for practical purposes: the Information and Communication Technology Act, 2006 (ICTA) and the Pornography Control Act, 2012 (PCA). the ICT Act, 2006 was enacted making provisions with a maximum punishment of 10 years imprisonment or fine up to taka 10 million or with both. However, recently our Parliament amended the ICT Act 2006 , raising penalties for cyber crimes setting a minimum of 7 years imprisonment and a maximum of 14 years or a fine of Tk. 1 crore or both on August 2013. The bill made offences under sections 54, 56, 57 and 61 of the ICT Act, 2006 cognizable and non-bailable, empowering law enforcers to arrest anyone accused of violating the law without a warrant, by invoking section 54 of the Code of Criminal Procedure. All such offences were non-cognizable in the ICT Act, 2006. However, all concerned apprehend of the misuse of the power by the police. The ICT Act, 2006 as amended in 2013 is obviously a brilliant achievement of Bangladesh in the field of cyber

law.

Critics point out that still there remain certain specific limitations of the said Act as: remaining silent about various intellectual property rights like copy right, trade mark and patent right of e-information and data; having a major effect on e-commerce and m-commerce in Bangladesh; no anti spamming provision in our Act; the ICT Act, 2006 does not define 'domain name' and the rights and liabilities relating to this; not addressing any crime committed through using mobile phones; it makes e-mails as evidence, conflicting with the country's Evidence Act that does not recognize as e-mails as evidence etc.

The act was used for the first time in April 2013 to arrest four bloggers who had been vocal on different social issues and mostly wrote against religious extremism. In September 2014, a local court sentenced a mobile phone user, Tonmoy Mollick, to seven years in prison under the ICT Act for making parody songs mocking the prime minister and the father of the nation and sharing the song with others. The BTRC briefly blocked social messaging applications for four days in January 2015 in relation to political violence. Campaigners across the political spectrum embraced digital tools in advance of local elections in two major cities. The year 2015 saw the most casualties for online activists in Bangladesh on record. Bloggers Abhijit Roy, Washiqur Rahman, Ananta Bijoy Das, and Niladri Chattopadhyay Niloy were fatally attacked, allegedly by religious extremists, in separate incidents in February, March, May, and August of 2015, respectively.

**Cyber Crime Prevention Tips**

- Use Strong Passwords and change them on a regular basis.
- Secure your computer
- Activate your firewall
- Firewalls are the first line of cyber defense; they block connections to unknown or bogus sites and will keep out some types of viruses and hackers.
- Use anti-virus/malware software
- Prevent viruses from infecting your computer by installing and regularly updating anti-virus software.
- Block spyware attacks
- Prevent spyware from infiltrating your computer by installing and updating anti-spyware software.
- Be Social-Media Savvy
- Make sure your social networking profiles (e.g. Facebook, Twitter, Youtube, MSN, etc.) are set to private. Check your security settings. Be careful what information you post online. Once it is on the Internet, it is there forever!
- Secure your Mobile Devices
- Be aware that your mobile device is vulnerable to viruses and hackers. Download applications from trusted sources.
- Install the latest operating system updates

- Keep your applications and operating system (e.g. Windows, Mac, Linux) current with the latest system updates. Turn on automatic updates to prevent potential attacks on older software.
- Protect your Data
- Use encryption for your most sensitive files such as tax returns or financial records, make regular back-ups of all your important data, and store it in another location.
- Secure your wireless network
- Wi-Fi (wireless) networks at home are vulnerable to intrusion if they are not properly secured. Review and modify default settings. Public Wi-Fi, a.k.a. "Hot Spots", are also vulnerable. Avoid conducting financial or corporate transactions on these networks.
- Protect your e-identity
- Be cautious when giving out personal information such as your name, address, phone number or financial information on the Internet. Make sure that websites are secure (e.g. when making online purchases) or that you've enabled privacy settings (e.g. when accessing/using social networking sites).
- Avoid being scammed
- Always think before you click on a link or file of unknown origin. Don't feel pressured by any emails. Check the source of the message. When in doubt, verify the source. Never reply to emails that ask you to verify your information or confirm your user ID or password.
- Call the right person for help

Cyber crime is a fast-growing area of crime. Our government requires cyber infrastructure to prevent, detect and prosecute them. So Proper initiative should be taken to get rid of the problems for ensuring a cyber crime free peaceful society.



**Shaheda Sultana**
Roll : C-223
ASP RAB 7, Chittagong.



# বিব্রতকর মুহূর্তগুলো

**বিব্রতকর মুহূর্ত : লজ্জা**

কমলার হালি কত? দোকানী বেশ ভাব নিয়ে বল্লো ১৫০ টাকা-ডজন। দুটো কমলা নিয়ে মানি ব্যাগ বের করলাম। দেখলাম একটি ১০০ টাকার নোটের ছাপার মার্জিনে লম্বালম্বি উপরে স্পেস কম আছে। নোটটি নকল কিনা সন্দেহ হলো। মানি ব্যাগ থেকে নোটটি বের করে তাকে দিলাম। মহিলা স্বামীর কাছে জানতে চাইলো কত রাখবে? ২৫ টাকা রাখ। মহিলার হাতে দু-বান্ডেল টাকা ছিল। সে টাকা গুলো গুছাচ্ছিল। আমিও একটু অন্যমনস্ক হলাম। আমাকে কিছুক্ষণ পর ২৫ টাকা ফেরত দিল। বল্লাম: ১০০ টাকার নোট দিয়েছি। মহিলা রেগে বল্লো: আমার কাছে ১০০ টাকার কোন নোটই নাই - আর আমাকে ---? আমি লজ্জিত হয়ে তার দিকে না তাকিয়ে খানিক ভেবে চলে গেলাম। কিছুক্ষণ পর মনে পড়লো আমার ১০০ টাকার নোটের ছাপার মার্জিনে লম্বালম্বি উপরে স্পেস কম ছিল। আমার লজ্জিত না হয়ে তাকে ভদ্রভাবে জীজ্ঞাসাবাদ করা উচিৎ ছিল। আমার লজ্জাই আমাকে বিব্রত করেছিল।

**বিব্রতকর মুহূর্ত : অবিশ্বাস**

ভাবছিলাম কুষ্টিয়া হতে শনিবার সকাল ৬ টায় রওনা হবো। ক্রিং ক্রিং ক্রিং----- । আচ্ছালামুআলাইকুম - আমি সিসি বলছি। আপনার কাজ কেমন চলছে ? আপনাদের শনিবার বিকাল ৫ টার মধ্যে নোয়াখালী ডিসি অফিসে উপস্থিত হতে হবে------। ভেবে দেখলাম নোয়াখালী যেতে অন্তত ১২ঘন্টা লাগবে। কর্তার ইচ্ছায় কর্ম। তাই শুক্রবার রাত ১০.৩০ কুষ্টিয়া হতে নোয়াখালীর উদ্দ্যেশ্যে রওনা হলাম। সিট পেলাম আই-২। আই-১ এ বসা ছিল এক মহিলা। জিজ্ঞেস করলাম, সিট নম্বর কত ? মহিলা উত্তর না দিয়ে টিকিট বের করে আমাকে দিল। রাতে একজন মহিলার পাশে বসে এতোদুর যাবো ! যাক, সাত-পাঁচ ভেবে বসলাম। মহিলা বল্লো বসেন, মা-বোন তো সবারই আছে। পাশের একজন দিনমজুর টাইপের যাত্রী বল্লো আপা আপনি কোথায় নামবেন ? মহিলা বল্লো উত্তরায়। কি উদ্দ্যেশে যাচ্ছেন ? মহিলা হেসে বল্লো একটা কাজে। ভয় হচ্ছিল রাতে যদি মহিলা আমাকে সাইজ করে ফেলে ? কিছুক্ষণ পর সুপারভাইজর এলো। কোথায় নামবেন ? মহিলা : উত্তরায়। সুপারভাইজর: মাফ চাচ্ছি, জ্যাম হলে ৭.০০টার পর গাড়ী উত্তরায় যাবে না। মহিলা : কেন যাবেন না ? টাকা তো ৪৫০টাকার কম এক টাকাও রাখেন নাই। আপনারা মানুষদেরকে খালি ঠকান। সুপারভাইজর: আপনি আমার মায়ের মতো। জ্যাম হলে কারোরই কিছু করার থাকে না। কিছুক্ষণ পর, সামনের চেয়ারের একজন চেয়ার হেলাতে গিয়ে বেশি হেলে যায়। মহিলা চেঁচিয়ে বল্লো, হেয় মিঞা আপনি কি আমার কোলের উপর শুইয়া ঢাকা যাবেন ? যাত্রী মলিন সুরে বল্লো আপা আপনিও চেয়ার হেলায়ে নেন। ভোর ৪.০০ যাত্রীরা উত্তরায় নেমে যাচ্ছে। মহিলা তখনো বসা। বাস চলতে শুরু করেছে। মহিলা বলে উঠলো আমাকে উত্তরায় নামায় দিবেন। সুপারভাইজর রেগে বল্লো সারা রাস্তা সায়দাবাদ নামবেন বল্লেন এখন উত্তরায় ? বাস থামলে মহিলা কথা না বাড়িয়ে দ্রুত নেমে পরলো।

**বিব্রতকর মুহূর্ত :** ভীতি

শীতের রাত, ৪.১৫ টায় বাস থেকে সায়দাবাদ নামলাম । সব কাউন্টার বন্ধ। আশেপাশে কেউ নাই। আমার ব্যাগে ল্যাপটপ, সাথে টাকাও আছে। আজ নিশ্চয় ছিনতাইকারীর হাতে ধরা খেতে হবে। দেখি এক কোনে একজন বসে আছে। ভদ্রবেশী ছিনতাইকারী হবে নিশ্চয়। তাই একটু পাশকাটিয়ে খোলা জায়গায় হাটাহাটি করতে লাগলাম। কিছুক্ষণ পর মনে হলো মানুষকে এতোটা অবিশ্বাস করা ঠিক হবে না। একটু এগিয়ে তার সাথে পরিচিত হলাম। তিনিও আমার মতো বিপদে পড়ে ভোর হবার অপেক্ষায় প্রহর গুণছেন। ঘন্টা খানেক পরে একটা কাউন্টার খুললো। কাউন্টারে গিয়ে বসলাম। যাক ছিনতাইকারীর হাত হতে তো প্রাণে বাঁচলাম। একটু ঝিমুচ্ছি, দু-জন মহিলা কাউন্টারে প্রবেশ করলো, সম্ভবত আমার মতো বিপদে পড়েই কাউন্টারে এসেছে। কাউন্টারম্যান: আপারা কই থেকে আসলেন ? প্রথম মহিলা: অর বাচ্চা হয় না তাই অরে লইয়া সিলেটে মাজারে গিছিলাম। অনেক মজা হইছে। পাগলা বাবার মাজারে গেছেন ? আমি বিউটি পার্লারে চাকরি করি। আর, সময় পাইলে, পাগলা বাবার মাজারে বেড়াইতে যাই। অনেক নাচানাচি হয়। কথাগুলো শুনছিলাম আর ঝিমাচ্ছিলাম। মহিলাদের স্বভাবতো খুব ভালো ঠেকছে না। হঠাৎ একটা কি যেন আমাকে সজোরে আঘাত করলো। ভিষণ ভয় পেলাম। শেষ-মেষ মহিলা ছিনতাইকারীর হাতে পরলাম! অবাক, চোখ খুলে দেখি, আমার ল্যাপটপের ব্যাগটি টেবিল থেকে আমার গায়ের উপর পরেছে আর, মহিলারা কাউন্টারম্যানের সাথে গল্প চালিয়েই যাচ্ছেন ।

# স্বপ্নের ছোঁয়া

মায়া পাশে বসা, সালেহ সেভ করছে । মায়া, বাবার সেভের জন্য রাখা পানি দিয়ে খেলছে। আজ সালেহকে সে একটু বেশিই বিরক্ত করছে । সালেহ ভাবছে মেয়েকে নিবৃত করবে । কিন্তু, সে তার মেয়েকে এতটুকু সহ্য না করলে মেয়ের মেধা কিভাবে বিকশিত হবে? তার ছোট বেলার একটা স্মৃতি মনে পড়ল । ক্লাস থ্রী তে পরার সময় একদিন এক শিক্ষক তাকে পেটালে, তার বাবা তিন মাস তাকে স্কুলে যেতে মানা করল। স্কুল জীবনে এমন খামখেয়ালী করায় তার জীবনে খেলাধুলা তেমন করা হয়নি। হাই স্কুলে খেলা বাধ্যতামূলক। তারও প্রচণ্ড আগ্রহ - কিন্তু কে তাকে খেলা শেখাবে? সব বন্ধুরা ভাবছে তাকে খেলা শিখিয়ে প্রতিযোগিতা বাড়িয়ে কি লাভ? তবে তার এক গারো বন্ধু তাকে প্রথমে ব্যাডমিন্টন খেলার এবং পরবর্তীতে এক চাকমা বন্ধু তাকে ভলিবল খেলার প্রাথমিক দীক্ষা দিয়েছিল।

অফিসের কাজে আজ তাকে ঢাকা যেতে হচ্ছে । সে সিগারেট খাওয়া ঘৃণা করে। পাশের ছিটে বসেছে এক সিগারেট খোর। পরিচয় হলো- তিনি অলক সরকার। একজন শিক্ষিত শিল্পী। কিন্তু নতুন কিছু জানার ইচ্ছা সব সময় তাকে তাড়িত করে। সিগারেটের ঘৃণা ভুলে, সালেহ শিল্প-সাহিত্য নিয়ে অলকের সাথে অনেকক্ষন আলাপ করলো । সালেহ সাহিত্যিকদের রীতিমত ঘৃণা করতো। কারণ গল্প, নাটক কিংবা উপন্যাস প্রায় সবই মিথ্যা কথার বাড়াবাড়ি। বাস্তব জীবনে এদের প্রয়োগই বা কি ? অলক বল্লো সাহিত্যিকরা তাদের লিখায় বিভিন্ন ধারণাকে বিকশিত ও উপভোগ্য করে তোলে। সালেহের ধারনা আজ শুধরালো এটা যেনে যে, সাহিত্যিকরা একটা বিষয়কে শিল্পীর তুলিতে আঁকে, এখানে সত্য-মিথ্যার কোন বালাই নাই। এখানে শিল্পটাই প্রধান। তাহলে জীবনের এতটা দিন ভুলেই কাটলো?

জীবনে বড় খেলোয়াড়, শিল্পী কিংবা সাহিত্যিক হওয়া সালেহের পক্ষে সম্ভব নাও হতে পারে। তবু - একটুকু স্বপন জাগে একটু আলো পেয়ে।



**ডাঃ মোঃ মিজানুর রহমান**
রোল : সি-২৩২
ভেটেরিনারি সার্জন
লোহাগড়া, নড়াইল

# কুহক বন্দি

১.

চোখ মেলে ঘুমের ঘোরেই রনকের প্রথম যে কথাটি মনে হলো তা হচ্ছে এইটা নিশ্চয়ই স্বপ্ন। কারণ আবছা আলোয় তার থেকে একটু দূরের টেবিলটার উপর একটা সিগারেটের প্যাকেট। সিগারেট সে যে খায় না তা নয়। বরং উল্টোটা। তবে মুনিয়ার কারণে তার দৈনিক সর্বমোট সিগারেটের সংখ্যা তিনটিতেই সীমাবদ্ধ। সংখ্যাটা মুনিয়ারই ঠিক করে দেয়া এবং এই সংখ্যাটাও খুব শীঘ্রই ক্রমান্বয়ে ছোট হয়ে আসবে এই হুমকি মুনিয়া রনককে দিয়ে রেখেছে। অতএব এটা স্বপ্নই হবার কথা। তা ছাড়া সিগারেটের প্যাকেট থেকে তাজা গোলাপের গন্ধ আসছে। রনক যখনই এই অনর্থক স্বপ্নটি দেখতে অস্বীকার করতে যাচ্ছিল ঠিক তখনই তার ছোট্ট মেস ঘরটায় রাখা টেবিলটার আরেক প্রান্তে সে এক গুচ্ছ তাজা গোলাপ দেখতে পায়। তার পরপরই মুনিয়ার পরিচিত পারফিউমের সুঘ্রান তার নাকে এসে লাগতেই সে বুঝতে পারে তার ঠিক পেছনে রাখা চেয়ারটায় এই মুহূর্তে মুনিয়া বসে আছে। ঘুমের ঘোরে সবগুলো সূত্র এক করতেই সে বেশ বুঝতে পারে আজ কোনো একটা বিশেষ দিন। একমাত্র এই ধরনের বিশেষ কোনো দিনেই মুনিয়া দিনটির সাথে মানানসই সমসংখ্যক লাল গোলাপ এবং সিগারেট নিয়ে উপস্থিত হয়। রনক প্রাণপণে বিশেষ দিনটি কি হতে পারে ভাবতে চেষ্টা করে। সাহায্যের আশায় মাথা সামান্য উঁচু করে গোলাপের সংখ্যা গুনার চেষ্টা করতেই মুনিয়া চেঁচিয়ে ওঠে-

এই উঠতো, উঠ বলছি!

রনকের নিজেকে দুর্বল বিবাহিত পুরুষের মত মনে হয়।

২.

রনক আর মুনিয়া এই মুহূর্তে রিকশায় বসা। ঝড়ের বেগে রিকশা ছুটছে। আজ দুজনের দীর্ঘ সম্পর্কের বারো বছর পূর্তি। মুনিয়ার হাতে বারোটি তাজা গোলাপ আর রনকের প্যান্টের পকেটে থাকা সিগারেটের প্যাকেটে বারোটি সিগারেট। খুশি মনে সিগারেট ধরিয়ে রনক বলতে শুরু করে-

মুনিয়া তুমি কি জানো তোমার হাতের ঐ গোলাপ আর সিগারেটের মাঝে কতখানি মিল?

মুনিয়া চোখ মটকে তাকায়। রনক পরোয়া করে না। সে বলে চলে-

সাধারনভাবে বলা যায় এক গুচ্ছ তাজা গোলাপ হাতে একটা মেয়ে আর এক প্যাকেট সিগারেট হাতে বেশিরভাগ ছেলের খুশির পরিমান একেবারে সমান। বিশেষ কিছু দিন ছাড়া এদের দামের মধ্যেও কি দারুন মিল! তাছাড়া তোমার হাতের গোলাপগুলোর দিকে তাকিয়ে থাকা মেয়েগুলো এই মুহূর্তে ঠিক যতটা জেলাস তোমার ঠিক পাশেই স্বাধীনভাবে সিগারেট ফুঁকে চলা আমাকে দেখে বেশিরভাগ ছেলেগুলোই একই রকম জেলাস।

টানা এতগুলো ভাবের কথা বলে রনক সিগারেটে লম্বা টান দেয়। মুনিয়া মনে হচ্ছে আজ তার উপর কোনো কারণে বেশ বিরক্ত। রনক অনেক ভেবেও কারণটা খুঁজে পায় না। সে খুশি মনে নিজেই একের পর এক প্রসঙ্গ পাল্টাতে থাকে। হঠাৎ মুনিয়ার ঝারি খেয়ে থেমে যায়। তারপর একটানা ঝারি চলতেই থাকে যা আদতে রনক যে কতটা অপদার্থ, তার মতো ছেলের সাথে এতদিন লটকে থাকা নিয়ে নিজের উপর হতাশা এবং কবে তার নিজের বিয়ে হয়ে যাচ্ছে প্রবাসী কোনো এক ছেলের সাথে তার একটানা সুদীর্ঘ বিবরণ। রনক চুপচাপ শুনে যায়। তার কাছে এগুলো নতুন নয়। বছর দুএক ধরে শুনেই যাচ্ছে। রনক জানে এই মেয়েটা ভালোই বোঝে টিউশনির সামান্য কটা টাকায়

পিতৃহীন পরিবারের মা আর ছোট ভাইটার খরচ কোনো মতে চালানো গেলেও বিয়ের বিষয়টা খুব নির্মমভাবে অবান্তর। রনক ভাবের সাথে বিবাহ, দারিদ্র্য ও মানবজীবন সম্পর্কিত গুরুগম্ভীর আলোচনার শুরু করতেই মুনিয়া তাকে সম্পূর্ণ উপেক্ষা করে বলে ওঠে-

এই যে রিকশাওয়ালা ভাই, আপনি বিয়ে করেছেন?

রিকশাওয়ালা দাঁত বের করে বলে, হ আফা বিয়া একটা করছি।

রনক মনে মনে বলে, হারামজাদা! যেন আরো কয়েকটা করার ইচ্ছে আছে।

সে দুর্বলভাবে প্রতিবাদ করতে চেষ্টা করতেই মুনিয়া দুম করে দ্বিতীয় প্রশ্ন করে বসে-

এই যে ভাই, আপনার ছেলে-মেয়ে আছে?

রিশাওয়ালা বদটা এবার সবকয়টি দাঁত বের করে বলে ওঠে, আল্লায় তিনটা দিছে, আমরার লিগা দোয়া রাইখেন আফা।

রনক কিছু বলতে গিয়েও মুনিয়ার চোখের দিকে তাকিয়ে সাহস হলো না। হাল ছেড়ে দিয়ে উদাস মুখে সিগারেট টানতে লাগল।

৩.

রাত দশটা। আগামীকাল মুনিয়ার বিয়ে। রনকের প্যাকেটে এই মুহূর্তে ঠিক দুইটি সিগারেট। সে মেসের পাশের টং দোকানটায় গিয়ে থামে। মন্টু তাকে দেখে বলে ওঠে-

আরে রনক ভাই, সিগ্রেট লাগবো?

নারে আজ তোর থেকে সিগারেট কিনতে আসি নাই, বেচতে আসছি!

মন্টু হা করে তাকিয়ে থাকল।

রনকের কাছে এখন একটি মাত্র সিগারেট। মন্টুকে একটি সিগারেট দিয়ে সেই টাকা দিয়ে রনক একটি গোলাপ কিনে নেয়। সিগারেট ও গোলাপের সংখ্যা তার বর্তমান অবস্থার সাথে অত্যন্ত সামঞ্জস্যপূর্ণ। অভ্যস্ত হাতে সিগারেট ধরাতেই রনক প্রথম সিদ্ধান্তটা নেয় যে এটাই তার জীবনের শেষ সিগারেট। লম্বা একটা টান দিয়ে সিগারেটের ধোঁয়াটা ভেতরে নিয়ে সে দ্বিতীয় সিদ্ধান্তটা নিতে শুরু করে- সে কি সিগারেট ছেড়ে দিবে নাকি অযাচিত জীবনটাকেই!



**মোঃ রকিবুর রহমান**
রোল : সি-২২০
সহকারি প্রকৌশলী
চট্টগ্রাম গণপূর্ত বিভাগ-২
রহমতগঞ্জ, চট্টগ্রাম।



# অনু

১

অনুর আজ মন খারাপ। প্রতিদিন ঝুড়ি পুরিয়ে দোকানে ফেরে। অথচ সন্ধ্যা ঘনিয়ে এলেও অর্ধেক ঝুড়িও পুরোয়নি। তার যে শরীর খারাপ তা কি আর তার মালিক বুঝবে? ছোট খাটো ভুলেও সে তাকে খুব মারে। কেন এত মারেসে বুঝে উঠতে পারেনা। জ্ঞান হবার পর হতেই সে এই পরিবারের সাথে আছে। এত আঘাত সহ্য করেও অনু কোন প্রকার ক্ষোভ প্রকাশ না করেই এ অত্যাচার সয়েই দিন কাটিয়ে দিচ্ছে, তার যে যাওয়ার কোন জায়গা নেই। এত অত্যাচারের পরও কোন এক অদ্ভুত কারণে অনু তার মালিকের প্রতি টান অনুভব করে।

অনুর বয়স সাত বছরের একটু বেশী। প্রতিদিনের মত আজও সে বেড়িয়েছে কাগজ আর প্লাস্টিকের বোতল কুড়োতে, সঙ্গী তার নিত্যদিনের দুই বন্ধু রাশেদ আর পিলু। তারা তিনজন একে অন্যের খুব ভালো বন্ধু। অসুস্থ শরীরে রাস্তার এক কোণে বসে আছে অনু আর বিভিন্ন কষ্টদায়ক স্মৃতি বিক্ষিপ্তভাবে উঁকি দিচ্ছে তার মনে, ভাবছে তার কপালে আজও হয়ত কঠিন কোন শাস্তি আছে। এসব ভাবতে ভাবতে তার চোখ ভিজে উঠে। এর মধ্যে রাশেদ এসে জানতে চায়, তার মন খারাপ কেন? অনু কিছু বলেনা শুধু তাকিয়ে থাকে। অর্ধেক ঝুড়ির দিকে তাকিয়ে রাশেদ বুঝতে পারে অনুর ভাগ্যে আজ খারাপি আছে। অনুর কথা ভেবে রাশেদ তার ঝুড়ি থেকে কিছু জিনিস বের করে পুরে দিল রাশেদের ঝুড়িতে। মালিকের পরিবারের সবার কাছ থেকেই অনাদর আর অবহেলা পেতে পেতে এটুকু বয়সেই অনু অনুভব করে ভালবাসার শক্তি ও মর্ম। গায়ের লাল গেঞ্জি ও কালো প্যান্টই একমাত্র সম্বল তার, ময়লার আস্তর পড়তে পড়তে তাও বর্ণচোরা হয়ে গেছে তবুও কর্তার কাছ থেকে একটু ভাল ব্যবহার ও আদরের আশায় তার প্রাণান্তর চেষ্টার কোন কমতি থাকেনা আর বিনিময়ে সে পায় দুবেলা খেতে আর দোকানের এক কোণে একটুখানি থাকার আশ্রয়।

২

অনু ও তার দুই বন্ধু রাশেদ আর পিলু একেকদিন এক এক জায়গায় যায় নিত্যকর্মে । তারা আজ গেল পাহাড়তলি বাজারে। ঘুরতে ঘুরতে তারা এক দোকানের পাশে ক্লান্ত হয়ে বিশ্রাম নিতে নিতে যখন খুনসুটি করছিল এই ফাকে শফিক আব্বাস নামক এক ভদ্রলোক হাজির হলো সেই দোকানে। ভদ্রলোকের বয়স খুব একটা বেশী নয়, একটি বিদেশী সংস্থায় কাজ করেন পাশাপাশি সচেষ্ট থাকেন পথশিশুদের উন্নয়নে কাজ করতে। আব্বাস সাহেব চা খেতে খেতে অনুদের লক্ষ্য করছিল আর তাদের আলাপচারিতা শুনছিল। সে দেখল একজন আরেকজনকে জিজ্ঞেস করছে-এই অনু, তুই বড় হইয়া কি করবিরে? অনু জবাব দিল বিমানের ড্রাইভার হবে তারপর সে উড়ে বেড়াবে দেশ বিদেশ, পিলু নামের ছেলেটি বলছে সে নাকি নেতা হবে আর রাশেদ বড় হয়ে হবে স্কুলের স্যার। তিনি এসব কথা শুনছিলেন মনোযোগ দিয়ে আর ভেতর থেকে একটা দীর্ঘশ্বাস অনুভব করলেন, আর ভাবলেন এভাবে হাজারো পথশিশুর সুযোগের অভাবে প্রতিনিয়ত স্বপ্ন ভঙ্গ হচ্ছে আর জড়িয়ে পড়ছে বিভিন্ন অপরাধচক্রে, সমাজে বাড়ছে বিভিন্ন অপরাধ। এসব ভাবতে ভাবতে সে শুনতে পেলেন রাশেদ বলছে সে নাকি একবার এক স্কুলে ক্লাশের পাশে কাগজ কুড়োতে গিয়ে দরজার কাছে দাড়িয়ে স্যার এর কথা শুনছিল হঠাৎ সেই স্যার তাকে ডেকে জিজ্ঞেস করল- *"এই পোলা তুই খাড়ায়া কি দেখস? কি স্কুলে পড়তে চাস? পড়ালেখা কিছু জানস?"* এক নাগাড়ে আরো অনেক প্রশ্ন। রাশেদ কিছু না বুঝেই বলে ফেলল- *"হ স্যার লিখতাম পারি কিন্তু পড়তাম জানি না।"* তখন স্যার তাকে নাকি বলল- *"যা ঐ চক লইয়া যা, বোর্ডের মধ্যে তোর নাম লেইখা দেখা।"* সে চক নিয়ে গিয়ে এলোমেলো কিছু লিখার চেষ্টা করে বলল- স্যার লিখছি। স্যার বলল- *"এইসব কি মাথামুন্ডু লিখছস, পইড়া শোনা।"* সে বলল- *"স্যার আগেই তো কইছি, লিখতাম পারি কিন্তু পড়তাম পারি না"* বলেই ভো-দৌড় দিল সে। এই শুনে তারা তিনজন হাসতে হাসতে একে অন্যের উপর গড়িয়ে পড়ল। আব্বাস সাহেব ও হাসি চেপে রাখতে পারলেননা। তিনি ভাবলেন সুশীল সমাজের সবাই পথশিশুদের প্রতি সবসময় নেতিবাচক ধারনা পোষন করেন। অনুদের কথা শুনে আব্বাস সাহেবের মনে হলো সমাজের প্রতিটি স্তরে ভালো মন্দ মিশে আছে, যেমনটি আমরা খোলা চোখে দেখি বস্তুত তা কিন্তু না। যেমনটি সে দেখতে পেল সভ্য সমাজের অন্য আট দশজন শিশুদের মতই এই পথ শিশুগুলোর মধ্যেও বাস করছে অনেক বড় হবার স্বপ্ন, সমাজে প্রতিষ্ঠিত হবার বাসনা। শুধু সুযোগের অভাবের ফলে স্বপ্নগুলো প্রস্ফুটিত হচ্ছেনা। এক পর্যায়ে রাশেদ লক্ষ্য করল এক লোক তাদের দিকে এক দৃষ্টিতে তাকিয়ে আছে। তার মনে হলো ভদ্রলোক বোধহয় কিছু বলতে চাচ্ছেন, ভাবভঙ্গি দেখেতো তাই মনে হচ্ছে। চোখে চোঁখ পড়তেই আব্বাস সাহেব তাদের ইশারায় ডাকলেন। তারা গেলে তিনি প্রত্যেকের পরিবার সম্পর্কে জানতে চাইলেন এবং এক পর্যায়ে জানালেন একটা স্কুলের কথা যেখানে বিকেলে পড়ানো হয় এবং তারা পড়তে চাই কিনা তা জানতে চাইলেন। তাদের তিনজনই কথা না বলে চুপ করে দাড়িয়ে থাকল, তারা জানে তারা চাইলেও তাদের মালিক কখনোই অনুমতি দেবেনা উল্টো জানতে পারলে বেধড়ক মার খাবার সম্ভাবনাও আছে। আব্বাস সাহেব তাদের সাহস দিয়ে বললেন তোমরা আজই আমার সঙ্গে চলো। কিন্তু অনু আপত্তি জানালো, খুলে বলল সবকিছু। আব্বাস সাহেব অভয় দিয়ে বললেন, সে তাদের মালিকদের সাথে কথা বলবেন এ ব্যাপারে। কিন্তু দেখা গেলো মালিকদের কেউই রাজি হলো না। পরবর্তীতে তিনি অনুদের বুঝিয়ে শুনিয়ে মালিকদের না জানিয়েই তাদের বৈকালিক স্কুলে ভর্তি করে দিলেন।

৩

স্কুলের দিনগুলো ভালই কাটছিল অনু ও তার বন্ধুদের, নতুন বই-খাতা, কলম পেয়ে তারা খুব খুশি। তাদের চোখেমুখে নানা স্বপ্ন খেলা করছে, একদিন তারাও অন্যদের মত অনেক বড় হবে। অনু পড়াশোনা ভালই করছিল, স্কুলের শিক্ষকরাও তার এত আগ্রহ দেখে তার প্রতি মনোযোগও বাড়ালো কিন্তু বিধিবাম কিছুদিন যেতেই অনুর মালিক বিষয়টা জানার পর অনুকে বেশ মারল এবং তার স্কুলে যাওয়া বন্ধ করে দিল আর নয়তো লাথি দিয়ে বের করে দিবে বলে হুমকি দিল। আব্বাস সাহেব স্কুলে খোঁজ নিয়ে জানলেন অনু অনেকদিন ধরেই স্কুলে আসছেনা। শিক্ষকরা জানালেন অনু পড়ালেখায় বেশ মনোযোগী এবং খুব ভালো করছে, তাকে আবার ফিরিয়ে আনার জন্য অনুরোধও করলেন।

পরদিনই আব্বাস সাহেব অনুর সাথে দেখা করতে গেলেন, তাকে মারার কথা শুনে খুব দুঃখ পেলেন এবং জানতে পারলেন কাজ না করে সে স্কুলে গেলে তাকে বের করে দেওয়া হবে। উপায়ন্তর না দেখে তিনি অন্য কোন উপায়ের কথা ভাবতে থাকলেন, কিভাবে অনুকে স্থায়ীভাবে রেখে পড়াশোনা করানো যায়। অবশেষে তার পরিচিত এক দোকানদার কাসেম মিয়ার কথা মনে পড়ল যার কাছে অনুকে রাখা যাবে এবং দোকানে কাজ করার পাশাপাশি তার পড়াশোনাও চালাতে পারবে। আব্বাস সাহেব অনুকে কাসেম মিয়ার কাছে নিয়ে গেলেন এবং তাকে অনুরোধ করলেন যেন সে ছেলেটিকে দোকানে রেখে কাজের পাশাপাশি ঠিকভাবে পড়াশোনা করায়। কাসেম মিয়া নিতান্ত একজন ভালো মানুষ, সে রাজি হয়ে বলল *"আঁর*

*দোয়ানত একখান ফোলার দরকার আছিল, যাক ভালা কইরছেন, আর প্রতি বিশ্বাস থাইকলে তারে রাখি যান।"* কাসেম সাহেব অনুকে একটা সাবান দিয়ে বললেন ধর সাবান ল, ভালা গরি গোছল করি আইয়ো, গাত ময়লা থাইকলে দোয়ানে কাস্টমার আইতনো। প্রথমদিকে অনুর যে অজানা উদ্বেগ আর ভয় কাজ করছিলো নতুন মালিকের আন্তরিক ব্যবহার দেখে কিছুটা হলেও কমেছে বলে মনে হলো তার। তবুও সামনের দিনগুলোতে কি আছে তার ভাগ্যে তা ভাবতে ভাবতে সে ধীরপায়ে গোসল করতে গেলো। বিকেলে কাসেম সাহেব অনুকে ডেকে নতুন জামা আর প্যান্ট হাতে দিয়ে বললেন যাও এগুন ফিধি আইয়ো তাড়াতাড়ি। অনু নতুন কাপড় পেয়ে মনে হলো আজ যেন তার ঈদের দিন, এক কাপড় পরে থাকতে থাকতে নতুন কাপড় পড়ার আনন্দ কি তাও সে ভুলে গেছে। দুদিনের মাথায় একজোড়া জুতোও মিলল, এ যেন পুরো পৃথিবীই তার নতুন করে পাওয়া।

৪

ইতোমধ্যে নতুন পরিবেশে অনু বেশ মানিয়ে নিয়েছে নিজেকে। সে তার নতুন মালিককে কাসেম কাকা বলে ডাকে। দোকানের কাজের পাশাপাশি সে নিয়মিত স্কুলে যাচ্ছে, পড়াশুনাতেও বেশ ভাল করছে। তার কাজে কর্মে ও পড়ালেখার দক্ষতায় কাসেম মিয়া বেশ খুশি। এতদিন শফিক আব্বাস সাহেব মাঝে মাঝে এসে অনুর খোঁজ খবর নিয়ে যেতেন, ইদানিং আর খুব একটা আসেনা। অনু আব্বাস সাহেবকে খুব মিস করেন, আগের মালিকের জন্যও সে যে টান অনুভব করে তা এখন কিছুটা সে টের পাচ্ছে, আর কাসেম কাকার প্রতিও তার প্রবল মায়া ও ভালোবাসা জন্মে গেছে কিন্তু সে কাউকে কিছুই বুঝতে দিতে চাই না।

এভাবেই বেশ কটি বছর কেটে গেল, অনু এখন অনেক বড় হয়েছে। স্কুলে প্রতি ক্লাশেই সে বরাবর ভালো ফলাফল করেছে যার ফলে স্কুলে সবার কাছে ভদ্র ও ব্রিলিয়ান্ট বলে নাম ডাকও কুড়িয়েছে বেশ। কাসেম সাহেবও অনুকে নিজের ছেলের মত করেই বড় করে তুলেছে। আব্বাস সাহেবকে তিনি যে কথা দিয়েছিলেন তার যথার্ত পালন করে চলেছেন। কিছুদিন আগেই অনুর এস এস সি পরীক্ষা শেষ হয়েছে, এইতো আর মাত্র ক'দিন বাদেই রেজাল্ট বের হবে। সবার দৃঢ় বিশ্বাস সে খুব ভালো করবে।

আজ এসএসসি রেজাল্ট প্রকাশিত হবে, অনুর মন ভালো নেই। আব্বাস সাহেবকে খুব মনে পড়ছে তার। আট বছর কেটে গেল তার দেখা নেই। দুপুর দু'টা বাজতেই কাসেম কাকাকে কদমবুসি করে সে রওনা দিল স্কুলের উদ্দেশ্য রেজাল্ট জানতে। কাকা তাকে অভয় দিয়ে বললেন- *"পরীক্ষাত তুঁয় ভালা করবা, চিন্তা কইরো না, মনত সাহস রাখ।"* ঘন্টা দুয়েক পরেই অনু ফিরে এলো সালাম করতে করতে জানালো কাকা আমি A+ পাইছি। কাসেম সাহেব তাকে বুকে জড়িয়ে ধরলেন আঁই জাইনতাম তুঁয় A+ ফাইবা এ বলে আনন্দে কেঁদে ফেললেন। আজ বড় আনন্দের দিন, তাই কাসেম সাহেব আশপাশ সব জায়গায় মিষ্টি বিতরণ করলেন।

কাসেম সাহেব খুব প্রয়োজন না পড়লে অনুকে দিয়ে দোকানের আর কাজ করায়না। তিনি জানেন এই ছেলে একদিন মানুষের মত মানুষ হবে, জীবনে অনেক উন্নতি করবে, এখন তিনি অনুর পড়ালেখা নিয়ে আরো অনেক বেশী যত্নবান। অনুও নিজের পড়ালেখার পাশাপাশি কাসেম কাকার দুই ছোট ছেলে মেয়েকে পড়ায়। বেশ কেটে যাচ্ছে দিন, অনু মাত্র কলেজে ভর্তি হলো। নতুন শিক্ষাঙ্গন, নতুন বন্ধু, নতুন পরিবেশ সবকিছু মিলে এ যেন অদেখা স্বর্গ। এরই মধ্যে ঘটল এক বিপত্তি, অনু দোকানের কাছাকাছি এসে দেখে কয়েকজন পুলিশ ও দু'জন লোক তার কাকার সাথে তর্কাতর্কি করছে। কাছে আসতেই একজনকে চিনতে তার মোটেই অসুবিধা হলো না, তিনি তার পুরনো মালিক করিম শেখ। বেশ কিছুদিন ধরেই করিম শেখ অনুর খোঁজ বের করার চেষ্টা করছিলেন, অবশেষে তিনি সফল এবং শেষমেষ তিনি খোঁজ খবর নিয়ে শফিক আব্বাস ও কাসেম মিয়ার বিরুদ্ধে মামলা ঠুঁকে দিলেন। শফিক আব্বাসের অপরাধ তিনি তাকে না বলেই অনুকে জোর করে নিয়ে এসে কাসেম মিয়ার কাছে বিক্রি করে দিয়েছেন। আশ্চর্যের বিষয় হলো করিম শেখ এখন অনুকে নিজের ছেলে হিসেবে দাবি করছেন এবং যেকোন কিছুর বিনিময়ে তাকে সে ফেরত চাইছেন। কি ঘটছে অনু কিছুই বুঝে উঠতে পারছেনা।

৫

মামলা আদালত পর্যন্ত গড়ালো। অবশেষে রায় হলো, বিভিন্ন তথ্য উপাত্তের ভিত্তিতে প্রমাণিত হলো করিম শেখ-ই অনুর বাবা। আইনত করিম শেখ-ই অনুকে নিজের কাছে রাখার ন্যায্য দাবীদার। অনু নিজেকে নতুনভাবে আবিষ্কার করে। মুখে বুলি ফোটার পর থেকেই কেন সে তার বাবাকে কোনদিন বাবা বলে ডাকতে পারেনি, কেন বা সে তাকে দুরে সরিয়ে রেখেছিল, তার মা কোথায়? ধীরে ধীরে সবই স্পষ্ট হতে থাকে।

অনুকে জন্ম দিতে গিয়ে তার মা মারা যায়। করিম শেখ তার প্রথম স্ত্রীকে খুব ভালবাসতেন, স্ত্রী মারা যাওয়ার পর সে খুবই ভেঙ্গে পড়েন। এর কয়দিন পরই তার একমাত্র উপার্জনের মাধ্যম, একমাত্র সম্বল ডিপার্টমেন্টাল স্টোরও যায় আগুনে পুড়ে। পরপর দুই দুর্ঘটনায় করিম শেখের তখন মাথা খারাপ হয়ে যাওয়ার মত অবস্থা। ধার কর্জ করে তার প্রচুর দেনা হয়ে গেছে, পাওনাদারের ক্রমশ চাপে সে পাগলপ্রায়। এতে ধীরে ধীরে তার মনে একটা শঙ্কা বৃদ্ধি পেতে থাকে এই ছেলে অপয়া, তাকে ধ্বংস করতেই সে পৃথিবীতে এসেছে। সেই থেকে ধীরে ধীরে তার প্রতি অবহেলা, অত্যাচার বাড়তে থাকে। বেশ কয়েকবার মেরে ফেলতে চেয়েও পারেনি শেষ পর্যন্ত, হয়ত কোন এক অদৃশ্য বন্ধন তাকে তা করতে বিরত রেখেছে। কিন্তু সে কোনদিনও তাকে ছেলের মর্যাদা দেয়নি। দ্বিতীয় বিয়ের পর সৎ মায়ের সংসারে অনুর উপর বেড়ে যায় আরও অত্যাচার, তার বাবা থেকেও যেন নেই। করিম শেখের তার প্রতি উদাসীন্যতার সুযোগ যথাযথ কাজে লাগায় তার সৎ মা। তাকে কখনও জানতেও দেয়া হয়নি এ পরিবারের সেও যে একজন সদস্য। করিম শেখ নতুন সংসারে আগত ছেলেমেয়েকে নিয়ে মেতে থাকলেও অনুর দিকে ফিরে তাকানোর সময়ও কখনো হয়নি। এতবছর পর সে তার ভুল বুঝতে পেরেছে, এখন যে কোন মূল্যে তাকে ফিরে পেতে চায় সে।

অনুর মাথায় আকাশ ভেঙ্গে পড়ল। অনু জানে না কি ভুল ছিল তার, বুঝতে পারে না কাকে সে দোষ দিবে, তার জন্মদাতা পিতাকে না তার সৎমাকে না তার ভাগ্যকে। অনু অপলক দৃষ্টিতে একদিকে তাকিয়ে আছে উদ্দেশ্যহীনভাবে। হঠাৎ সে চিৎকার করে উঠে, না... আমি চাই না আমার জন্মদাতা পিতাকে, যাকে এতদিন মালিক হিসেবে চিনেছি, সে বরং তাই থাকুক। করিম চাচা আমি তোমার কাছেই থাকব, তুমি আমায় রাখবানা? সবার সামনেই অনু দৌড়ে গিয়ে জড়িয়ে ধরল কাসেম সাহেবকে।

স্তব্ধ হয়ে গেল পুরো আদালত, শুনশান নিরবতা, নিশ্চুপ সবাই। অনু মনের অজান্তেই কাসেম সাহেবকে কখন যে পিতার স্থানে আসীন করেছে সে নিজেও জানেনা। দুজনের মধ্যে যে অদৃশ্য মায়া, স্নেহ ও ভালোবাসার বন্ধন তৈরী হয়েছে তা ছিন্ন করার শক্তি কারো নেই। আদালত আজ নিরুপায়। মানবিক ভালোবাসার কাছে পরাজয় ঘটে আদালত ও তথাকথিত পিতৃত্বের।



**শেখ মোঃ এরশাদ বিন শহীদ**
রোল : সি-২২২
উপজেলা মৎস্য কর্মকর্তা
মহালছড়ি, খাগড়াছড়ি।



# মানবতাবাদী স্বামী বিবেকানন্দের জীবন ও দর্শন

"ঈশ্বরের অন্বেষণে কোথায় যাইতেছ? দরিদ্র, দুঃখী, দুর্বল সকলেই কি তোমার ঈশ্বর নহে? অগ্রে তাহাদের উপাসনা করনা কেন? গঙ্গা তীরে বাস করিয়া কূপ খনন করিতেছ কেন? প্রেমের সর্বশক্তি মত্তায় বিশ্বাস কর"।

- স্বামী বিবেকানন্দ

স্বামী বিবেকানন্দ ছিলেন দার্শনিক, ধর্মীয়-সাংস্কৃতিক ব্যক্তিত্ব, সমাজ সংস্কারক এবং রামকৃষ্ণ মিশনের প্রতিষ্ঠাতা। বিশ্বজনীন সমাদৃত এই ব্যক্তিত্বের জন্ম হয়েছিল এক সম্ভ্রান্ত বাঙ্গালী পরিবারে। উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত হিন্দুধর্মীয় জীবন ব্যবস্থা, আচরণ ও ধর্মীয় অনুষ্ঠানে অভ্যস্ত হওয়া সত্ত্বেও তিনি হিন্দু ধর্মে বহু আদর্শিক বিচ্যুতির কড়া সমালোচক ছিলেন। তিনি একটি ভাবাদর্শ প্রচার এবং একটি সম্পূর্ণ নতুন কর্মসূচি প্রদান করেছিলেন। বিবেকানন্দ পরিব্রাজক হয়ে পায়ে হেঁটে ঘুরে বেরিয়েছেন সমগ্র ভারতবর্ষ প্রত্যক্ষ করেছেন মানুষের দুঃখ কষ্ট এবং পরাধীনতার গ্লানি। মানুষের দুঃখ কষ্ট বিবেকানন্দকে খুব কষ্ট দিত। তিনি রাতের পর রাত এই অভিশাপ থেকে পরিত্রানের উপায় খুঁজতেন আর স্বপ্ন দেখতেন একটি স্বাধীন আধুনিক ভারতবর্ষের।

স্বামী বিবেকানন্দ নামে পরিচিত নরেন্দ্র নাথ দত্ত জন্মগ্রহণ করেন ১৮৬৩ সালের ১২জানুয়ারি। সাধারণ বিদ্যা শিক্ষার সঙ্গে তিনি সংগীত ও ব্যায়ামে পারদর্শী হন। উত্তর কলকাতার শিমলা বাঁশিমুলিয়া গ্রামের বিখ্যাত দত্ত পরিবারে বিবেকানন্দ জন্মগ্রহণ করেন। তাঁর পিতা বিশ্বনাথ দত্ত এবং মা ভুবনেশ্বরী দেবী। তিনি মায়ের কাছে শেখেন স্বধর্ম, বাবা পরিচয় করিয়ে দেন এক উদার সংস্কৃতির সঙ্গে। এ পরিবার উত্তরাধিকার সূত্রে ইন্দো-মুগল যুগের সামাজিক সাংস্কৃতিক ঐতিহ্য লাভ করেছিল। ১৮৮০ সালের জানুয়ারি মাসে কলকাতার প্রেসিডেন্সি কলেজে প্রথম বর্ষে কলা বিভাগে ভর্তি হন নরেন্দ্র নাথ। পরের বছর তিনি চলে যান স্কটিশ চার্চ কলেজে। এই

সময়েই তিনি অধ্যয়ন করেন পাশ্চাত্য যুক্তিবিজ্ঞান, পাশ্চাত্য দর্শন ও ইউরোপীয় জাতিসমূহের ইতিহাস। ১৮৮১ সালে এফ.এ পরীক্ষায় উত্তীর্ণ হন এবং ১৮৮৪ সালে ব্যাচেলর অফ আর্টস ডিগ্রি লাভ করেন। প্রাচ্য ও পাশ্চাত্যের বিভিন্ন ধর্মীয় ও দার্শনিক ধ্যান-ধারণা নিয়ে তিনি পড়াশোনা করেন এবং বিভিন্ন ধর্মীয় নেতার সঙ্গে সাক্ষাত করেন। সে যুগের এক গুরুত্বপূর্ণ সামাজিক ও ধর্মীয় সংগঠন ব্রাহ্মসমাজের সংস্পর্শে আসেন এবং ব্রাহ্মসমাজের একেশ্বরবাদ, অপৌত্তলিকতা ও সামাজিক এবং ধর্মীয় সংস্কার চেতনার দ্বারা গভীরভাবে প্রভাবিত হন।

১৮৮১ সালের নভেম্বর মাসে রামকৃষ্ণ পরমহংসের সঙ্গে তাঁর সাক্ষাত নরেন্দ্রনাথের জীবনের ধারাটিকে পরিবর্তিত করে দেয়। নরেনের জীবনে এমন একটি সময় আসে যখন তিনি পার্থিব জীবন এবং সন্ন্যাস জীবনের যে কোনো একটি গ্রহণ করার বিষয়ে দ্বিধান্বিত ছিলেন। এ সময় তিনি আইন বিষয়ে পড়াশুনা করছিলেন, কিন্তু পিতার মৃত্যুর কারণে তিনি পড়াশুনা ছেড়ে দিতে বাধ্য হন। তাঁকে তাঁর পরিবারের ভরণ-পোষণের দায়ভার গ্রহণ করতে হয় এবং তিনি মেট্রোপলিটান ইনস্টিটিউশনে শিক্ষক হিসেবে যোগদান করেন।

১৮৮৮ সালে পরিব্রাজক রূপে মঠ ত্যাগ করেন বিবেকানন্দ। পরিব্রাজক হিন্দু সন্ন্যাসীর এক ধর্মীয় জীবন - এই জীবনে তিনি স্বাধীনভাবে পর্যটন করে বেঁড়ান কোনো স্থায়ী বাসস্থান বা বন্ধন ছাড়াই। পাঁচ বছর ধরে ভারতের সর্বত্র ভ্রমণ করেন বিবেকানন্দ - প্রত্যেক শিক্ষাকেন্দ্র দর্শন করেন এবং বিভিন্ন ধর্মসম্প্রদায় ও সমাজব্যবস্থার সাথে সুপরিচিত হন। সাধারণ মানুষের দুঃখকষ্টের প্রতি তাঁর সহানুভূতি জন্মায় এবং তিনি জাতির উন্নতিকল্পে আত্মনিয়োগ করেন। এই সময় ভিক্ষোপজীবি হয়ে সারা ভারত পদব্রজেই পর্যটন করেন বিবেকানন্দ।

১৮৯৩ সালে শিকাগোতে একটি সর্বধর্মীয় কনফারেন্সের আয়োজন করা হয়। এই কনফারেন্সে অংশগ্রহণের জন্য ক্ষেত্রির মহারাজা তাঁকে সাহায্য করেন। সেখানে তাঁর বক্তৃতা ব্যাপক প্রভাব সৃষ্টি করে। তিনি সেখানে ভারতের অধ্যাত্মবাদী ঐতিহ্যের কথা বললেও বিশেষ কোনো ধর্ম প্রচারের চেষ্টা করেননি। তিনি সুস্পষ্টভাবে উল্লেখ করেন যে, জনগণকে তাদের ধর্ম থেকে ধর্মান্তরের তিনি বিরোধী। সভায় তাঁর সকল বক্তৃতার সাধারণ বিষয়বস্তু ছিল সর্বজনীনতা - অধিক গুরুত্বপূর্ণ ধর্মীয় সহিষ্ণুতা। স্বামীজির কণ্ঠে সেদিন উচ্চারিত হয়েছিল

" বিবাদ নয় সহায়তা,
বিনাশ নয় পরস্পরের ভাবগ্রহণ;
মতবিরোধ নয়,
সমন্বয় ও শান্তি"।

ব্যবহারিক উদ্দেশ্য মনে রেখেই বিবেকানন্দ যুক্তরাষ্ট্রে গমন করেন। তাঁর এ উদ্দেশ্যটি ছিল দেশের, বিশেষ করে, দেশের দরিদ্র মানুষের বস্তুগত উপকার সাধন। পাশ্চাত্য অভিজ্ঞতা তাঁর কাছে এক নতুন দিগন্তের উন্মোচন করে। প্রাচ্য ও পাশ্চাত্যের মধ্যে সহযোগিতা এবং মৌলিক সাংস্কৃতিক বিনিময়ের মধ্যেই মানুষের ভবিষ্যৎ বিদ্যমান বলে তিনি উপলব্ধি করেন। আমেরিকায় তাঁর প্রথম পরিদর্শনের সময় তিনি ইংল্যান্ডে ভ্রমণ করেন দুইবার - ১৮৯৫ এবং ১৮৯৬ সালে। সেখানে তাঁর বক্তৃতাসমূহ সফল ছিল।

দেশে বিদেশে মানুষের শ্রদ্ধা ও শুভেচ্ছা কুড়িয়ে স্বামী বিবেকানন্দ ১৮৫৭ খ্রিষ্টাব্দে স্বদেশে ফিরে আসেন। বিবেকানন্দ ভারতবর্ষকে পাশ্চাত্যের সমপর্যায়ে নিয়ে আসতে সক্ষম হয়েছিলেন বলে স্বদেশ প্রত্যাবর্তনের পর গুণমুগ্ধ দেশবাসী তাকে বীরোচিত সম্বর্ধনা প্রদান করে। স্বদেশে প্রত্যাবর্তন করেই তিনি সাংগঠনিক কাজে নিজেকে নিয়োজিত করেন। তিনি দেশের সেবা ও ধর্মে আদর্শ প্রচার করার জন্য গঠন করেন "সন্ন্যাসী সম্প্রদায়"। ১৮৯৭ খ্রিষ্টাব্দে তিনি প্রতিষ্ঠা করেন মানবসেবা ও আদর্শ প্রচারের প্রতিষ্ঠান "রামকৃষ্ণ মিশন"।

সাধারণ মানুষের নবজীবন দানের উদ্দেশ্যে সেবামূলক কাজ করা সকল প্রকার কুসংস্কার থেকে মুক্তি এবং অমানবিক কর্ম থেকে মুক্ত হয়ে একটি দৃঢ় জাতিসত্ত্বা গঠন করা ছিল তাঁর লক্ষ্য। স্বামীজির স্বদেশ সেবামূলক আবেদনে ভারতের আদর্শবাদী যুব সমাজ অনুপ্রাণিত হয়েছিল, এমন কি দেশের স্বাধীনতার জন্য তারা মৃত্যুবরণ করতেও অঙ্গীকারবদ্ধ হয়েছিল। বিবেকানন্দকে ঊনবিংশ শতাব্দীর হিন্দুধর্মে পুনর্জাগরণের একজন কর্মী হিসেবে আখ্যায়িত করা হয়। বাল্যবিবাহের মতো এবং হিন্দু আচার-অনুষ্ঠানের বিষয়গুলি সম্পর্কে তিনি অত্যন্ত সমালোচনা মুখর ছিলেন। তীর্থক্ষেত্রে ধর্মীয় আচার অনুষ্ঠানে প্রচুর অর্থব্যয়ের মতো বিষয়কে তিনি কখনোই অনুমোদন করতেন না। এ সম্পর্কে তাঁর উপদেশ ছিল সকল মন্দির ও উপাসনালয়ের মালপত্র গঙ্গানদীতে নিক্ষেপ করা উচিত এবং আমাদের সবশক্তি অধিকার বঞ্চিতদের সেবায় নিয়োজিত করা উচিত, কারণ তারাই হচ্ছে দেবতা রূপী অবতার। রাজনীতির

ক্ষেত্রে নিজেকে না জড়ালেও তার বক্তৃতা ও রচনা তেজ, বীর্য, কর্তব্যপরায়ণতা, স্বদেশপ্রেম, স্বাধীনতার আকাঙ্ক্ষা, ভারতের ভাবী সম্ভাবনা ও অতীত মহিমার গৌরবানুভবের বার্তা প্রতিনিয়ত ধ্বনিত করে দেশের যুবকদের প্রাণে ও রাষ্ট্রজীবনে এক অভূতপূর্ব অনুভূতি ও উদ্বোধন এনেছিল। তিনি রাষ্ট্রজীবনে স্বাধীনতার দ্বার অর্গলমুক্ত করেছিলেন। তিনি ছিলেন সাম্যের বার্তাবহ, অত্যাচারীর বিরুদ্ধে খড়গহস্ত। ধর্ম ও সমাজের যুক্তিহীন চাপে জাতি কর্মশক্তি হারাবে এটা বিবেকানন্দের কাছে অসহ্য ছিল। সমাজ সংস্কারক চার্লস ফ্রিয়ার অ্যান্ড্রুজের ভাষায়, "স্বামী বিবেকানন্দের নির্ভীয় দেশাত্মবোধ সারা ভারতে জাতীয়তাবাদী আন্দোলনে এক নতুন মাত্রা যোগ করেছিল" ভারতের নবজাগরণে স্বামী বিবেকানন্দের যতটা অবদান রেখেছিলেন, ততটা অন্য কেউ এককভাবে রাখতে পারেননি।

বিবেকানন্দের মৃত্যুর বহু বছর পর রবীন্দ্রনাথ ঠাকুর নোবেল পুরস্কারবিজয়ী ফরাসি সাহিত্যিক রোম্যাঁ রোলাঁকে লিখেছিলেন, "ভারতকে জানতে চাইলে বিবেকানন্দের লেখা পড়ো। তাঁর মধ্যে সব কিছুই ইতিবাচক। নেতিবাচক কিছুই নেই।" রোম্যাঁ রোলাঁ লিখেছেন, "তাঁর লেখাগুলি মহান সংগীতের মতো। পংক্তিগুলি বিঠোভেনের শৈলীর মতো। চিত্তাকর্ষক ছন্দগুলি হ্যান্ডেল কোরাসের কুচকাওয়াজের মতো। আজ ত্রিশ বছর পরেও তাঁর বাণীগুলিকে স্পর্শ করলে আমার শরীরে বৈদ্যুতিক আঘাতের মতো শিহরণ জাগে। এই মহানায়কের মুখ থেকে যখন এই জ্বলন্ত শব্দগুলি উচ্চারিত হয়েছিল, তখন নিশ্চয় অনেকে এই শিহরণ অনুভব করেছিলেন!"

- যতক্ষণ পর্যন্ত আমার দেশের একটি কুকুরও ক্ষুধার্ত, আমার সমগ্র ধর্মকে একে খাওয়াতে হবে এবং এর সেবা করতে হবে, তা না করে অন্য যাই করা হোক না কেন তার সবই অধর্ম।
- জেগে ওঠো, সচেতন হও এবং লক্ষ্যে না পৌঁছা পর্যন্ত থেমো না।
- শিক্ষা হচ্ছে মানুষের মধ্যে ইতোমধ্যে থাকা উৎকর্ষের প্রকাশ।
- ধর্ম হচ্ছে মানুষের মধ্যে ইতোমধ্যে থাকা দেবত্বের প্রকাশ।
- মানুষের সেবা করা হচ্ছে ঈশ্বরের সেবা করা।
- অন্ন! অন্ন! যে ভগবান এখানে আমাকে অন্ন দিতে পারেন না তিনি যে আমাকে স্বর্গে অনন্ত সুখে রাখিবেন ইহা আমি বিশ্বাস করিনা।
- আমাদের জাতীয় জীবন অতীত কালে মহৎ ছিল, তাহাতে সন্দেহ নাই, কিন্তু আমি অকপটভাবে বিশ্বাস করি যে, আমাদের ভবিষ্যত আরও গৌরবান্বিত।
- এস, মানুষ হও। নিজেদের সংকীর্ণ গর্ত থেকে বেরিয়ে এসে বাইরে গিয়ে দেখ, সব জাতি কেমন উন্নতির পথে চলেছে। তোমরা কি মানুষকে ভালবাসো? তোমরা কি দেশকে ভালবাসো? তাহলে এস, আমরা ভাল হবার জন্য উন্নত হবার জন্য প্রাণপণে চেষ্টা করি।
- জগতে যদি কিছু পাপ থাকে, তবে দুর্বলতাই সেই পাপ। সর্ব প্রকার দুর্বলতা ত্যাগ কর, দুর্বলতাই মৃত্যু, দুর্বলতাই পাপ।
- মনে করিওনা, তোমরা দরিদ্র। অর্থই বল নহে; সাধুতাই- পবিত্রতাই বল। আসিয়া দেখ, সমগ্র জগতে ইহাই প্রকৃত বল কিনা।

১৮৯৯ সালের জুন মাসে তিনি আবার পাশ্চাত্য দেশে যান এবং আগের বারের মতোই প্রচারে সফলতা লাভ করেন। বিদেশে কয়েকটি স্থায়ী বেদান্ত কেন্দ্র স্থাপন করে ১৯০০ সালের শেষে তিনি ভারতে ফিরে আসেন। ১৯০২ সালের ৪জুলাই বেলুড়মঠে তিনি মারা যান। বিবেকানন্দ বহু বই লিখেছিলেন। তার ইংরেজি রচনাবলি আট খণ্ডে প্রকাশিত হয়েছে। তার প্রধান বইগুলো হলো 'পরিব্রাজক', 'ভাববার কথা', 'বর্তমান ভারত', 'প্রাচ্যও পাশ্চাত্য'।

(সূত্র : ইন্টারনেট)



**পংকজ কুমার দে**
রোল : সি-২১০
এএসপি, র‍্যাব-৯



# শ্মশানের তিনরাত্রি

রাত ১টা। নবদীক্ষিত, সম্পদ গভীর ঘুমে আচ্ছন্ন। শীতকাল মাঘ মাস, কুয়াশার মাত্রাটা বেড়ে চরম পর্যায়ে উঠেছে। বেড়ার ঘর, টিনের চালা, মনে হচ্ছিল বৃষ্টি হচ্ছে। সম্পদের শরীরে ছিল নতুন প্রব্যজিতের গেরুয়া কাপড়। কর্তৃপক্ষ শীতের কবল হতে বাচার জন্য পাতলা একটি কম্বল দিয়েছিল।

সম্পদের ঘুমটা এতটা গভীর ছিল যে পাশে তার নবদীক্ষিত বন্ধুর নাক ডাকার শব্দও ব্যাঘাত ঘটাতে পারছিল না। টিনের চালের বিকট এক শব্দে ভেঙ্গে গেল সম্পদের ঘুম। একেতো শুনসান নীরবতা, তার উপর শ্মশানের মৃত আত্মা, প্রেতাত্মা ও অশরীরিদের ভয়। শোনা যায় এই জায়গাটা হচ্ছে এই অঞ্চলের সবচেয়ে বড় শ্মশান। বৌদ্ধ ও হিন্দু ধর্মালম্বীদের মৃতদেহ সৎকার করা হয়। ইটের প্রাচীর দেয়া কিছু অংশে আর কিছু অংশে কাঁটাতার দিয়ে ঘেরা। কিছু ধনাঢ্য পরিবার তাদের মৃত স্বজনদের শেষ স্মৃতি রক্ষার্তে স্মৃতিস্তম্ভ নির্মাণ করেছে। শীতের রাতে স্মৃতিস্তম্ভগুলো দেখে মনে হয় যেন সেই পূর্বপুরুষরা কালো কাপড় পরে দাঁড়িয়ে আছে আর কারো প্রতীক্ষা করছে। আর কিছু মাটির টিবি আছে। যেসব মানব সন্তান প্রাপ্ত বয়স্ক বা বিয়ে করার পূর্বে মারা যায় তাদের মৃতদেহ কবরে অর্থাৎ মাটিচাপা দেয়া হয় আর যারা প্রাপ্ত বয়স্ক হয়ে মারা যায় তাদের আগুন দেয়া হয়।

দিনের বেলায় দীক্ষা নেবার পূর্বে সে এই মহাশ্মশানটা যতদুর পারে ঘুরে দেখেছে। কিছু অংশে জঙ্গল ছিল। আর ঐ জঙ্গলে এক বৌদ্ধ সন্যাসী ধ্যান করত। ঐ জঙ্গলে কোন নতুন মৃতদেহ সৎকার করত না। জানা যায় ঐ অংশে অনেকদিন পূর্বে এক নববিবাহিত বধুর মৃতদেহ সৎকার হয়েছিল। এরপর ঐ অংশে কখনো কখনো কোন চিতা তৈরী করে আগুন জ্বালানো যায় নি। লোকমুখে জানা যায় ঐ অংশে কখনো ঐ গৃহবধুর চিতা হতে আগুন জ্বলে উঠে, সাদা কাপড়ে আবৃত মানবাকৃতির আত্মা ঘুরে বেড়ায়। এখন ঐ জঙ্গল অংশে ছোট একটা কুটির বানিয়ে ধ্যান করে এক প্রবীণ বৌদ্ধ সন্যাসী।

আচমকা সম্পদ ঘুম হতে উঠে যায়। শীতের রাতেও গলা, মুখে, নাকে খুব ঘামাচ্ছে। অন্ধকার চারদিক। হঠাৎ দেখি

দরজার দিকে একটি মানবাকৃতির ছায়া। যার ছায়া মাটিতে পড়েছিল তার অদূরে একটি ইলেকট্রিক লাইট জ্বালানো ছিল। পুরানো বাতি তাই খুব স্পষ্ট কিছু দেখা যায় না। ফিসফিস স্বরে ডাক্‌ল। বলল গৃহত্যাগী সন্নাসী, দীক্ষিতদের অত ঘুমালে কি চলে? বিশ্বসংসারের দুঃখ মুক্তির এইতো সময়। উঠ! আস, দেখবে। বশীকরণ বৈদ্য সেভাবে মানুষকে বশীভূত করে, সেরূপ সম্পদও বশীভূত হয়ে যায়। এগিয়ে যায় পিছু পিছু। আস্তে আস্তে দরজাটা খুলল বের হয়ে দরজাটা বন্ধ করল। বাইরে এসে দেখল শ্বেত শুভ্র কাপড় পরিহিত মানবীসদৃশ এক রূপবতী বসে আছে এক অশ্বত্ত গাছের নিচে। বলল, এদিকে।

সম্পদ বশীভূত ছেলের মত তার দিকে এগিয়ে গেল। দেখে অবাক হল। তার শরীরের তিনহাত পরিমাণ জায়গা মৃদু আলোকিত হয়ে আছে। আর সে আলোয়  তাকে খুব মোহনীয় মনে হচ্ছিল। কাছে আসল, দাঁড়িয়ে থাকল। সম্পদকে হাতের ইশারায় বসতে বলল। বসল সে।

অশরীরি মানবী আত্মা বলল কি নাম?

**সম্পদ বলল :** স...ম্প.....দ।

**অ. মা. আত্মা :** ভয় পেয়ো না, আমি তোমার কোনো ক্ষতি করবো না। তোমাকে দেখে আমার খুব ইচ্ছা হল তোমার সাথে কথা বলতে। কেন জানি না। মনে হল অনেক দিনের পরিচিত।

হঠাৎ প্রশ্ন করল - কি কর তুমি? কেন দীক্ষা নিলে।

**সম্পদ :** পড়াশুনা করি। ইন্টার ফাষ্ট ইয়ারে। দীক্ষা নিয়েছি মানত ছিল তাই। তুমি কি কর এখানে?

**অ. মা. আত্মা :** এটা আমার আবাসস্থল। ওই যে ঘন জঙ্গলটা দেখছ এটা আমার ঘর।

**সম্পদ :** তুমি একা থাক?

**অ. মা. আত্মা :** হ্যাঁ।

**সম্পদ :** ভয় করে না।

**অ. মা. আত্মা :** না।

**সম্পদ :** আচ্ছা, তুমি কি ভূত না প্রেত?

**অ. মা. আত্মা :** আমি দেবতা, সৎ দেবতা, মানুষের উপকার করি।

**সম্পদ :** তুমি মারা গেলে কিভাবে?

হঠাৎ সম্পদ যে ধ্যান কুঠিরে থাকত তার দরজা খুলে কে যেন বেরিয়ে এল। সম্পদ তাকায় ওইদিকে। ওহ্ তার বন্ধু যে তার সাথে দীক্ষা নিয়েছে সে, শৌচকাজে বের হল। এদিকে দেখে, অদৃশ্য হয়ে গেল অশরীরি মানব আত্মা।

বন্ধুর নাম ভবেশ। সে বলল কিরে, এখানে কি করিস? সম্পদ বলল, টয়লেটে এসেছি। বলে দ্রুত পায়ে এসে শুয়ে পড়ল। আর ঘুম আসল না। ভোর চারটা। দীক্ষাগুরুর ঘণ্টার শব্দে ঘুম ভাঙ্গল সম্পদের। গতরাতের কথা মনে গেঁথে থাকল। হাত, মুখ ধুঁয়ে শৌচকর্ম করে, ধ্যানে বসল সে। টানা সকাল ১১টা পর্যন্ত ধ্যান করে আবার বিকালে ৩টা হতে শুরু। বিকাল ৫টার দিকে ধর্মীয় আলাপ আলোচনা এবং আবার রাত ১০টা পর্যন্ত ধ্যান তারপর ঘুম। সারাদিন ধ্যানে শুধু ঐ দেবতার কথা মনে করে কাটিয়ে দিল সে, আর প্রতীক্ষায় ছিল কখন সন্ধ্যা হয়ে রাত হবে। মনে কত প্রশ্ন, কত কথা জমা হচ্ছে। অবাক করা ব্যাপার হচ্ছে, তার আর ভয় লাগছে না। এত সাহস আসল কোত্থেকে বুঝতে পারছে না সে। কারো সাথে কথা বলার সুযোগ নাই বিধায় গতরাতের ঘটনাটা কারো সাথে শেয়ারও করা গেলো না।

### দ্বিতীয় রাত ১.৩০ মিঃ

এবার আর শব্দ হল না। শুধু শুনল কে যেন তাকে ডাকছে। খুব সতর্কভাবে উঠে সে বাইরে আসল। দেখল ঐ অশ্বথ বৃক্ষের নিচে বসে আছে সে। কাছে গিয়ে দেখল সে তার কপালের ঠিক মাঝখানে টিপের জায়গায় লাল সিঁধুর সদৃশ কিছু একটা।

**অ. মা. আত্মা :** বর্ষার রাতে, বিয়ে শেষ করে বরযাত্রীসহ আমি শ্বশুর বাড়ি আসছিলাম। কাঁচা রাস্তা মোটর যান চলে না। রিকশা চলে, তাও ঠেলে নিয়ে যেতে হয়। নতুন বধু তাই আমার জন্য রিক্‌শার ব্যবস্থা ছিল। আমার বর অন্য সবার সাথে হেঁটে আসছিল। সামনে ছিল সমাজের নেতৃত্বস্থানীয় কিছু লোক। অর্ধেক পথ অতিক্রম করে ঐ যে বট গাছটা

আছে ওখানটায় এসেছি। ওখানেই ঘটল আমার জীবনের ইতি। ঐ গাছের বড় এক শিকড়ের সাথে রিকসার চাকা আটকে গিয়ে ভেঙ্গে যায়। একদিকে কাত হয়ে আমি প্রায় ১৫-২০ফুট রাস্তার পাশে খাড়িতে পড়ে যাই। সাঁতার জানতাম না। খাড়িতে পানি ছিল গলা অবধি। অনেক চেষ্টা করেছি বাঁচতে পারলাম না। মনে হচ্ছিল কেউ একজন পানিতে আমাকে চেপে ধরেছে। বিয়ের ভারী কাপড় ভিজে আরও ভারী হয়ে গিয়েছিল। গলার গহনা, কানের দুল সব আমার শ্বাশুরী খুলে নিয়েছিল আগে। শুধু ছিল হাতের আংটিটা। বিয়ে হল বটে কিন্তু বিয়ের বাসরটা আমার কপালে জুটল না। সংসার করা হল না। এই বলে একটু চুপ করল সে। খানিক পরে বলল আমার নাম "মনীষা"।

এখন আমার কোন নাম নেই। পরে জানতে পারি ঐ বট গাছের এক অসৎ দেবতার কারসাজি ছিল এটা। এখন আর কোন ভয় নেই ঐটারে কবেই তাড়াইছি।

**সম্পদ :** তুমি মানুষের ক্ষতি করো না?

**অ. মা. আত্মা :** না, আমি আমার মত অকাল প্রয়ান কারো হোক, চাই না। তাইতো আমি, আমার চিতার আশে পাশে কাউকে চিতা জ্বালাতে দিই না। চিতার আগুন আমার সহ্য হয় না।

সম্পদ একনিষ্ট মনে সব শুনে। মাটির দিকে তাকিয়ে কি যেন চিন্তা করে, হাই তোলে। বলে তুমি কতদিন এখানে থাকবে?

**অ. মা. আত্মা :** বলতে পারি না, আমার "বর" ঐ দিনটাকে স্মরণ করতে ঐ বটগাছ তলায় এখনো আসে। আমার কথা মনে করে, ওর সাথে আমার কথা হয়েছিল ওই যেদিন বাগদান হয়েছিল সেদিন। বড় ভাল মানুষ মনে হয়েছিল তাকে।

**সম্পদ :** আচ্ছা আজ আমি যাই। ৩টা বাজে। আমাকে ৪টার সময় উঠতে হবে আবার। বলে হাই তুলল সে। চোখ খুলে দেখে সে নাই। অদৃশ্য হয়ে গেছে।

ঘুমাতে চলে যায় সম্পদ। চারদিন যথানিয়মে সব কর্মসূচি শেষ করল। কিন্তু মনের মধ্যে কি যেন উশখুশ করতে লাগল তার। দীক্ষাগুরু জিজ্ঞেস করল, কি? তোমার কোন সমস্যা হচ্ছে না তো। ভয় পাচ্ছ না তো?

সম্পদ : না গুরুজী। ঘুমটা একটু কম হচ্ছে।

## তৃতীয় রাত

সারারাত অপেক্ষা করেছিল অলৌকিক ডাকের। কিন্তু আজ রাত এতটা নীরব কেন? বুঝল না সে। অথচ আজ শেষ রাত তার। কাল সমাপনী অনুষ্ঠান শেষে সন্ধ্যায় সবাই চলে যাবে। সেই সাথে সম্পদও যাবে। ভাবতে ভাবতে সকাল হল। আজ আর ভোর ৪টার সময় উঠতে হল না। শ্মাশানের সব দিক ছেড়ে শুধু ঐ অশ্বত্থ বৃক্ষের দিকে যাচ্ছিল। তার সকাল গড়িয়ে দুপুর হল। অনুষ্ঠান শেষ। সম্পদও গেরুয়া বসন খোলে সাধারণ পোশাক পরল। কিন্তু মনের মধ্যে চঞ্চলতা ভাব বেড়ে যেতে লাগল। সময় হল চলে যাবার ঠিক ওই সময় কেন যেন সে শেষবারের মত ঐ বৃক্ষটার নিচে গেল। ঠিক যেখানে ঐ অশরীরি দেবতা বসে তার সাথে আলাপ করত।

সূর্যের গোধূলিলগ্নের রোদে হঠাৎ কি যেন চকচক করে উঠল। একি! একটা আংটি। স্বর্ণের আংটি। ঘাসের উপর পড়ে আছে।

কি ভেবে প্রথমে নেবে না সিদ্ধান্ত নিল। পরে কি ভেবে হাতে নিল আংটিটি। অলৌকিক একটা কণ্ঠ সেই মুহূর্তে তাকে যেন বলল-"রেখে দিও স্মৃতিচিহ্ন"।



**শুভাশীষ বড়ুয়া**
রোল : সি-২৩১
সহকারী পরিচালক (অনুষ্ঠান)
বাংলাদেশ বেতার, চট্টগ্রাম

# বিচার

ফজল মিয়া আজ খুব উত্তেজিত।

ফজল মিয়া নামটি তার পৈত্রিক অর্জন নয়। বলা যেতে পারে– নানাবাড়ির ওয়ারিশ। এই নামের একটি হিস্টরি আছে। আগে হিস্টরিটা বলি– কোন এক ঠাটাপড়া চৈত্রমাসে ফজল মিয়ার জন্ম টাঙ্গাইল জেলার মধুপুর গ্রামে। ফজলের মামা আব্দুল হালিম ম্যাট্রিকে মানবিক বিভাগে তিনবার পরীক্ষা দিয়ে ফেল করার পর,অবশেষে শহরের হাসপাতালে নতুন চাকুরি পেয়েছেন। চাকুরির পদ– ডিউটি ডাক্তার! নতুন ডাক্তারি পেশার বাতাসে তার আচরণও রাতারাতি নতুন হয়ে গেল। শুদ্ধ ভাষায় কথা বলেন। চোখে মোটা ফ্রেমের বুড়ো মানুষের চশমা পড়েন। গম্ভীরভাবে হেঁটে যান। হাতে নতুন ঘড়ি পড়েন। মাথা আঁচড়ানোর জন্যে বুকপকেটে একটি ছোট চিরুনি রাখেন সব সময়। একদিন কুড়ালিয়া বাজারে সমবয়েসি বন্ধুদের সঙ্গে হঠাৎ দেখা হলে তারা কুশল জানতে চান,' কিরে হালিম কবে এলি? কেমন আছিস?'

তিনি বিজ্ঞের মত কাছে গিয়ে বলেন,' আমাকে তুই, তুই করে বললি কেন?'

' তা হলে কি করে বলব?'

' আপনি করে বলবি।'

' শালা তরে জুতা দিয়া ....................

এই ঘটনার পর বাজারের কোন গলিতে মোটাফ্রেমের চশমা চোখে গম্ভীরভাবে ঘুরে বেড়াতে দেখা যায়নি তাকে।

ছুটি-ছাটায় গ্রামে এলেই তিনি হযরত উমর (রা:)এর মতন বাড়ি বাড়ি যান। এলাকার মানুষের অসুখ- বিসুখের খোঁজ-খবর নেন। খোঁজ-খবর করার পেছনে ব্যবসায়িক কোন দুরভিসন্ধি আছে কি না তা জানা যায় না। শোনা যায়, হাসপাতালে রোগী দিলে কর্তৃপক্ষ তাকে মাথাপিছু কমিশন দেয়। কোন এক অজ্ঞাত কারণের জন্যে তিনি সকল রোগীর বেলাতেই কুইনাইল ব্যবহার করেন এবং সবাইকে কচুশাক খাওয়ার পরামর্শ দেন। যাক সে কথা।

আব্দুল হালিমের একমাত্র বোন ফরিদা খবর দিয়েছেন– তিনি মা হচ্ছেন। এই মুহূর্তে তিনি বড় ভাইজানকে দেখতে চান। যথারীতি আব্দুল হালিম চৈত্রমাসে ফরিদার বাড়িতে উপস্থিত। তিনি মামা হয়েছেন। ভাগিনাও হয়েছে রাজপুত্রের মতন। তিনি নাম রাখলেন– এক বিখ্যাত ব্যক্তির নামে। শের ই বাংলা এ কে ফজলুল হক।

তার অশিক্ষিত বোন এ নামের মাহাত্ম বুঝল না। ফজলুল হক'র মত দীর্ঘ শব্দ ও তিনি বলতে পারলেন না। কয়েকবার ভাঙা ভাঙা গলায় বললেন, ফলজুর হক। ছোটবেলায় ফরিদার বাবা হাট থেকে জোয়ারের খই আনতেন। আখের গুড়ের সঙ্গে ভুট্টার খইয়ের মিশ্রণে ঝুরঝুরে খাবার। সেই জোয়ারের খইয়ের কথা মনে পড়ল। পরে বললেন, দুর ছাই। তিনি ছেলের নাম সংক্ষেপে রাখলেন– ফজল মিয়া। গ্রামের মানুষ নামের বেলাতে খুব সংযমী।

উত্তেজনায় বসে থাকতে পারছে না ফজল। বার বার দৌড়ে যাচ্ছে। নাক-মুখ খিচিয়ে পিঠমোড়া দিয়ে বাঁধা লোকটিকে লাথি মারছে আর বলছে,' হালা তুই চুরি করলি ক্যা?'

প্রায় পাথরের মত কণ্ঠে লোকটি বলে,' ফজা ভাই আর মাইরো না।'

একজন মুমূর্ষু মানুষের এমন আর্তি করুণা পায় না ফজার কাছে। সে জলাতঙ্ক রোগীর মত ক্ষেপে যায় । উত্তেজিতভাবে লাথি মারে। মারতেই থাকে।

'হালা তুই চুরি করলি ক্যা?'

ফজার এ উত্তেজনা কোথা থেকে আসে কে জানে। চিংচিঙে লোকটিকে দেখে মনে হয় বারো মাসই অপুষ্টিতে ভোগছেন। রাস্তা দিয়ে হাঁটার সময় মিনমিনে বিড়ালের মত নিঃশব্দে হাঁটেন। গ্রামের কোন বিচার-শালিসে সে কোথা থেকে যেন সুপারম্যানের মত নাজিল হন। এ-দিন সে থাকেও খুব ফুরফুরে মেজাজে। আনন্দিত ভঙ্গিতে। বিশেষ দিনে তিনি এমন আচরণ কেন করেন– এ ব্যাপারে দার্শনিক বন্ধু রাত মুহম্মদকে জিজ্ঞেস করেছিলাম।

' মহাশক্তির কাছে পৃথিবীর সকল যুক্তিই অযৌক্তিক!' এই বলে তিনি মৌনাক পর্বতের মত উদাস হয়ে গিয়েছেন।

ফজার এ উত্তেজনা ক্রমশ শিশুদের মাঝেও ছড়িয়ে পড়ে। দশ-বারো বছর বয়েসের কয়েকজন ছেলে দৌড়ে লংজ্যাম্পের মতন লোকটির বুকের উপর পড়ছে। আবার স্প্রিং বলের মত ড্রপ খেয়ে শূন্যে চলে যাচ্ছে।

সময়টা পৌষের শেষের দিকে। আমনধান কাটার পর। সবার ঘরে নবান্ন উৎসব চলছে। এবার শীতের প্রকোপ বেশি। শীত কুয়াশার চাদর মুড়িয়ে সতর্ক পাহাড়া দিচ্ছে। এক হাত কাছের বস্তু ও কুয়াশার সমুদ্রে ডুবে আছে। মাতুব্বর বাড়ির বাহিরবাড়ি আজ লোকে লোকারণ্য। পূর্বদীঘল বাহির বাড়ির দক্ষিণে বিশাল দু'টি খড়ের গাদি। পূর্বদিকেও কয়েকটি ছোট ছোট খড়ের গাদি। প্রায় খড়েরগাদি ঘেঁষে মাতুব্বর সাহেব আয়েস করে বসে আছেন। দূর থেকে দেখলে মনে হয় ভাদ্র মাসের শেষের বৃষ্টিতে বাইদের মধ্যে চালুইয়ে কোন মাছুরে মাছ ধরছেন।

সামনেই পিঠমোড়া দিয়ে বাঁধা আধশোয়া অবস্থায় মাটিতে পড়ে আছে শাহা চোর। পিঠের দিকে হাতের দুই বাহু শক্ত করে বাঁধার কারণের জন্য হাতের রক্ত সঞ্চালন বন্ধ। শাহা চিৎ হয়ে পড়ে আছে। কানে এবং গালের একদিকে কাদার দাগ। জাবর কাটার কারণের জন্যে মুখের নিচের মাটি খানিকটা ভেজা।

ফজা বাম হাতের আঙুলে শাহার মুখ শক্ত করে ধরে মাটি থেকে উপরে তুলল। শাহার নিরীহ ছোটো মুখ, ফজার মন গলাতে পারে না।

' এই মুখ। এই মুখ দিয়াই সব খাস। এই মুখে–' বলে ফজা প্রচণ্ড চাপ দেয় মুখে। এতে ফজার মুখও কুমিরের মত হা হয়ে যায়। ফজার মুখের অবস্থা দেখেই শাহার অবস্থা আঁচ করা যায়। শাহা'র নিরীহ দৃষ্টি চিকচিক করে উঠে। সে দৃষ্টি ফজার সহানুভূতি পায় না। ফজা আরো উত্তেজিত হয়ে ওঠে। কয়েকজন ছেলেকে ক্ষেপিয়ে তোলে। রাগে রগড়াতে রগড়াতে বলে,' তরা হালারে মাইরাআলা। হালা চোর–

মধুপুর বাজারে যাওয়ার কাঁচা রাস্তা হাজিবাড়ির বাহির বাড়ির উপর দিয়ে চলে গেছে। রাস্তার পাশেই আগুনের কুণ্ডলি জ্বালানো হয়েছে। এটা এলাকার মানুষের ঐতিহ্যবাহী শীতকালীন আয়োজন। আদিকাল থেকে এই প্রথা চালু। শীতের প্রকোপ থেকে বাঁচার জন্যে মানুষ আগুন পোহায়। কবে থেকে এই রীতি শুরু হয়েছে তা জানা যায়নি। আয়নাল মিয়া খেজুরের রসের হাড়ি পেড়ে বাড়িতে যায়নি। আগুন পোহাতে বসে খোশগল্পে মেতেছে। এদিকে তিন বছরের ছেলে ফরহাদকে নিয়ে ফজার বউ স্বামীর খোঁজে বেড়িয়েছে। হাজিবাড়ির বাহির বাড়িতে আগুন পোহাতে দেখে, ফজার বউ জানতে চান,' নানি, ফরহাদের বাপরে দেখছ?'

নানি কোন খোঁজ দিতে পারে না। ফজার বউ তাদের সাথে যোগ দেয়।

ব্যেহা, রইজ, কালাম তাড়াতাড়ি আসতে গিয়ে খড়পোড়া ছাইয়ের উপর হুড়মুড়িয়ে পড়ে । গত রাতে পুহুড়া শেষে ছেলেরা ঘর পুড়িয়েছে। শুকনো কলার পাতার তৈরি অস্থায়ী ঘর। হাতের গোড়ালি, হাঁটু, কুনুইয়ে কালি। এমন ঘন কুয়াশা একহাত কাছের বস্তুও দেখা যায় না। পৌষের ধান কাটা শেষ। আমনের নাড়া তুলে স্তুপ করে রেখেছে কৃষক। নাড়ার আগুনে পুড়ছে নাড়া। তিন জন হন হন করে উঠে এল মাটির বড় রাস্তায়। এই পথ নিয়ে গেছে মধুপুর বাজার। পায়ে নাড়ার ছাই কুয়াশায় ভিজে লেপ্টে আছে। কারো পায়ে সরিষাফুলের হলুদ পাঁপড়ি লেগে আছে। সম্ভবত সময় বাঁচাতে ওরা রশিদ মিয়ার সরিষাক্ষেতের উপর দিয়ে হেঁটে এসেছে

ওদের হনহনিয়ে যাওয়া দেখে বউ ডাকল,' ফরহাদের বাপ?'

' আমি ব্যেহা–'

'কুনু যাস?'

' মাতুব্বর বাড়ি, শাহারে ধরছে হোনু নাই?'

' কেরা কইলো?'

' কেরা আবার, কালাম দেইখ্যা গ্যাছে।'

'কুনসুম ধরছে?'

' কাইল রাইতে। বাড়ি ঘিরা দিছিলো। মাতবর বাড়ি বিচার বইচে। তুমি জান না?'

' না। খাড়া আইতাছি–' বলে ফজার বউ ফরহাদকে কাঁখে তুলে নিল। মধুপুর গোষ্ট-মেলা থেকে সদ্য কেনা ফরহাদের হাতে থাকা মাটির টমটম গাড়িটা শব্দ করে উঠল।

ব্যেহার এই তথ্যটি ডাহামিথ্যা। শাহা একলা মানুষ। ভূঁইয়াবাড়ির আনারস বাগানের পাশে একটুকরো পতিত জমি। সেই জমিতেই খুপড়ি মতন বানিয়ে থাকেন। ইচ্ছে হলে নিজে রেধে খান নচেৎ উপোশ থাকেন। কয়েকদিন ধরে শাহার বাতাসি মাছের তরকারি দিয়ে গরম ভাত খেতে ইচ্ছে করছিল। তাই তিনি কুড়ালিয়া বাজার থেকে পাঁচ টাকা দিয়ে দুইভাগা বাতাসি মাছ, আটআনা দিয়ে এক কেজি বেগুন কিনে গামছায় বেঁধেছিলেন। দেশি বাতাসি মাছ আর চিকন বেগুন। ভাবছিলেন কাজীবাড়ি গিয়ে কাজীর বউকে বেশি করে কাঁচামরিচ দিয়ে ঝাল করে রেধে দিতে বলবেন। কোন এক কারণের জন্যে কাজীর বউকে সে মা সম্মোধন করেন। শাহার বাতাসি মাছের তরকারি দিয়ে ভাত খাওয়া হল না। বাজুরবিটায় সে ধরা খেল মাতুব্বরের লোকের হাতে...

বেলা প্রায় দুইটা। দিনের হাবভাবে তা মনে হয় না। ফজার বউ মাতুব্বর বাড়ির অন্দর মহলের মেয়েদের সঙ্গে মিলে গেছে। এর মধ্যে কলপাড় থেকে আব্বাসকে দিয়ে খবর পাঠিয়েছিল খাবার খেতে যেতে। ফজা সে কথায় কর্ণপাত করেনি অথবা ফজার কাছে খবর পৌঁছে নি। ফজার বউও আর যায়নি। অনেক মেয়ে-ছেলের সঙ্গে আনন্দ নিয়ে সেও শাহার ভবিষ্যৎ দেখতে বসে আছে।

গ্রাম্য বিচার-শালিসে বাড়ির বউদেরও গুরত্বপূর্ণ ভূমিকা থাকে। তারা বাড়ির দেউড়িতে লম্বা ঘোমটা টেনে অবস্থান করেন। দৃষ্টি দেখে বোঝা যায় না আনন্দিত না আতঙ্কিত। কেউ কেউ দাঁতে আঁচল চেপে রাখেন। বিচারের রায় নিয়েও ভিতরে চলে কানাঘুষা। কেউ কেউ বিচারের রায় নিয়ে প্রশ্ন তুললেও প্রকাশ্যে মুখ খুলে না।

গ্রাম্যবিচারের আজব এক ঝামেলাও আছে – দাগি আসামির বেলাতেও কোন এক অজানা কারণের জন্যে বাড়ির বৌ-ঝিঁদের সহানুভূতি অপরাধীর পক্ষে চলে যায়। তারা ভিতরে ভিতরে বলতে থাকেন – আহারে!

মাতুব্বরের বউও এ-দিন থাকে খোশ মেজাজে। অন্দর মহলের মহিলাদের খুব যত্ন করে পান খাওয়ান। বারান্দায় বসে উঠোনের দিকে পেঁচ শব্দে পানের পিক ফেলেন। কোন কোন বাড়ির বৌ-ঝিঁরা মাতুব্বরের স্ত্রীর সাথে খাতির জমানোর চেষ্টা করেন।

ফজা কয়েকজন ছেলেকে ক্ষেপিয়ে তুলতে চেষ্টা করে।'ত রা হালারে মাইরাআলা. হালা চোর।'

ছেলেরা ক্ষেপে না। সম্ভবত তারা ক্লান্ত হয়ে গেছে। শরীরের এই আজব কারিশমা। উত্তেজনা বেশিক্ষণ থাকে না। উত্তেজনা একবার নামতে শুরু করলে আর বেগবান হয় না। যেন প্রতিক্রিয়া ছাড়া ক্রিয়ার কার্যকারিতা থাকে না।

ফজা বলে,' মাতবর সাব, হালায় তো কতা বার করে না? হালার শরীরে তাবিজ গাড়া। হালায় দুক্ক পায় না। '

ফজার এই যে খঞ্জন পাখির মতন নাচানাচি তা আসলে মাতুব্বরের দৃষ্টি আকর্ষণের জন্যে। আমি সব সময় দেখি– সমাজে এক কিছিমের মানুষ আছে, যারা সব সময় ক্ষমতাধরদের আনুকূল্য পেতে চায়। এই আনুকূল্য কেন পেতে চায়?

ফজা নেচেই চলেছেন। অত্যান্ত আনন্দের সঙ্গেই নাচছেন। সমবেত লোকের পছন্দ-অপছন্দের প্রতি গুরুত্ব না দিয়েই। তিনি হয়তো ভাবছেন, তাকে বড়ই ভালো দেখাচ্ছে।

ফজার কথায় মাতুব্বর দৃষ্টিপাত করে না। ফজা বিচলিত হয়।

মাতুব্বর বিড়িতে টান দিতে দিতে বলে,' বল তো শাহা মালগুলা তুই কোই রাখছস?'

শাহা কথা বলে না। কথা বলতে পারে না। বড়ই করুণ দশা। পিছনের হাত বাঁধা থাকায় সে চিৎ হয়ে পড়ে আছে। কিংবা বলে, মাতবর সাব, আপনে তো সব জানেন। আপনিই তো আমার তফিলদার। সে কথা মুখ থেকে বের হয় না। ফ্যাকাশে দৃষ্টির আড়ালে হারিয়ে যায়।

'তুই কি মালগুলা কাজীর বাড়ি ত রাখছস? কাজী তরে কয় ট্যেকা দ্যায়?'

'এমনি কথা বাই-র অবনা মাতবর সাব, ওরে বাঁশডলা দেওন নাগবো।' বলে ওঠে উঠতি মাতুব্বর আমজাদ।

আরেক উঠতি মাতুব্বর বলে উঠে,' তোর যে অপরাধ, তার শাস্তি আইনে কি আছে জানছ? আইনে আছে, বাঁশডলা দিয়া মারা।'

এই সব শালিসে মাতুব্বরদের স্বাক্ষর করতে দিলে, বুড়ো আঙুল এগিয়ে দ্যায়। যে গ্রামের মানুষ ডাক্তার এবং ডাক্তারের সিরিয়ালবয়ের পার্থক্য বোঝে না। সে গ্রামের মাতুব্বর নিরক্ষর হলেও আইন প্রণয়নের যোগ্যতা রাখে– এমনটিই স্বাভাবিক।

হঠাৎ আরশেদ মিয়া উঠে গিয়ে লাথি মারতে থাকে। রাগে সে গোংড়াচ্ছে। গরু মারার মত' ঠাস,সঠাসসসাসঠা' শব্দ হচ্ছে শুধু। এই দৃশ্য দেখে ঈমানের ছয় বছরের ছেলেটি,' অব্বাগো অ বাবা...অ অ বাবা...' বলে গগনবিদারি চিৎকার দিয়ে মাতুব্বর বাড়ির দেউড়ির দিকে দৌড় দিল। কয়েকজন বৌ-ঝিঁও তার সঙ্গে ভিতরে ঢুকে গেল। হঠাৎ সারাবাড়িময় আতঙ্ক ছড়িয়ে পড়ল। চারিদিকে সুনশান নিরবতা ।

মাতুব্বর সাহেব হুকুম দিলেন,'শালায় বিরাট খারাপ। বাঁশডলা লাগবো। এই কালাম...'

রশিদ মিয়া দাঁড়িয়ে কাচুমাচু ভঙিতে হাত চুলকাতে লাগলেন। রশিদ মিয়া গ্রামের উঠতি ধনী লোক। তিনি এই মহতি বিচারে কিছু অবদান রাখতে চান।

' তুই কিছু কইবি রশিদ?'

' শাহারে বাঁশডলার জইন্যে আমার ছোবের বাইশিলা একটা বাঁশ আমি দিতে চাই মাতবর সাব।' বলে রশিদ খুব গর্বিত ভঙিতে খড়ের আসনে বসল। রশিদ মিয়ার দাঁতের ফাকে একটি হাসির ঝিলক দেখা গেল।

শাহাকে বাঁশডলা দেয়া হবে। বাঁশডলা এক কঠিন জিনিস। ফেরেশতাকেও এই শাস্তি দেয়া হলে তিনি হরহর করে চুরির কথা স্বীকার করবে।

কালাম আর সুরুজ রশিদের বাঁশঝাড়ের দিকে দ্রুত হাঁটছে । সন্ধ্যা ঘনিয়ে আসছে অমানিশা মেঘের মতো...

সূর্যাস্তের সময় মাতুব্বর বাড়ির বাহির বাড়িতে কাউকে দেখা গেল না। কাকসন্ধ্যার সঙ্গে সঙ্গে তারা কোথায় যেন মিলিয়ে গেছে।

প্রাণহীন শাহাবুদ্দিন আকাশের দিকে চেয়ে পড়ে আছে।



**হাসান ইমাম**
রোল : সি-২০৫
কৃষি সম্প্রসারণ কর্মকর্তা
তারাশ, সিরাজগঞ্জ




# এফটিসিঃ এক প্রশিক্ষণার্থীর ডায়েরি

১২ ডিসেম্বর ২০১৫, শনিবার। এক অজানা শঙ্কা নিয়ে হাজির হয়েছিলাম বাংলাদেশ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমিতে সি-৬১ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশ নিতে। মনে হচ্ছিলো, সুদীর্ঘ ছয়টি মাস কিভাবে কাটাবো, কারা আমার সহ প্রশিক্ষণার্থী হবে, রুমমেট কে হবে, তার সাথে মানিয়ে নিতে পারবো কিনা, আরো অনেক কিছু। কিন্তু আজ ট্রেনিং এর শেষ প্রান্তে এসে মনে হচ্ছে সময়টা আর একটু বেশি (ক্লাস-পরীক্ষা এবং অবশ্যই সকালের পিটি ব্যতীত) হলে বোধহয় ভালোই হতো। নতুন বন্ধুদের সাথে আরো বেশি সময় কাটানো যেতো।

এগারোটি ক্যাডারের ২৯ জন সহপ্রশিক্ষণার্থীদের সাথে এটিই জীবনের শেষ সময় কাটানো। মৃত্যুর আগে এই সুযোগ নিশ্চিতভাবেই আর পাওয়া যাবে না। যখন এইভাবে চিন্তা করি মনটা বিষণ্ণ হয়ে উঠে।

আবার ফিরে যায় প্রথম দিনে। কাস্টমস একাডেমির উচ্ছাস হাউসের ২০৬ নং রুম আমাকে বরাদ্দ দেয়া হয়। রুমে ঢুকেই দেখি আমার রুমমেট অনেকগুলো কাগজপত্র নিয়ে বসেছে। ভাবলাম এতো সিরিয়াস রুমমেট এর সাথে থাকাতো কষ্টকর হয়ে যাবে। তবে কিছুটা সময় পার হতেই দেখি, তিনি আমার মতোই আনসিরিয়াস(!)।

ট্রেনিং এর শুরুতে সবচেয়ে কষ্টকর ছিলো সকালে পিটিতে অংশগ্রহণ। শীতের সকালে উষ্ণ কম্বলের নিচ থেকে শরীরকে বের করতে মন চাইতো না। কিন্তু বিধিবাম। পড়েছি মোঘলের হাতে, খানা খেতে হবে সাথে। পিটিতে অংশগ্রহণই শুধু নয়, নির্ধারিত সময়ে উপস্থিতি ছিলো বাধ্যতামূলক। কিন্তু ওই যে বললাম, আমার রুমমেট এর সাথে মিল হতে খুব বেশি সময় লাগেনি, তাই পিটিতে বিলম্বের দরুণ দুইজন একইসাথে শোকজ (যাকে আমরা বলতাম 'লাভ লেটার') পেলাম। আহ কি মজা! এই সুযোগে আমার রুমমেট এর পরিচয় একটু দেই। তিনি হলেন, অনজন্ দাশ, সহকারি কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ। পরিচয় এর কথা যখন উঠলো, তখন একটু ক্লাস রুম থেকে ঘুরে আসা যাক। প্রশিক্ষকদের কাছে আমরা নতুন। তাই প্রতি ক্লাসেই আমাদের নিজেদের পরিচয় দিতে হতো কিছু নিয়ম মেনে। নাম, পদবী, কর্মস্থল, ইত্যাদি। যেমন- আমি বলতাম Hasanur Rahman, Assistant Commissioner of Taxes, Taxes Zone-2, Chittagong। আমার পাশের রুমেই (রুম নং-

২০৫) থাকতেন হাসান ভাই ওরফে খলিফা। তিনি পরিচয় দিতেন এইভাবে "আমি হাসান ইমাম, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, তাড়াশ, সিরাজগঞ্জ।" এ কারণে আমরা তাকে মাঝে মাঝে 'তাড়াশ' নামে ডাকতাম।

সময় খুব দ্রুত বয়ে যায়। ট্রেনিং শুরুর কিছুদিন পরেই শুরু হলো বিভিষীকাময় পরীক্ষা। শুধু পরীক্ষা হলেও হয়তো বা চালিয়ে নেয়া যেত, কিন্তু সেখানে ছিলো অ্যাসাইনমেন্ট, প্রেজেন্টেশন, ক্লাস টেস্ট আরো কতো কি। এর মধ্য দিয়ে কখন যে দুই মাস চলে গেল টের পেলাম না। এবারে বহুল প্রতিক্ষীত মাঠ সংযুক্তির পালা।

মাঠ সংযুক্তি কার্যক্রমের জন্য নির্ধারিত জেলাতে যাওয়ার আগে আচমকা একটি দুঃসংবাদ আসলো। আমাদের কোর্সমেট ইমরুল ভাই ট্রেনে কাটা পড়ে মারা গেছেন। সদালাপী ছিলেন ইমরুল ভাই। আমাদের সাথে তারও যাওয়ার কথা ছিলো সুনামগঞ্জে। কিন্তু ইমরুল ভাইয়ের আর যাওয়া হলো না। আমরা নয় জন গেলাম সুনামগঞ্জে। সেখানে ইমরুল ভাই না থাকলেও প্রতিটা মুহূর্ত আমরা তার উপস্থিতি মিস করেছি।

সুনামগঞ্জ ছিলো আমার জন্য নতুন জায়গা। সুনামগঞ্জে আমাদের মূলকাজ ছিলো প্রত্যেক কর্ম দিবসে বিভিন্ন অফিস পরিদর্শন আর দিন শেষে ডরমেটরিতে বসে কার্ড খেলা। সুনামগঞ্জে এমন কোন দিন আমরা পার করিনি যেদিন হাসান ভাই, সুজন দা, রকি ভাই এবং আমি কার্ড খেলিনি। বিভিন্ন অফিস পরিদর্শনের মধ্যে এক মজার ঘটনা ঘটলো জেলা তথ্য অফিসারের কার্যালয়ে। জেলা তথ্য অফিসার মহোদয় আমাদের একটি ম্যাগাজিন দিলেন যেখানে একটি গল্পের শিরোনাম ছিলো 'রকি নামের কুকুর ছানাটি'। সেই থেকে রকি ভাইয়ের নতুন নাম হলো 'ছানা রকি' এবং তিনিও আমাদের দেয়া নতুন নাম খুব উপভোগ করতেন।

মাঠ সংযুক্তি থেকে ফিরে দ্বিগুণ বেগে শুরু হলো পরীক্ষা, অ্যাসাইনমেন্ট। এ যেন ফুটন্ত কড়াই থেকে জ্বলন্ত উনুনে। এক দিনে দুইটি পরীক্ষাও আমরা দিয়েছি। সেই পরীক্ষা, অ্যাসাইনমেন্টের ফাঁক গলে কখন যে শেষ সীমানায় এসে দাঁড়িয়েছি তা টের পাইনি। টের পেলাম যখন কোর্স পরিচালক মহোদয় বারবার স্যুভেনিরের জন্য লেখা জমা দেয়ার তাগাদা দিতে লাগলেন।

আমাদের কোর্স পরিচালক ছিলেন জনাব ইয়াসমিন পারভীন তিবরিজি মহোদয়। আমাদের সকল দাবী-দাওয়া থাকতো এই কোর্স পরিচালক মহোদয়ের নিকট। তিনি তার সাধ্যমতো আমাদের সকল আবদার পূরণের চেষ্টা করেছেন।

তবে একটা অপ্রাপ্তি থেকেই যাবে। ভেবেছিলাম সবাই মিলে একটা ট্যুর হবে যেখানে হৈ-চৈ করে কয়েকটা দিন কাটাবো। ট্যুর প্রায় ঠিকও হয়ে গিয়েছিলো। গন্তব্য কক্সবাজার। শেষ মুহূর্তে এসে আমাদের কয়েকজন কোর্স মেটের আপত্তির কারণে ট্যুরটি বাতিল করা হয়। এই কষ্টটুকু মেনে নেয়া ছাড়া আর কিছুই করার ছিলো না।

সে যাই হোক, আমরা সফলভাবে কোর্স শেষ করতে পারছি এটিই বড় প্রাপ্তি। এরপর আবার আমরা ছড়িয়ে পড়বো দেশ জুড়ে। হয়তো কারো সাথে সারা জীবনেও আর দেখা হবে না, আবার চলতি পথে হঠাৎ দেখা হয়েও যেতে পারে। তবে নিশ্চিতভাবেই বলতে পারি, জীবন সায়াহ্নে এসে আবার যখন এই স্যুভেনির নিয়ে বসবো, তখন চোখের সামনে ধরা দিবে স্মৃতিময় সোনালী দিনগুলি। ভেসে উঠবে প্রিয় মুখগুলো যাদের সাথে কাটিয়েছি ছয়টি মাস। সকলের জন্য শুভ কামনা।



**হাসানুর রহমান**
রোল : সি-২০৬
সহকারী কর কমিশনার
কর অঞ্চল-২, চট্টগ্রাম।

# ভালো থাকুক চন্দ্রিকারা



দুই হাজার এগারো সাল। সবে মাত্র বিশ্ববিদ্যালয়ের পাঠ চুকিয়ে চাকরিতে ঢোকার প্রাণান্তর চেষ্টা। চাকরির প্রথম পরীক্ষা, তাও আবার ডিভিএম এর ফলাফল প্রকাশের আগের দিন। পার্বত্য চট্টগ্রাম এর রাজধানী রাঙামাটি জেলায় জাতিসংঘ উন্নয়ন কর্মসূচীর অধীনে স্থানীয় বেসরকারি সংস্থা "সাস" কর্তৃক বাস্তবায়নাধীন "জনসমষ্টি ক্ষমতায়ন ও অর্থনৈতিক উন্নয়ন প্রকল্প" তে টেকনিক্যাল অফিসার (লাইভস্টক) পদে। বিশ্ববিদ্যালয়ে ইন্টার্ণশীপ চলাকালীন সময়ে বন্ধুদের মধ্যে চাকরি খোঁজার প্রবণতা দেখে নিজের মাঝেও কেন জানি চাকরির প্রতি চরম দুর্বলতা কাজ করল। সিদ্ধান্ত নিলাম মাস্টার্স ডিগ্রিটা কিছুদিন পরেই নিই। দিন ষোল পরে জানানো হল ১৫ই মার্চের মধ্যে বরকল উপজেলায় যোগদান করতে। নির্ধারিত তারিখে সকাল ৯ টায় সংস্থার প্রধান কার্যালয়ে জুরাছড়ি উপজেলার অফিস-ারসহ যোগদান করলাম।

পরেরদিন সকালে বরকলের উদ্দেশ্যে রাঙামাটি ত্যাগ করলাম লঞ্চে। কাপ্তাই হ্রদের মনভুলানো নয়নাভিরাম প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করতে করতে পৌঁছে গেলাম কর্ণফুলীর তীর ঘেঁষে গড়ে উঠা সিড়ির উপজেলা বরকলে। ঠাই হল সংস্থার অন্য দুজন অফিসার এর সাথে মসজিদ কলোনিতে । প্রথম সপ্তাহ কেটে গেল শুধুমাত্র অফিসে হাজিরা দেওয়ার মধ্য দিয়ে। পরের সপ্তাহ- জীবনের অন্যতম দুঃখজনক অধ্যায় । ভারতের মেঘালয় রাজ্যের সীমানা বেষ্টিত বাংলাদেশের আন্দারমানিক এ কিছুদিন আগে মারা যাওয়া গরুর তদন্ত প্রতিবেদন দিতে হবে।সকাল ১০ টায় ইউএনডিপির জেলা প্রাণিসম্পদ বিশেষজ্ঞ ও অফিসের অন্যান্য স্টাফসহ হাঁটা শুরু করে পাহাড়ের উঁচু -নিচু, দুর্গম পথ ও ঝিরি অতিক্রম করে দুপুর ১ টায় এক চাকমা সম্প্রদায়ের বাড়ীতে এবং দুপুরে বিয়ের অনুষ্ঠানে আহার সেরে নিলাম। তারপর কাধে ব্যাগ ঝুলিয়ে আবার ও সেই অপরিচিত পাহাড়ি রাস্তায় পথচলা। পাহাড়ের বাঁকে বাঁকে চাকমা সম্প্রদায়ের জীবনাচরণ, সংস্কৃতি, অকৃত্রিম ভালবাসা লক্ষ্য করলাম। পরিশ্রান্ত শরীর নিয়ে সন্ধ্যা ৭ টায় পৌঁছালাম সেই বহুল প্রতীক্ষিত আন্দারমানিক। বিদ্যুৎ বিহীন গ্রামে রাতের আঁধার যেন গ্রামের নামেরই সার্থকতা বহন করে। দাপ্তরিক কাজ সম্পন্ন করে পরের দিন সকালে আবার ও রওয়ানা দিলাম উত্তর আন্দারমানিকের উদ্দেশ্যে। সেখানে পৌঁছেই মার্চের প্রচণ্ড তাপদাহে ক্লান্ত শরীরটা পাহাড়ি বাঁশের তৈরি পাখা দিয়ে কিছুটা সময়ের জন্য শীতল করে ছুটলাম বাংলাদেশ ভারতের সীমান্ত নির্ধারণকারী ছড়াতে। চৈত্রের প্রখর রৌদ্রে দগ্ধ পাখিরা গাঁ ভিজিয়ে যেমন আনন্দ পায় আমার ক্ষেত্রে ও তার ব্যতিক্রম নয়। অফিসের অর্পিত কর্তব্য শেষ করে পরের দিন সূর্যের লাল আলো দেখা দেওয়ার সাথে সাথে বরকল এর উদ্দেশ্যে রওয়ানা দিলাম। দশ- বারটি পাহাড় পার হয়ে

পায়ের ব্যাথায় কাতর হয়ে ফিরলাম বিকাল ৫ টায়। পথিমধ্যে পাংখোয়া পাড়ায় তৃপ্তিসহকারে খাওয়া মধ্যাহ্নভোজনটা দুর্গম পাহাড়ি পথ পাড়ি দেওয়ার রসদ যুগিয়েছে। ভেবেছিলাম এত কষ্ট করে চাকরি করা আমার পক্ষে হয়ে উঠবেনা, বাস্তবতার তাগিদে সবকিছু মেনে নিলাম।

সংস্থায় আমার বড় দায়িত্ব ছিল ইউনিয়ন পর্যায়ে গবাদিপ্রাণির টিকাপ্রদান ও কৃমিমুক্তকরন কর্মসূচি বাস্তবায়ন করা। এরই মধ্যে চলে এলো রমজান মাস, পড়ে গেলাম দুঃচিন্তায়। শুরু করে দিলাম কাছের দুইটি ইউনিয়নে এবং সফলভাবে শেষ ও করলাম। বাকি রইল দূরের ৩ ইউনিয়ন, যেখানে রাত্রিযাপন করা ছাড়া বিকল্প নাই। সরকারি দপ্তরের ভি এফ এ ও অফিসের সংশ্লিষ্ট স্টাফসহ রওয়ানা দিলাম বড়হরিণা ইউনিয়নের উদ্দেশ্যে, সন্ধ্যার কিছুটা আগেই পৌঁছে গেলাম সেই বাড়িতে যেখানে রাত্রিযাপন করব। গৃহকর্ত্রী চন্দ্রিকা চাকমা ব্যস্ত হয়ে পড়লেন আপ্যায়নে। অনিবার্য কারণে অন্যদের সম্ভব হলেও আমি অপারগতা প্রকাশ করলাম সময় হয়নি বলে। দূরের বিজিবি মসজিদ থেকে মাগরিবের আযানের সুর কানে আসতেই ইফতার সেরে নিলাম। গৃহকর্তা আইড় মাছ নিয়ে আসলেন, সুস্বাদু পাহাড়ি নানা তরকারিসহ রাতের খাবার খেয়ে ঘুমিয়ে পড়লাম, ঘুমানোর আগে গৃহকর্ত্রীকে বললাম, আমার জন্য শুধুমাত্র প্রয়োজনীয় ভাত ও তরকারি আমাদের কক্ষের টেবিলে রাখলে হবে, আমি সেহেরীর সময় উঠে খেয়ে নিব- কোন সমস্যা হবে না। মোবাইলে অ্যালার্ম দিয়ে ঘুমিয়ে পড়লাম। মাঝরাতে শিল- পাটার শব্দে ঘুম ভেংগে গেল, সময় দেখলাম আর ও ঘণ্টা খানেক পর আমার সেহরির সময়। চন্দ্রিকা দিদি আমার জন্য নতুন করে রান্না করে টেবিলে দিয়ে আমাকে ডাকলেন। নিজেকে বড় অপরাধী মনে হল, অন্য ধর্মের একজন অনাত্মীয়, অপরিচিত মানুষের প্রতি চন্দ্রিকার আত্মত্যাগ আমাকে ভাবিয়ে তুলে। অযথাই একজন মানুষকে রাত ৩ টায় ঘুম ভাঙিয়ে রান্না করানোর অপরাধবোধ কাজ করতে থাকে। টেবিলে গরম গরম ভাত, তরকারি রাখা, খেয়ে নিলাম। কৃতজ্ঞতা প্রকাশ করার সাধ্য আমার নাই। পরের দিন কাজ সেরে চলে আসলাম চন্দ্রিকা ও তার পরিবার থেকে বিদায় নিয়ে।

মানুষের প্রতি মানুষের ভালবাসা অবাক করে দিল আমাকে, অবাক করে দেয় আমাদের সবাইকে। শত বাধা অতিক্রম করে চন্দ্রিকার মত যারা অনবরত সংগ্রাম করে যাচ্ছে প্রতিকূল পরিবেশে নিজেদের টিকেয়ে রাখার নিমিত্তে জয় হোক তাদের, জয় হোক মানবতার। ভাল থাকুক চন্দ্রিকা, ভাল থাকুক তাঁর পরিবার, ভাল থাকুক চন্দ্রিকারা।



**ডাঃ মোহাম্মদ আরিফ উদ্দিন**
রোল : সি-২২৭
ভেটেরিনারি সার্জন
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, সাতকানিয়া, চট্টগ্রাম।

# স্মৃতির পাতায় সুনামগঞ্জ ভ্রমন




কত বৈচিত্র আর অপরূপ সৌন্দর্য আমাদের এই দেশ সেটা প্রত্যক্ষ না করলে বুঝানো যাবেনা। বাংলাদেশের বেশ কয়েকটি জায়গা আমার ঘুরে দেখার সৌভাগ্য হয়েছে। বহু জায়গা ঘুরে ফেলেছি সেটা অবশ্য বলার সাহস নাই, তবে দেশটাকে কিছু হলেও দেখেছি সেটা মনে হয় বলতে পারবো। আর এতটুকু অভিজ্ঞতা থেকে বলতে পারি সুনামগঞ্জ ভ্রমন ছিলো অনবদ্য আর আমার জীবনের সবচাইতে স্মরণীয় ভ্রমন। ফাউন্ডেশন ট্রেনিং এর অংশ হিসেবে জেলা সংযুক্তি কার্যক্রমে সুনামগঞ্জ পছন্দ করার সুযোগ হাতছাড়া করিনি। সুনামগঞ্জে এই প্রথম ভ্রমন তাই উত্তেজনার পারদ তুঙ্গে। স্বভাবতই ভ্রমন আমি খুব পছন্দ করি তাঁর উপর ছয় সপ্তাহের জন্য সুনামগঞ্জ, এ যেন সোনায় সোহাগা। ফেব্রুয়ারির শেষ সপ্তাহ তাই শীতও অনেকটা হালকা। ২০ শে ফেব্রুয়ারি সকাল ৮ টা ২০ মিনিট সুনামগঞ্জ বাস স্টেশন থেকে সরাসরি সার্কিট হাউজ। আমাদের ৯ জনের একটি দল সেখান থেকে আমারা গিয়ে উঠি আমাদের জন্য নির্ধারিত BINA-র একটা গেস্ট হাউজে। সারাদিন বিশ্রাম করে পরেরদিন ২১শে ফেব্রুয়ারি সকাল বেলা অনুষ্ঠান শেষে এডিসি মহোদয়ের অনুমতি নিয়ে আমরা বেড়িয়ে পড়ি টাঙ্গুয়ার হাওরের উদ্দেশ্যে । অনেকটা কৌতুহল নিয়ে অগ্রসর হচ্ছি, কিন্তু রাস্তার জরাজীর্ণ অবস্থা আর ঝাঁকুনি মনটাকে একটু খারাপ করে দিলো। কিন্তু তাহেরপুর উপজেলায় আসতে আমার মনটা ভাল হল। দুপাশে বিস্তীর্ণ মাঠ আর সবুজ দেখে। রাস্তার দুপাশ দিয়ে যেতে যা কিছু দেখছিলাম তাই যেন ছবি তুলে রাখার মত। আমাদের দলের এক বন্ধু হাসান ইমামের পূর্ববর্তী কর্মস্থল এই তাহেরপুর। তাই সবকিছুর ব্যবস্থা যেন সহজেই সে আগে থেকে করে রেখেছে। সবাইমিলে যখন টাঙ্গুয়ার হাওড় পৌছি তখন বেলা ১১টা। সামিয়ানা টানানো ইঞ্জিনের নৌকায় সবাই উঠে যাত্রা, হাওড়ের চারিপাশ তন্ন তন্ন করে দেখা, শান্ত জলের উপর দিয়ে আমরা ছুটছি যেন গন্তব্যহীন অজানার উদ্দেশ্যে । বিস্তীর্ণ খোলা আকাশ আর দিগন্তহীন প্রকৃতি যেন ভাসিয়ে নিয়ে যায় কল্পনার জগতে। তখনি মনে হয় কবি শিল্পী সাহিত্যিক প্রকৃতির মাঝে ডুবে থেকে তাদের কল্পনা জগত থেকে প্রতিনিয়ত সাহিত্য উদগিরণ করেন। রঙ তুলির আবেশ ঘটান আর সাহিত্য রচনা করেন। নিজেকে যেন ভাবুক, কবি, শিল্পী হিসেবে বারবার মনে হচ্ছে, যেন এক অন্য জগৎ। ভালবাসা, অনুভুতি আর মননজগতের ছোয়ায় আহ্লাদিত হচ্ছি। যেতে যেতে যেন অনেকদুর চলে এসেছি। এ সময় হাওড়ের পানিও অনেকটা কমে এসেছে। আঁকাবাঁকা পথ দিয়ে যতদূর যাওয়া সম্ভব ততদুর যাচ্ছি। দৃষ্টিতে ভেসে আসছে পাখিদের মিলনমেলা, শত সহস্র হরেক রকমের পাখিরা যেন নিজেদেরকে আপন মনে বিলিয়ে দিচ্ছে, খেলা করছে, আর তাদের কলকাকলিতে মুখরিত করছে চারিদিক। কত বিচিত্র রকমের এসব পাখি। এদের মধ্যে রয়েছে অনেক রকমের অতিথি পাখি। হাওড়ের সৌন্দর্যের এসব অতিথি পাখিদের মোহিত করেছে আর এজন্যই তারা ছুটে এসেছে ভিন দেশ থেকে। এ সৌন্দর্য অব্যক্ত, খুবই দৃষ্টিনন্দন। যেন স্বর্গীয় সৌন্দর্যের এক প্রতিমূর্তি। বেলা প্রায় ৩টা, ক্ষুধার

কথা সবাই যেন ভুলেই গিয়েছিলাম, মনে হচ্ছিল আরো অনেক সময় হাওড়ের বুকে পাখিদের মাঝে নিজেদের লুকিয়ে রাখি। প্রত্যক্ষ করেছি প্রকৃতি আসলে কতইনা সুন্দর! আস্তে আস্তে হাওড়ের দুপাশের মানুষের জীবন সম্পর্কে ধারনা নেয়ার চেষ্টা করেছি। তাহেরপুরে যখন পৌছি তখন বিকেল প্রায় ৪ টা। খাওয়া দাওয়া শেষে যখন সুনামগঞ্জের উদ্দেশ্যে ফিরছি তখন মনে হচ্ছে টাঙ্গুয়ার হাওড় বারবার ডাকছে আর আমন্ত্রণ জানাচ্ছে।

প্রতিদিন আমাদেরকে বিভিন্ন সরকারি ও বেসরকারি অফিসের কার্যক্রম সম্পর্কে জানার জন্য যেতে হতো বিভিন্ন দপ্তরে । বিভিন্ন দপ্তরের কার্যক্রম খুটিয়ে খুটিয়ে জানার চেষ্টা করেছি আমরা, সেটা ছিলো আমাদের রুটিন কাজ। দ্বিতীয় সপ্তাহের ছুটির দিনে আমরা ঘুরতে বেরিয়েছি আরো কিছু দর্শনীয় স্থান দেখার জন্য। এদের মধ্যে বারিক টিলা, যাদুকাটা নদী, লাওড়ের গড়, শাহ আরিফিনের মাজার, বর্ডার হাটের মতো গুরুত্বপূর্ণ ও মনোমুগ্ধকর স্থান সত্যিই আমাদের পুলকিত করেছে। আমাদের পদচিহ্ন এসব দর্শনীয় স্থানে কালের সাক্ষী হয়ে চির অম্লান হয়ে আমাদেরকে মহিমান্বিত করেছে। প্রত্যেকটি স্থান যেন তাদের স্বমহিমায় সৌন্দর্যের প্রতিমূর্তি বিচ্ছুরিত করছে। আসলে কাছে থেকে না দেখলে এ সৌন্দর্যকে উপভোগ করা দুষ্কর।

যে গেস্ট হাউজে আমরা ছিলাম সেখানে আমাদের দল ছিল যেন একটি গোলাপ, আর আমরা প্রত্যেকে সে গোলাপের এক একটি পাপড়ি। হরেক রকমের পোকা মাকড় ও জ্বিনের আবিস্কার করতে সক্ষম হয়েছি এখানে। প্রতিদিনকার খাবারের মেনুতে হাওড়ের অনেক রকমের টাটকা মাছ আমাদেরকে ভোজন রসিক করে তুলেছে।

আমন্ত্রিত অতিথি হিসেবে সুনামগঞ্জ জেলা পুলিশের পুলিশ সপ্তাহ অনুষ্ঠানে আমাদেরকে উষ্ণ অভ্যর্থনার জন্য সত্যি আমরা কৃতজ্ঞ পুলিশ সুপার সুনামগঞ্জ মহোদয়ের কাছে। আমন্ত্রিত অতিথিদের মধ্যে বেলুন ফুটানো প্রতিযোগিতায় নিজের প্রথম হওয়া ও স্বাধীনতা দিবস উপলক্ষে শুটিং প্রতিযোগিতায় আমাদের দলের ৩ জনেরই প্রথম দ্বিতীয় ও তৃতীয়স্থান অধিকার করা সত্যিই ছিলো উপভোগ করার মতো।

আমাদের সৌভাগ্য হয়েছিলো দক্ষিণ সুনামগঞ্জের জয়কলস ইউনিয়নের কয়েকটি সুবিধাবঞ্চিত পরিবারের সাথে কিছু সময় কাটানো, তাদের অনুভুতি শোনার ও তাদের জীবনযাত্রা সরাসরি অবলোকন করার। খুবই ব্যথিত হয়েছি, এ সুন্দর দেশটিতে অনেক সংগ্রাম ও দুঃখ-কষ্টে এসব পরিবারগুলো তাদের জীবনতরী বেয়ে বেড়াচ্ছে। আসলে আমরা অনেক স্বার্থপর, তাদের জন্য কিছুই করতে পারছিনা। বাংলাদেশের প্রত্যেকটি প্রান্তে এদের মতো অসংখ্য পরিবার জীবন সংগ্রামে লিপ্ত। প্রত্যেকেরই নিজ নিজ অবস্থান থেকে এগিয়ে আসা উচিত এদের জন্য বিশেষ কিছু করার ।

উপজেলা পরিষদ দক্ষিন সুনামগঞ্জ পরিদর্শনের সময় আমরা উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ ইবাদত হোসেন মহোদয়ের প্রতি কৃতজ্ঞ তাঁর আন্তরিক সহযোগিতা, আপ্যায়ন, দায়িত্বশীলতা আমাদের অনুপ্রানিত ও উৎসাহ যোগাবে। তদুপরি, ইউ এন ও ভাবীর চমৎকার রান্না ও আপ্যায়নে আমরা বিমোহিত, আনন্দিত ও পুলকিত। সর্বোপরি সুনামগঞ্জ জেলা প্রশাসক মহোদয়, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মহোদয়, ও বিভিন্ন দপ্তরের প্রধানদের আন্তরিক সহযোগিতা, পরামর্শ, বিভিন্ন বিষয়ে আমাদের সম্যক ধারণা দেয়া প্রভৃতি আমাদের মনন জগতকে প্রসারিত করেছে, আমাদের সীমিত জ্ঞানকে বিকশিত করার সুযোগ বাড়িয়ে দিয়েছে। সত্যিই আমরা সবাই তাদের প্রতি কৃতজ্ঞ।

সুনামগঞ্জ ভ্রমন আসলে আমাদের জন্য এক অন্য মাত্রা দাঁড় করিয়েছে। আমরা একদিকে যেমন প্রকৃতির অপরূপ সৌন্দর্যে অবগাহন করতে পেরেছি, খোরাক পেয়েছি আমাদের ধ্যান ধারনা ও চিন্তা চেতনার। অন্যদিকে, অফিস ব্যবস্থাপনা বিভিন্ন বিষয়ে সম্যক ধারনা, দায়িত্ব কর্তব্য, মানুষের জীবনযাত্রা অত্যন্ত গভীরভাবে উপলব্ধি করতে পেরেছি। সুনামগঞ্জ ভ্রমণ তাই জীবনের দিনপঞ্জিকার পাতায় চির অম্লান হয়ে বিচরণ করবে আমৃত্যু।



**ডাঃ সুজন কান্তি শর্মা**
রোল : সি-২৩০
ভেটেরিনারি সার্জন
চাটখিল, নোয়াখালী।

# কাহিনী নিঝুম দ্বীপ




৬ সপ্তাহের জেলা সংযুক্তি কার্যক্রম।
জেলা : নোয়াখালী।
প্রশিক্ষণার্থী : ১১ জন।

প্রথম দিনই ADC(জেনারেল) স্যার বললেন, " নোয়াখালীতে দেখার বা ঘুরে বেড়ানোর মতো কোনো স্পট নেই, একমাত্র দর্শনীয় স্থান নিঝুম দ্বীপ।" নিঝুম দ্বীপের কথা এতো শুনেছি যে মনে হলো এই একটা স্পটতো অন্ততঃ আছে, যেখানে সামনাসামনি হরিণ দেখা যাবে ।

প্রতিদিনই ২/৩ টা অফিস ভিজিট। এভাবে প্রথম তিন সপ্তাহ শেষ। আমাদের আর নিঝুম দ্বীপ যাওয়া হয়না। কারণ রাজনৈতিক অস্থিরতা, উপজেলা নির্বাচন। সিনিয়র স্যাররা রিস্ক নিতে চাননা। আমাদের সবারই একটু মন খারাপ। কিছুদিন পর সমুদ্রের এই শান্ত রূপ আর থাকবেনা, উত্তাল হয়ে যাবে, তখনতো যাওয়াই যাবেনা।

এরপর ৪র্থ ও ৫ম সপ্তাহ উপজেলা সংযুক্তি। কিন্তু সেখানেও দেখার মতো কোনো জায়গা নেই।

পরের সপ্তাহে আবার নোয়াখালী চলে আসলাম। আর মাত্র এক সপ্তাহ বাকি। আমাদের কি নিঝুম দ্বীপ যাওয়া হবেইনা!

সুনামগঞ্জ Group প্রায়ই ফেসবুকে ছবি আপলোড করে - টাঙ্গুয়ার হাওড়, যাদুকাটা নদী, জাফলং আরও কত জায়গা! আর আমরা? শুধুমাত্র জেলা প্রশাসনের আয়োজনে একটা পিকনিক ( যদিও সেখানে অনেক মজা হয়েছে এবং খেলায় পুরস্কার ও পেয়েছি )। কিন্তু তারপর ও ছয় সপ্তাহ নোয়াখালী থেকে যাবো আর নিঝুম দ্বীপ যাওয়া হবেনা! এবার একটু বেশিই মন খারাপ। সুদীপদা তো বলেই ফেললেন, " আপু, দেড় মাস নোয়াখালী থেকে নিঝুম দ্বীপ যেতে না পারলে বেঁচে থেকে আর কী লাভ?" আমার তখন মনে হচ্ছিলো কর্তৃপক্ষ কি ভেবে দেখবেনা এই একটা অপ্রাপ্তির জন্য একজন সিভিল সার্ভেন্ট জীবনের মায়া ত্যাগ করতে চাইছে।

অবশেষে সোমবার ADC (জেনারেল) স্যার বললেন, পরের দিন আমরা সেই মহা আকাঙ্খিত নিঝুম দ্বীপের

উদ্দেশ্যে যাত্রা করবো। যাই হোক পরদিন মানে মঙ্গল বার ভোরে আমরা ১১ জন নোয়াখালী সার্কিট হাউস থেকে রওনা দিলাম। প্রথমে মাইক্রোতে করে লঞ্চঘাট। সেখান থেকে 'এস টি শহীদ শেখ ফজলুল হক মনি' তে করে হাতিয়া, তারপর হাতিয়া থেকে টেম্পোতে করে নৌকাঘাট, তারপর নৌকায় নদী পার হয়ে ওপাড়ে মোটর সাইকেলে চড়ে শেষ পর্যন্ত নিঝুম রিসোর্ট এ পৌঁছলাম।

নিঝুম রিসোর্ট থেকে প্রথমে গেলাম বীচে । যদিও সেটা কক্সবাজার বা সেন্টমার্টিনের মতো না, তবুও অনেক সুন্দর। বীচের বালিগুলোতে মনে হচ্ছিলো যেনো কেউ নকশা করে রেখেছে। বীচ থেকে ফিরে খাওয়াদাওয়া। এরপর আমাদেরকে নিয়ে যাওয়া হলো একটা খালপাড়ে। হেঁটে যাবার সময় শুধু একটা ছোট বাচ্চা হরিণ দেখলাম। বিকেল হয়ে যাচ্ছিলো। সেই জায়গাটা ছিলো একটা ম্যানগ্রোভ বনাঞ্চল। খালে আমরা নৌকায় ঘুরে বেড়ালাম। সেখানকার প্রাকৃতিক সৌন্দর্য মুগ্ধ করার মতো। মনে হচ্ছিলো আমরা যেনো সুন্দরবনে চলে এসেছি। তাছাড়া ঐ জায়গায় এখনো মানুষের যান্ত্রিক হাত পড়েনি বলেই হয়তো দেখা মিললো বড় বড় সাপ, বাঘডাস, বড় বড় লাল ও কালো রঙের কাঁকড়া, বিভিন্ন রকম পাখি প্রভৃতির। তার সাথে রয়েছে দ্বীপের সহজ সরল মানুষ। নৌকা থেকেই আমরা সূর্যাস্ত দেখলাম। অদ্ভুত রকম সুন্দর। কিন্তু হরিণের পালের সাথে তখনো পর্যন্ত দেখা হলোনা। হাতিয়া উপজেলার UNO স্যার আমাদের সাথে দু'জন গাইড দিয়ে দিয়েছিলেন। উনারা বললেন এখান থেকে ফেরার আগে অবশ্যই হরিণ দেখাবেন। কিন্তু উনাদের কথার উপর খুব একটা ভরসা হচ্ছিলোনা কারণ তখন সন্ধ্যা হয়ে আসছিলো, সূর্যাস্তও শেষ । যাই হোক, সন্ধ্যার আগমুহূর্তে আমরা হাতিয়ার উদ্দেশ্যে রওনা দিলাম। মোটর সাইকেলে করে নৌকাঘাটে যাবার পথে রাস্তার পাশেই একটা জায়গায় থামলাম হরিণ দেখার জন্য। তখন হালকা অন্ধকার। অনেক দূরে আবছাভাবে একটা দু'টা হরিণ দেখা যাচ্ছিলো। এরপর আমরা একটু ভেতরের দিকে একটা পায়ে হাঁটা পথে এগোলাম। সেখানেই অপেক্ষা করছিলো সবচেয়ে বড় সারপ্রাইজ। সামনের বনে গোধূলির আলোয় বিচরণ করছিলো এক পাল হরিণ। সেই অনুভূতি ভাষায় প্রকাশ করার মতো না। মনে হচ্ছিলো এটা বাস্তব না, National Geography তে কোনো প্রোগ্রাম দেখছি। একদিনের জন্য প্রাপ্তিটা বেশিই মনে হলো। তবে এটাই যে শেষ ছিলোনা, বুঝতে পারলাম পরদিন ভোরে।

নিঝুমদ্বীপে এখনো বিদ্যুতের আলো পৌঁছায়নি। রাতে ফেরার পথে অনেক অন্ধকার আর এর মাঝে নৌকাও নষ্ট হয়ে গিয়েছিলো। তাই কিছুটা ভয় পেয়েছিলাম। যাই হোক, নিঝুমদ্বীপ থেকে ফিরে রাতে UNO স্যারের বাসায় খাওয়াদাওয়া ও উপজেলা পরিষদের ডাকবাংলোতে রাত্রিযাপন এবং পরদিন ভোরে আরেকটা সুন্দর বীচ দর্শন। সূর্যমুখি বীচ। নাম শুনে প্রথম মনে হচ্ছিলো সেখানে নিশ্চই সূর্যমুখির চাষ হয়। যাবার পর জানতে পারলাম সেই বীচ থেকে সূর্যোদয় দেখা যায় বলেই নাকি এরকম নামকরণ। এটা একটা ম্যানগ্রোভ বীচ। পেছনে আবার বন বিভাগের বিশাল বনভূমি। এক পাশে মহিষের পাল। সবমিলিয়ে অন্যরকম সৌন্দর্য। সূর্যমুখি বীচ হাতিয়ার দর্শনীয় স্থানগুলোর মাঝে একটা। সেখানে আরো অনেক সুন্দর জায়গা আছে। হাতিয়ায় নাকি হরিণও দেখা যায়। তখন মনে হচ্ছিলো সৌন্দর্যের দিক থেকে হাতিয়া, নিঝুমদ্বীপের চেয়ে কোনো অংশেই কম না।

হাতিয়া, নিঝুমদ্বীপ আসা - যাওয়া সব মিলিয়ে মাত্র দুই দিনের ট্যুর হলেও এর প্রাপ্তির পরিমাণ অনেক বেশি। এই দুই দিন শুধুমাত্র ছয় সপ্তাহের জন্যই না বরং সারা জীবন মনে রাখার মতো একটা সময়।



**নুরুন নাহার লিলি**
রোল : সি-২০১
সহকারী পরিচালক
বাংলাদেশ কাস্টমস,
এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।



# কিছু স্মৃতি কিছু কথা

আগস্ট মাসের ৭ তারিখ, ২০১৪ সাল। আমার চাকুরীতে যোগদানের তারিখ। মেঘাচ্ছন্ন আকাশ, রোদ নেই, বৃষ্টি নেই, থমথমে প্রকৃতির একটি দিন। আমার স্মরণীয় একটি দিন। যোগদানের স্থান উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, চান্দিনা, কুমিল্লা। আগের দিন, অর্থাৎ ৬ তারিখ ছিলাম ঢাকায় এবং ৭ তারিখ ভোরে কর্মস্থলে যোগদানের উদ্দেশে রওয়ানা হই তাই একটু উদ্বিগ্ন ছিলাম সময়মত পৌঁছাতে পারব কি না তা নিয়ে। কিন্তু ভোর বেলায় কোন যানজট ছিল না বিধায় তাড়াতাড়ি ঢাকা অতিক্রম করতে পেরেছি। তাই খুব তাড়াতাড়ি চিন্তামুক্ত হলাম। উল্লেখ্য এর আগে কখনো আমি কুমিল্লা যায়নি। এটি ছিল আমার কুমিল্লায় প্রথম ভ্রমন। তাইতো কিছুক্ষণের মধ্যেই প্রকৃতির সাথে সখ্য করে রোমান্স ছড়িয়ে হারিয়ে গেলাম প্রকৃতির মাঝে নতুনত্বের সন্ধানে।আমার সোভাগ্য সময়টা ছিল বর্ষাকালের মাঝামাঝি সময়। বুড়িগঙ্গা আমায় হতাশ করলেও হতাশ করেনি গোমতি আর মেঘনা। সেই সুযোগে স্রোতহীন গোমতীর বড় বড় চোখের মায়াবী লাজুক চাহনী আর মেঘনার অপরুপ যৌবনের ছল ছল জলের কল কল শব্দে মাতোয়ারা আমি যেন দেখছি এক নতুন পৃথিবী। প্রকৃতির সৌন্দর্য ঢোক ঢোক করে গিলতে গিলতে কখন যে চান্দিনায় পৌঁছে গেছি টেরই পায়নি। যথাসময়ে অফিসে পৌঁছে যায়। প্রথমে আমি উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা অর্থাৎ আমার বসের কক্ষে যায় এবং স্যারের সাথে পরিচিত হই। তিনি অফিসের সব কর্মচারীদের তাঁর কক্ষে ডাকেন এবং একে একে সবার সাথে পরিচিত হই। আমাকে স্বাগত জানাতে অফিসের সবাই যথাসময়ে উপস্থিত ছিল। তারপর ধীরে ধীরে কাগজে-কলমে যোগদানের সমস্ত প্রক্রিয়া শেষ করি। এরই মাঝে কিছু ঘটনা ঘটে যায় যার জন্য আমি মোটেও প্রস্তুত ছিলাম না। তা হচ্ছে ঔষুধ কম্পানিগুলোর প্রতিনিধিদের ফুলেল শুভেচ্ছা। সবাই যেন প্রতিযোগিতা শুরু করে দিয়েছে কে আসবে কার আগে ফুলেল শুভেচ্ছা জানাতে। আমি ব্যস্ত ছিলাম তাই তাদের সময় দিতে পারিনি তবে দেশে যে এত ভেটেরিনারি ঔষুধ কম্পানি আছে তা আমি যোগদানের প্রথমদিন থেকেই ধারনা পেয়েছি। প্রথমদিন আমার ব্যস্ততার মাঝেই কেটে যায়। এ যেন এক অন্য রকম সুখানুভূতি। যোগদানের প্রথমদিন সত্যিই আমার জন্য এক অনাবিল আনন্দের স্মরণীয় দিন।

আমি যখন অফিসে ভেটেরিনারি সার্জন পদে আমার দায়িত্ব গ্রহণ করি, তখন মনে হয়েছে আমার জীবনে এক নতুন অধ্যায়ের সূচনা হল। আজ আমি সরকারের প্রতিনিধি, জনগণের সেবক। সকল সময়ে জনগণের সেবা করার চেষ্টা করা আমার কর্তব্য। আমার অন্যতম প্রধান দায়িত্ব হচ্ছে উপজেলার প্রাণী স্বাস্থ্য নিশ্চিত করা। আমার হয়ত হাতেম তাই বা হাজী মুহাম্মদ মহসীন এর মত অনেক টাকা নেই যা দিয়ে গরিবের মুখে হাসি ফুটাতে পারব। তবে সৃষ্টিকর্তা আমায় যা দিয়েছেন তা দিয়ে প্রতিদিন ২০-১০০ জন গরিব কৃষক বা খামারীর প্রত্যেককে ১০ হাজার থেকে ১০ লাখ টাকা ক্ষতির হাত থেকে বাঁচিয়ে দিয়ে তাদের মুখে হাসি ফুটাতে সক্ষম হচ্ছি। এ যেন আমার বিশাল প্রাপ্তি, আমার অহংকার। মহান আল্লাহপাকের অসীম কৃপায় এক অসহায় নিঃস্ব বৃদ্ধার আর্থিক উপার্জনের শেষ সম্বলকে মৃত্যুর হাত থেকে বাচিঁয়ে দিয়ে যখন দেখি অশ্রুসিক্ত বৃদ্ধার বাঁধভাঙ্গা হাসি তখন আমার হৃদকম্প ও স্বরকম্প অনুনাদ সৃষ্টি করে বলে আমি পৃথিবীর সবচেয়ে সফল এবং সুখী মানুষ। আমরা ভেটেরিনারিয়ান, আমরা আহত পাখির কান্নার করুণ সুর বুঝতে পারি, অবুঝ প্রাণীর ব্যাথার কারণ জানতে পারি, কৃষকের মুখে হাসি ফুটাতে পারি, আবার আহত বাঘের গর্জন শুনে তারই সেবায় কাছে যেতে পারি। মানুষের সেবা দেয়ার প্রচেষ্টায় প্রায় ২ বছর পার করে দিচ্ছি। জানি না কতটুকো দিয়েছি তবে চেষ্টা করেছি। আমার সৌভাগ্য যে আমি একজন সৎ ও নিষ্ঠাবান বস পেয়েছি। উপজেলার অন্যান্য দপ্তর প্রধানগণ ও অত্যন্ত ভাল। সবাই যেন এক পরিবার আর উদ্দেশ্য একটাই, জনগণ ও দেশের উন্নয়নে কাজ করা। তাঁদের কাছ থেকে প্রতিনিয়ত শিখছি এবং অনুপ্রাণিত হচ্ছি।

ডিসেম্বর, ২০১৫ মাঝামাঝি সময়ে ৬ মাস ব্যাপি বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের জন্য চট্টগ্রামে অবস্থিত কাস্টমস একাডেমীতে অংশগ্রহণ করি। নিজের জ্ঞানের ভান্ডারকে সমৃদ্ধ করার বিশাল সুযোগ পেয়ে যায়। জানি না কতটুকু অর্জন করতে পেরেছি তবে শিক্ষণীয় অনেক কিছু শিখেছি। অনেক খ্যাতিমান ব্যাক্তিকে কাছ থেকে দেখিছি। তাঁদের পাঠদান শুনে ও মহানুভবতায় মুগ্ধ হয়েছি। আমরা ১১ টি ভিন্ন ভিন্ন ক্যাডারের মোট ৩১ জন প্রশিক্ষণার্থী ৬ মাস ব্যাপি বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের জন্য কাস্টমস একাডেমীতে অংশগ্রহণ করি। কিন্তু দূর্ভাগ্য যে ১৪ ফেব্রুয়ারী ২০১৬ তারিখে আমাদের একজন সহকর্মী মো: এমরুল হোসাইন রেল দূর্ঘটনায় মারা যায়। আমি তাঁর বিদেহী রুহের মাগফেরাত কামনা করছি। তিনি ৩৩ তম ব্যাচের বিসিএস ফিশারিজ ক্যাডারের একজন সদস্য ছিলেন। আমরা ৩০ জন প্রশিক্ষণার্থী ভিন্ন ভিন্ন ব্যাচ ও ক্যাডারের কিন্তু উদ্দেশ্য এক ও অভিন্ন। তা হচ্ছে জনগণ ও দেশের উন্নয়নে কাজ করা। আমরা ভিন্ন ভিন্ন ক্যাডারের বিষয়ে ধারণা পেয়েছি এবং নিজেদের মাঝে সম্পর্ক বৃদ্ধি ও অভিজ্ঞতা ভাগাভাগি করার সুযোগ পেয়েছি। নিঃসন্দেহে এটি এক অসাধারণ অর্জন। কোর্স উপদেষ্টা, কোর্স পরিচালক এবং কোর্স সমন্বয়কদের অক্লান্ত পরিশ্রম,পরামর্শ, সহযোগিতা ও ভালোবাসা আমাদের যুগিয়েছে সাহস এবং দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার অফুরন্ত প্রেরণা।

এই হচ্ছে আমার প্রায় ২ বছর কর্মজীবনের পথচলা। অনাগত দিনগুলো যেন সততা ও নিষ্ঠার সাথে সকলের সেবায় নিজেকে নিয়োজিত রাখতে পারি পরম করুনাময় সৃষ্টিকর্তার কাছে সেই প্রার্থনা করছি।



**ডা. মোহাম্মদ সামিউল বাছির**
রোল : সি-২৩৩
ভেটেরিনারি সার্জন
উপজেলা প্রাণিসম্পদ অফিস
চান্দিনা, কুমিল্লা।

# বাংলা কৌতুক

১.
কোন দেশের পুলিশের দক্ষতা কেমন সেই নিয়ে কয়েক দেশের পুলিশের উচ্চ পর্যায়ের আলোচনা চলছে।
জাপানী পুলিশ : যে কোন ঘটনা কে ঘটিয়েছে সেটা জানতে আমাদের ৭২ ঘন্টা সময় লাগে।
বৃটিশ পুলিশ : আরে দূর আমরা দুনিয়ার সেরা পুলিশ। অন্যায় কারীকে চিনতে আমাদের সর্বোচ্চ ২৪ ঘন্টা সময় লাগে ।
আমেরিকার পুলিশ : আমারাও ২৪ ঘন্টার মধ্যে যে কোন ক্রিমিনালকে পাকড়াও করতে পারি।
বাংলাদেশের পুলিশ : আমাদেরকে না জানিয়ে কোন ঘটনাই ঘটে না।

২.
ক্যাপ্টেন পদে চাকরি
বস: আপনি সাঁতার জানেন?
চাকরিপ্রার্থী: জি না।
বস: জাহাজের ক্যাপ্টেন পদে চাকরির জন্য আবেদন করেছেন, আর সাঁতার জানেন না?
চাকরিপ্রার্থী: কিছু মনে করবেন না স্যার। উড়োজাহাজের পাইলট কি উড়তে জানে?

৩.
শফিক আর কেয়ার দুজনের ছোট্ট সংসার। এর মাঝে একদিন উটকো এক অতিথির আগমন। দিন গড়িয়ে সপ্তাহ পেরোয়, অতিথির আর যাওয়ার নামগন্ধ নেই। বিরক্ত হয়ে একদিন লোকটাকে তাড়ানোর ফন্দি আঁটল দুজন। পরদিন সকাল না হতেই তুমুল ঝগড়া শুরু করল শফিক-কেয়া। ঝগড়া একসময় হাতাহাতির পর্যায়ে চলে গেল। অবস্থা বেগতিক দেখে চুপচাপ বাক্স-পেটরা নিয়ে বেরিয়ে পড়ল অতিথি। অতিথি বেরিয়ে গেলে ঝগড়া থামাল দুজন। কেয়াকে বলল শফিক, 'ওগো, বেশি লেগেছে তোমার?'
কেয়া: আরে নাহ্! আমি তো লোক দেখানো কাঁদছিলাম!
এমন সময় দরজা দিয়ে ঢুকতে ঢুকতে বলল অতিথি, 'আমিও তো লোক দেখানো গিয়েছিলাম!'

৪.
দুই কয়েদি পালিয়েছে জেল থেকে। আবার যখন তাদের আটক করা হলো, কারারক্ষক প্রশ্ন করলেন, 'তোমরা জেল থেকে পালিয়েছিলে কেন?'
১ম কয়েদি: কারণ, জেলখানার খাবার খুবই জঘন্য। খাওয়া যায় না।
কারারক্ষক: কিন্তু তোমরা জেলের তালা ভাঙলে কী দিয়ে?
২য় কয়েদি: সকালের নাশতার রুটি দিয়ে!

৫.
মাইক্রোসফটের চেয়ারম্যান বিল গেটস; তুরস্কের নতুন অফিসের জন্য একজন দক্ষ লোক খুঁজছেন। প্রায় ২০,০০০ আবেদনপত্র জমা পড়লো!!
এই ২০,০০০ জনের মধ্যে, 'তরফদার' নামের এক বাংলাদেশীও আছেন। বিল গেটস, ২০,০০০ আবেদনকারীকেই একসাথে একটা বড় হল রুমে ডাকলেন। বিল গেটস বললেন-"এখানে যারা 'জাভা প্রোগ্রামিং'পারেন, শুধু তারা থাকবেন। বাকিরা, দয়া করে আসতে পারেন।" ২০,০০০ এর মধ্যে ১০,০০০ জন হল ত্যাগ করলেন। তরফদার সাহেব মনে মনে ভাবলেন-"আমি বরং থেকেই যাই এখানে..আর 'জাভা প্রোগ্রামিং' এমনকি জিনিষ!! চাকরিটা পেলে, দুই দিনে না হয় শিখে নিব। দাঁড়িয়েই থাকি বরং ... বিল গেটস এবার বললেন-"এখানে যাদের নেটওয়ার্কিং এ দক্ষতা আছে, শুধুতারা থাকবেন। বাকিরা, দয়া করে আসতে পারেন।" ১০,০০০ এর মধ্যে ৫,০০০ জন হল ত্যাগ করলেন। তরফদার সাহেব মনে মনে ভাবলেন- 'নেটওয়ার্কিং' আর এমন কি জিনিষ !! চাকরিটা পেলে, দুইদিনের মামলা এটা! "বিল গেটস এবার বললেন- "এখানে যাদের' উইন্ডোজ ও লিনাক্সএ দক্ষতা আছে', শুধু তারা থাকবেন। বাকিরা, দয়া করে আসতে পারেন।" ৫,০০০ এর মধ্যে ৩,০০০ জন হল ত্যাগ করলেন। তরফদার সাহেব মনে মনে ভাবলেন-"ব্যাপারনা। চাকরিটা পেলে, দুই দিনে শর্ট কোর্স করে নিব।" বিল গেটস এবার বললেন, "যারা তুরস্কের ভাষা ভালোমতো বলতে পারেন তারা থাকবেন। আর বাকিরা, দয়া করে আসতে পারেন।" ২,০০০ এর মধ্যে ১,৯৯৮ জন হল ত্যাগ করলেন... দুইজন দাড়িয়ে রইলেন। তরফদার আর আরেক ভদ্র লোক। বিল গেটস বললেন-"গুড, তোমরা দুইজন আমাদের সকল চাহিদা ফুলফিল করেছো। তোমাদের এখন আমি টেস্ট নিবো। তবে তার আগে তোমরা দুইজন একে অপরের সাথে তুরস্কের ভাষায় কিছু কথা বলো তো দেখি।" তরফদার সাহেব পাশের ভদ্র লোককে আমতা আমতা করে বললেন-"ভাইজান, কেমন আছুইন?" পাশের ভদ্রলোক দাঁত বের করে বললেন- 'এইতো, বালা আছি.... আফনে?'



সংগ্রহ-
**শাহেদা সুলতানা**
রোল : সি-২২৩

# অহেতুক-কৌতুক

১। এক উচ্চমাধ্যমিক পাশ ছাত্র বলল, ভাই মেডিকেলে ভর্তি পরীক্ষা আগামী সপ্তাহে, যদি কোন পরামর্শ দেন...পরামর্শ দিতে গিয়ে বললাম, ছোট ভাই আমাদের বংশে এ পর্যন্ত কেউ পরীক্ষা দিয়ে মেডিকেলে ভর্তি হয় নাই, অসুস্থ হয়েই ভর্তি সব। সুতরাং সেভাবেই চেষ্টা করে দেখতে পার।

২। ছোটন: শিউলি আন্টি মা এক কাপ চিনি দিতে বলেছে।
আন্টি: তাই, আচ্ছা দাড়াও দিচ্ছি।
আন্টি: এই নাও চিনি। তা তোমার মা আর কিছু বলেছে।
ছোটন: বলেছে ওই কিপ্টা মহিলা যদি না দেয় তাহলে সুমি আন্টির কাছ থেকে নিয়ে আসিস।

৩। শিক্ষক: বলতো বিল্টু, পৃথিবীতে মোট কয়টা দেশ?
বিল্টু: এটাতো খুবই সোজা, একটা।
শিক্ষক: (কিছুটা অবাক হয়ে) কিভাবে?
বিল্টু: কারণ বাকিগুলো তো সব বিদেশ।

৪। শব্দের পরিবর্তন খুবই ভয়ংকর হতে পারে, দেখে নেয়া যাক একটা ঘটনার মাধ্যমে....
পরীক্ষার হলে এক ছাত্র সম্রাট আকবরের জীবনী লিখছিল-
"আকবর ছিলেন খুব সাহসী যোদ্ধা, তিনি কখনও যুদ্ধক্ষেত্রে ভাঙ্গিয়া পড়িতেন না"
পেছন থেকে আরেক ছাত্র তার খাতা নকল করছিল, সবই ঠিকমত লিখছিল শুধু শেষ লাইনটা বুঝতে পারছিলনা। সে লিখল, " তিনি কখনও যুদ্ধক্ষেত্রে জাঙ্গিয়া পড়িতেন না"।

৫। চাকরি আর বিয়ের মধ্যে তফাৎ কি?
চাকরির ক্ষেত্রে আপনাকে জিজ্ঞেস করবেই, এই কাজে আপনার কত বছরের অভিজ্ঞতা?
অভিজ্ঞতা যত বেশি, চাকরির সম্ভাবনা ততো বেশি।
আর বিয়ের ক্ষেত্রে অভিজ্ঞতা থাকলেই মহাবিপদ। বিয়ে হওয়া তো দূরে থাক, মারের সম্ভাবনাও থাকে।

৬। বাবা বলল ছেলেকে, বলত রবীন্দ্রনাথ কে ছিলেন?
ছেলে বলল সাহিত্যিক। বাবা বলল না হলো না।
ছেলে বলল তাহলে কবি ছিলেন। বাবা: না তাও হলোনা।
ছেলে: বিরক্ত হয়ে বলল, তাহলে তুমি বল রবীন্দ্রনাথ কে ছিলেন?
বাবা: রবীন্দ্রনাথ অনেক বড় ঠাকুর ছিলেন।

৭। বল্টু, পল্টুকে বলল- কাল রাতে অনেক দেরিতে বাড়ি পৌছালাম, কলবেল বাজালাম কিন্ত আমার বউ দরজা খুলল না, সারারাত রাস্তায় ঘোরাঘুরি করে কাটাতে হলো।
পল্টু: প্রচন্ড কষ্টে রাতটা কাটল তোর। এ জন্যই মন খারাপ করে বসে আছিস না?
উল্টু: নারে... মনতো খারাপ হলো ভোরে, যখন মনে পড়ল যে বউতো তার বাপের বাড়ি গেছে আর চাবিটা আছে আমার পকেটেই।

৮। শিক্ষক: কাল রাতে কে কয়টা পর্যন্ত পড়েছিলি?
মন্টু: স্যার, আমি রাত ১২টা পর্যন্ত পড়েছিলাম।
শিক্ষক: কাল রাতে তো ৯টার পর কারেন্ট ছিলনা। তুই পড়লি কিভাবে?
মন্টু: ইয়ে...., স্যার মানে পড়ায় এত মনোযোগ ছিল যে কখন কারেন্ট চলে গেছে বুঝতেই পারিনি।



সংগ্রহ
**শেখ মো: এরশাদ বিন শহীদ**
রোল : সি-২২২

# Glimpes of Memorey

# Inauguration ceremony



Warm reception by Course Management Team at CEVTA



Course Co-ordinators are helping participants for registration




Guests are on stage in Inauguration ceremony of C-61$^{st}$ Foundation Training Course



Honorable guests in Inauguration ceremony

# Guest Speakers who enriched us



Participants with honorable Secretary, Ministry of Social Welfare





Participants with honorable GOC, Chittagong Cantonment



Participants with honorable Secretary, Legislative and Parliamentary Affairs Division

# Guest Speakers who enriched us



Participants with honorable Cabinet Secretary, Rector, BPATC



Mr. Mohammad Shafiul Alam, Honorable Cabinet Secretary in a session





Maj. Gen. Md. Shafiqur Rahman, SPP,afwc,psc, GOC, Chittagong Cantonment conducting session

# Guest Speakers who enriched us



Mr. Md. Nojibur Rahman, Honorable Secretary, IRD and Chairman, NBR in a session



A.L.M. Abdur Rahman ndc, Rector of BPATC conducting a session



Mr. Mohammed Shahidul Haque, honorable Law Secretary conducting session



Respected Course Advisor Mr. Md. Mizanur Rahman in session

# Victory Day, 2015 celebration:



Before paying homage to martyrs infront of the replica of national monument in CEVTA



One minute silence in honour of martyrs of our great liberation war



Paying homage for our great martyrs



Enjoying documentary show about our great liberation war

# 1st Mess Night




Two anchors of 1st mess night



Laugh unlimited….!



Duet song by two prominent singers



Reciting "Barbara Bidlarke" and Bacground Music of Flute by participants

# 1st Mess Night




CEVTA Rockstar is performing on stage!



A Garo traditional song singing by a participant




A famous 'Chittagonian' song performed by a participant



Chorus song by the participants

# 2nd mess night




Two anchors of 2nd Mess Night



'Baul' Song by a participant




Mesmerising performance



A rocking performance

# 2nd mess night



Dance Performance by a participant




A participant is Singing a modern song



Performing a Marma song




Funny talk show

# 3rd Mess Night



Chorus song by the Participants



Real Couple



Fashion Show




Winners of Debate with Honorable Course Advisor & Course Co-Advisor

# Field Attachment (Sunamganj)



Holyday hangout with nature

Adventurous journey in
Tanguar Haor





A pleasant boat trip

We secured 1st, 2nd and 3rd position in shooting competition arranged by district administration Sunamgonj/2016



# Field Attachment (Noakhali)



Picnic at Shubornochor



Unlimited masty!!!



Touch of nature at Shurjomukhi Beach



Refreshing moment after Nijhum Dwip adventure

# Field Attachment (Laxmipur)



Mathe ghate- pothe pantore



If we were fly in the sky



'A Journey by Boat' in Meghna river



We will develop this country

# Our visited places



## BPATC

Honorable Rector exchanging greetings with the participants of C-61st FTC at BPATC

## Chittagong Port

Visiting Chittagong Port





Presenting souvenir to Chittagong Port authority on behalf of C-61st FTC

## KEPZ

Korean scenery in Bangladesh!!!



# Our visited places



## BMA, Cantonment and Naval Academy Tour:

Shooting Practice at BMA



Horse Riding Practice in BMA by a participant




Joint Course Advisor is receiving souvenir from delegate of Chittagong Cantonment



A journey to deep sea arranged by Bangladesh Naval Academy

# Secretariat attachment




Secretariat attachment at Divisional Commissioner Office, Chittagong

Presenting Souvenir to Director, Local Government, Chittagong






Secretariat attachment at Office of the Deputy Commissioner, Chittagong

Presenting Souvenir to Deputy Commissioner, Chittagong



# Some glimpses of our activities at CEVTA:



Role play on Microcredit



When everyone is a poet



Very attentive participants



Very attentive participants

# Some glimpses of our activities at CEVTA:



Participants are busy with analytical activities



We are in Computer Lab



It's exam time!!




Book review presentation

# Sports



Final volleyball match between team Halda and team Karnafuly



Friendship Volleyball match between CMT and participants



Final matches of Badminton competition (Male)



Final matches of Badminton competition (Female)

# World class Football match between team Halda vs team Karnafuly



Course Advisor is introducing with both team



Attacking moment



Champion Team Karnafuly



Runner-Up Team Halda

# Prize Giving Ceremony of Sports



Before starting the Prize giving ceremony



Course director is giving prize to a participant for Table Tennis competition



Most brilliant volleyball player of C-61st FTC



Winner of Marathon is receiving prize from Course Advisor

# Prize Giving Ceremony of Sports



Two finalists of Table Tennis Competition (female)



Champions of Table Tennis Competition (male)



Course Co-Advisor is giving prize to physical instructor (male)



Course Co-Advisor is giving prize to physical instructor (female)

# Some moments of fun



Three Stooges



Selfie maniac



Selfie maniac



We are now child, don't mind

# We will never forget you!!







The smiling face of a talented bright officer who will not be seen anymore!!!



# ACHIEVEMENTS
# &
# BLESSINGS DURING
# the TRAINING

| Sl. | Name & Designation | Roll | Achievement/Blessings |
|---|---|---|---|
| 1. | Main UddinChowdhury | C-226 | Got Married |
| 2. | ChaithoailaChowdhury | C-228 | Blessing with a Daughter |
| 3. | Shaheda Sultana | C-223 | Awarded with 'RAB Bravery Award 2016 And Bangladesh Woman Police Award, 2016 in the category "Medal of Courage" |